The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 890 | 03 October 2025 | শুক্রবার ১৭ আশ্বিন ১৪৩২



Ilias Kanchan diagnosed with brain tumour, receiving treatment abroad
→ Page 18

Normalcy returning to Khagrachhari
→ Page 19





BNP-Jamaat rift widens over PR
→ Page 18

Trump says Harvard deal is close, university will pay $500 million
→ Page 19



# ইউনূসের খোয়াব ও ফখরুলের আয়না দর্শন

মনোয়ারুল ইসলাম



নোবেল লরিয়েট ড.ইউনূসের ফাঁদে ফখরুলরা। জাতীয়তাবাদী শক্তির উত্থান রুখতে রয়েছে দীর্ঘ পরিকল্পনা। ১৭টি বছর গুম, নির্যাতন, হত্যা, হামলা ও মামলা নিয়ে এই শক্তিটি টিকে ছিল। ছাত্রজনতার গণঅভ্যুত্থানে শতভাগ সর্মথন দিয়ে জুলাই বিপ্লবকে সফলতায় পৌঁছে দিয়েছে। কে নেতৃত্ব দিচ্ছে এই বিপ্লবে তা মুখ্য ছিল না। হাসিনার পতনই ছিল বিএনপি সহ সকল দল ও মতের প্রত্যাশা। কোটি জনতা সেদিন হাসনাত, সারজিস, আসিফ ও নাহিদদের পাশে দাঁড়িয়েছিল। এই কয়েকজন তরুণকে গোটা জাতি সর্মথন দিয়েছিল। যার মুল কারন ছিল ফ্যাসিবাদ শাসনের অবসান ঘটানো। বিপ্লবত্তোর সময়ে যে যার অবস্থানে ফিরে গেছেন। ছাত্ররা পড়ার টেবিলে ফিরে যাবেন এটাই ছিল স্বাভাবিকতা। দীর্ঘ ১৭ বছরের ভোটারবিহীন রাজনীতির অবসানের মধ্যদিয়ে অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের সূচনা হবে। গনতন্ত্র প্রিয় মানুষ উৎসবের আমেজে ভোট দেবেন। সাংবিধানিক ধারাবাহিকতায় জনপ্রতিনিধিত্বশীল একটি সরকার প্রতিষ্ঠিত হবে। কিন্তু দেশটি সে পথে হাঁটেনি। সংস্কার নামক একটি 'মূলা' ঝুলিয়ে জন প্রতাশার কবর রচিত হলো। বিভাজিত হলো জুলাই আন্দোলনের চেতনা। পড়ুয়া ছেলেগুলো ক্ষমতার চোরাবালিতে স্বপ্নবিলাসে ভেসে বেড়ালেন। ১৮ কোটি মানুষের অংহকারের নায়কেরা ছিটকে পড়লেন। তারা ভুলে গেলেন জনতা তাদের সর্মথন দিয়েছিল ফ্যাসিবাদের পতনের আন্দোলনে। মা তার শিশুর হাত ধরে রাস্তায় এসেছিল একটি গনতান্ত্রিক বাংলাদেশ দেখার জন্য। বিভাজিত রাজনৈতিক মব, চাঁদাবাজি ও উগ্রবাদের নাচ দেখবার জন্য নয়। বিপ্লবের পর জনতা যার যার অবস্থানে ফিরে গেছেন। আর আমাদের এরপর ৪৪ পৃষ্ঠায়





## যুক্তরাষ্ট্র স্টেট ডিপার্টমেন্টের প্রতিবেদন

# দুর্নীতির কারণে জিডিপি ২-৩ শতাংশ হ্রাস পাবে

হাসান মাহমুদ

বাংলাদেশের অন্তর্বর্তীকালিন সরকার প্রধান ড. মোহাম্মদ ইউনূস যখন ১০৪ জনের বিশাল লটবহর নিয়ে জাতিসংঘ অধিবেশনে নিউইয়র্ক সফর করছিলেন ঠিক সেই সময়ে যুক্তরাষ্ট্র সরকারের এরপর ৪৪ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

# কোন দল জিতবে সংসদ নির্বাচনে



কাজী জহিরুল ইসলাম

কী হবে আগামী নির্বাচনে? কোন দল ক্ষমতায় আসবে? বাংলাদেশের মানুষ স্বদেশে কিংবা প্রবাসে যে যেখানেই আছে মোটামুটি সকলেই এখন এই রকম একটা প্রশ্নের বৃত্তে ঘুরপাক খাচ্ছে। চব্বিশের জুলাই-আগস্ট অভ্যুত্থানের পর ছাত্ররা বিপ্লবী সরকার গঠন করবে, সত্যি সত্যিই এরপর ৪৪ পৃষ্ঠায়

# ড.ইউনূসের সফরে ৫ জনই প্রেস সচিব

আজকাল রিপোর্ট

জাতিসংঘে প্রধান উপদেষ্টা ড.মুহাম্মদ ইউনূসের দীর্ঘ সফরসঙ্গীদের তালিকা নিয়ে সমালোচনার ঝড় উঠেছে।সরকারি নথি ও বাংলাদেশের গণমাধ্যমে খবর বলছে, দায়িত্ব নেওয়ার পর প্রায় ১৪ মাসে ১৩ বার বিদেশ সফর করেছেন প্রধান উপদেষ্টা। এরপর ৩৪ পৃষ্ঠায়

# যুক্তরাষ্ট্রে ভোটার আইডি আবেদন গ্রহণ শুরু সোমবার

আজকাল রিপোর্ট





যুক্তরাষ্ট্রে ভোটার আইডি আবেদন গ্রহন শুরু সোমবার থেকে শুরু হবে। প্রবাসী বাংলাদেশি যাদেও ন্যাশনাল আইডি নেই তারা যুক্তরাষ্ট্রে বসেই আবেদন করতে পারবেন। যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাস, নিউইয়র্ক, লস এঞ্জেলস ও মায়ামীতে অবস্থিত কনস্যুলেট অফিসে এ আবেদন পত্র গ্রহন ও জমা দেয়া যাবে। প্রবাসীরা যাতে দেশের আগামী সংসদ নির্বাচনে ভোট দিতে পাওে সে লক্ষেই এ কার্যক্রম শুরু হয়েছে। গেল সপ্তাহে উল্লেখিত শহরগুলোতে বাংলাদেশ থেকে টেকনিক্যাল টিম এসেছে। তারা অফিস ও যন্ত্রপাতি স্থাপনে কাজ করছেন।

বৃহস্পতিবার রাতে আজকালের সাথে আলাপকালে নিউইয়র্কস্থ কনসাল জেনারেল মোজাম্মেল হক বলেন, আগামী সপ্তাহ থেকেই এরপর ৪৪ পৃষ্ঠায়

































NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAY CARE
# নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst — Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik Managed Care
MetroPlusHealth
SWH Senior Whole Health.





**FUHAD HUSSAIN**
LIFE & HEALTH INSURANCE AGENT



**MOHAMMAD ZAHID ALAM**
CHIEF FINANCIAL OFFICER



**SHAH NAWAZ MBA**
PRESIDENT & CEO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

CALL US NOW:
**718-516-3425**

SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

Off: 718-516-3425 | FAX: 646-568-6474
newyorksadc.com | intake@ny-sadc.com
116-33 Queens Blvd, Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C, Ozone Park, NY 11416

# সিনেটের বিতর্কে অবশেষে সরকার শাটডাউনে

আজকাল রিপোর্ট



ট্রাম্প প্রশাসনের পক্ষে শাটডাউন ঠেকানো সম্ভব হয়নি যুক্তরাষ্ট্রজুড়ে। ফলে যুক্তরাষ্ট্রের ফেডারেল সরকারের কার্যক্রম এখন বন্ধ হয়ে গেছে। সিনেটররা শেষ মুহূর্তের তহবিল বিল পাস করতে ব্যর্থ হওয়ার সাত বছরের মধ্যে প্রথম বারের মতো শাটডাউন দেখলো যুক্তরাষ্ট্র। ওয়াশিংটন ডিসিতে স্থানীয় সময় মঙ্গলবার মধ্যরাত থেকেই মার্কিন ফেডারেল সরকারের শাটডাউন আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে।

এর ফলে অপ্রয়োজনীয় খাতের কার্যক্রম বন্ধ থাকলেও জরুরি খাত যেমন সেনাবাহিনী, আইনশৃঙ্খলা বাহিনী ও এয়ার ট্রাফিক কন্ট্রোলারদের কাজ চালু থাকবে। তবে তারা আপাতত কোনো বেতন পাচ্ছেন না। ১৯৮০ সালের পর এ নিয়ে যুক্তরাষ্ট্রে ১৫তম শাটডাউন হলেও এবারের প্রেক্ষাপট ভিন্ন। মঙ্গলবার মার্কিন সিনেটে মধ্যরাতের সময়সীমা অতিক্রম করে তহবিল বাড়ানোর জন্য ভোট ব্যর্থ হওয়ায় এবং প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফেডারেল কর্মীদের অপসারণের মেয়াদ বাড়ানোর হুমকি দেওয়ার পর মার্কিন সরকার একটি সরকারি শাটডাউনের দিকে ঝুঁকে পড়ে।

শাটডাউন ঠেকাতে প্রয়োজনীয় ৬০টি ভোটের মধ্যে ৫৫-৪৫ ভোটের ব্যবধানে বিল পাসে ব্যর্থ হয় সিনেট। শেষ মুহূর্তের সমাধান অসম্ভব বলেই মনে হচ্ছিল, কারণ রিপাবলিকান এবং ডেমোক্র্যাটরা তাদের বিভেদ দূর করার কোনো লক্ষণই দেখাতে পারেনি।

গত কয়েক সপ্তাহ ধরে রিপাবলিকান ও ডেমোক্র্যাটদের মধ্যে বাজেট বিল নিয়ে তীব্র দ্বন্দ্ব এরপর ৪২ পৃষ্ঠায়

## আবু তাহের খোকন-এর 'মনের কথা' এখন নিউইয়র্কে







আকবর হায়দার কিরন

দেশে এবং প্রবাসে সুপরিচিত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ফটো সাংবাদিক আবু তাহের খোকন। জাতিসংঘ অধিবেশন ও বিভিন্ন আন্তর্জাতিক অনুষ্ঠানে বহু বছর ধরে নিউইয়র্কে আসছেন। বাংলাদেশী অধ্যুষিত জ্যাকসন হাইটস এলাকায় তাঁকে যেন শতবার দেখেছি। এবার তিনি আর আসতে পারেননি কিন্তু তাঁর প্রথম প্রকাশনা এসে গেছে আমাদের হাতে। এটা তাঁর প্রথম কাব্যগ্রন্থ। এ সম্পর্কে কবি নিজেই অকপটে লিখেছেন, 'মনের কথা' আমার একান্ত নিজস্ব এরপর ৩৬ পৃষ্ঠায়

## প্রবাহ'র সাহিত্য সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

প্রবাহ সাহিত্য সাংস্কৃতিক পরিষদ, যুক্তরাষ্ট্র এর ১১তম সাহিত্য সভা গত ২৭ অক্টোবর জ্যাকসন হাইটসের গ্রিন টাচ-এ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, শতাধিক গ্রন্থের প্রণেতা ও বিশিষ্ট টিভি উপস্থাপক ড. ইব্রাহীম খলিল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবীণ সাংবাদিক, সাপ্তাহিক এখন সময় সম্পাদক কাজী শামসুল হক। প্রবাহ'র আহ্বায়ক ড. আবুল কাসেমের সভাপতিত্বে অনুষ্ঠানের সঞ্চালনা করেন পরিষদের সদস্য সচিব সোহেল হামিদ। তরুণ প্রজন্মের নাকিব হামিদের কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার শুরু হয়। প্রধান অতিথি ড. ইব্রাহীম খলিল প্রবাসে সুস্থ সাহিত্য সাংস্কৃতিক আন্দোলনে প্রবাহ'র কার্যক্রমকে স্বাগত জানান ও এর অগ্রগতির জন্য কিছু পরামর্শ দিয়ে বলেন, ঢাকা এরপর ৩৪ পৃষ্ঠায়

## নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচন সরে দাঁড়ালেন এরিক অ্যাডামস

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটি নির্বাচনের মাত্র এক মাস আগেই নির্বাচনের রেস থেকে সরে দাঁড়ালেন বর্তমান মেয়র এরিক অ্যাডামস। গত ২৮ সেপ্টেম্বর সামাজিক মাধ্যমে সরে দাঁড়ানোর কারণ হিসাবে নির্বাচনী তহবিল না পাওয়াকে অন্যতম কারণ হিসেবে বর্ণনা করেন। তবে নির্বাচন থেকে সরে দাঁড়ালেও তিনি এখন পর্যন্ত কোন প্রার্থীকে সমর্থন জানাননি।

ভিডিও বার্তায় অ্যাডামস বলেন, সহিংস অপরাধ কমানো এবং শহরের উন্নয়নে কিছু সাফল্য থাকলেও 'অবিরাম গণমাধ্যমের জল্পনা' এবং নির্বাচনী তহবিল না পাওয়ায় তিনি প্রচারণা চালিয়ে যেতে পারবেন না।

২০২২ সালে ডেমোক্রেটিক দলের প্রার্থী হিসেবে নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচিত হন এরপর ৪০ পৃষ্ঠায়



## সিটি অফিসিয়ালদের সাথে ফ্রেন্ডস সোসাইটির মতবিনিময়

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির কুইন্স বরোর জ্যামাইকার হিলসাইড এভিনিউ পরিচ্ছন্ন রাখার কর্মসূচীর অংশ হিসেবে বরো এবং সিটি প্রশাসনের অফিসিয়ালদের সাথে মতবিনিময় করেছেন জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির সদস্যরা। গত ২৯ সেপ্টেম্বর দুপুরে স্থানীয় একটি রেস্টুরেন্টের মিলনায়তনে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় বরো প্রেসিডেন্টের প্রতিনিধি অফিস ছাড়াও সিটির এমটিএ, সানিটেশন, হেলথ প্রভৃতি বিভাগের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সভা শুরুর আগে ফ্রেন্ডস সোসাইটির নেতারা সিটি প্রশাসনের কর্মকর্তাদের নিয়ে হিলসাইড এরপর ৪০ পৃষ্ঠায়

## যুক্তরাষ্ট্র আ.লীগের উদ্যোগে হাসিনার জন্মদিন পালন

আজকাল রিপোর্ট

আওয়ামী লীগের সভাপতি ও গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ২৯তম জন্মদিন পালন করেছে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ। গত ২৮ সেপ্টেম্বর রাতে জ্যাকসন হাইটসের প্রিমিয়াম রেস্টুরেন্টে জন্মদিনের অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও আওয়ামী পরিবার এবং সকল সহযোগী অঙ্গসংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। তবে অনুষ্ঠানে কোন কেক কাটা হয়নি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা প্রদীপ রঞ্জন কর। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের দপ্তর সম্পাদক প্রকৌশলী মোহাম্মদ আলী সিদ্দিকীর পরিচালনায় অনুষ্ঠানে ছিল বিশেষ দোয়া ও এরপর ২৮ পৃষ্ঠায়



## ওজন পার্কে বর্ণাঢ্য পথমেলা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

ব্রুকলিনের ওজন পার্কের বাংলাদেশি অধ্যুষিত এলাকায় ২৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়ে গেল বর্ণাঢ্য পথমেলা। ওজোন পার্ক এলকার প্রিমিয়ার সুপার মার্কেট ও রাধুনি রেস্তোরার কাছেই লিবার্টি এভিনিউ ও গ্রেনমোর এভিনিউর মাঝে এলডার্ট লেনের উপর এ মেলায় বসে বাংলাদেশি বিভিন্ন পণ্য ও প্রতিষ্ঠানের স্টল। নারী উদ্যোক্তারাও তাদের পণ্যের পসরা সাজিয়ে বসেন। দিনভর হাজারো প্রবাসী বাংলাদেশিরা ঘুরে ঘুরে তাদের পছন্দের পণ্য সংগ্রহ করেন। কমিউনিটির সবার উপস্থিতিতে উৎসবমুখর হয়ে ওঠে মেলা প্রাঙ্গন। এতে এরপর ৪২ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

আমরা ৭ দিন খোলা
We are open 7 days



Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ




# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718–476–2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

# ডাকসু নির্বাচন নিয়ে বিতর্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন নিয়ে চলমান বিতর্ক ও তোলপাড় শিক্ষাঙ্গনের গণতান্ত্রিক পরিবেশের জন্য যে এক অশনিসংকেত, তা বলাই বাহুল্য। নীলক্ষেতে ব্যালট পেপার অরক্ষিত অবস্থায় ছাপানোর গুরুতর অভিযোগ থেকে এই বিতর্কের সূত্রপাত, যা ইতোমধ্যে নির্বাচনটির স্বচ্ছতা ও বৈধতা নিয়ে গভীর প্রশ্ন তুলেছে। কারও কারও মতে, নির্বাচন শেষ হওয়ার পরও এই অভিযোগের জেরে শিক্ষার্থীদের বিক্ষোভ, সামাজিক মাধ্যমে আলোচনা-সমালোচনা এবং বিভিন্ন প্যানেল ও শিক্ষক সংগঠনের পালটাপালটি বক্তব্য বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক ঐতিহ্যকে প্রশ্নের মুখে দাঁড় করিয়েছে।

উল্লেখ্য, ডাকসু নির্বাচনের আট দিন পর সাধারণ সম্পাদক পদে দাঁড়ানো এক স্বতন্ত্র প্রার্থীর সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে করা পোস্ট এবং পরে একটি বেসরকারি টিভি চ্যানেলের অনুসন্ধানী প্রতিবেদনে নীলক্ষেতের জালাল প্রিন্টিং প্রেস ও মক্কা পেপার কাটিং হাউজে ব্যালট পেপার ছাপানোর ঘটনা জনসমক্ষে আসে। প্রেসের মালিকের বক্তব্যের ভিন্নতা এবং সরবরাহের হিসাবে গরমিল (যেমন ৯৬ হাজার, ৮৮ হাজার বা ৮৬ হাজার ব্যালটের কথা) পরিস্থিতিকে আরও ঘোলাটে করেছে। যদিও সংশ্লিষ্ট এক সরবরাহকারীর দাবি, নীলক্ষেতে কেবল প্রাথমিক ছাপার কাজটি হয়েছে এবং সেগুলো ব্যবহার উপযোগী ব্যালট পেপার ছিল না, তবুও স্পর্শকাতর ব্যালট পেপারের মতো জিনিস অরক্ষিত অবস্থায় বহিরাগত স্থানে ছাপানো এবং তা নিয়ে বিতর্কের সৃষ্টি হওয়া নির্বাচন প্রক্রিয়ার পেশাদারি নিয়ে সন্দেহ জাগায় বৈকি। ভিপি পদে নির্বাচনে লড়াই করা এক স্বতন্ত্র প্রার্থীর মতে, এমন পরিস্থিতিতে প্রশাসনের পেশাদারির ব্যাপারে সন্দেহ তৈরির সুযোগ থাকে।

এদিকে ডাকসু নির্বাচনের প্রধান রিটার্নিং কর্মকর্তা এ ধরনের অনিয়মের কথা অস্বীকার করে জানিয়েছেন, এ বিষয়ে তদন্ত চলছে এবং দ্রুতই সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রতিবেদন প্রকাশ করা হবে। অন্যদিকে, বিএনপিপন্থি শিক্ষকদের সংগঠন সাদা দল অবিলম্বে নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন ও অভিযোগ প্রমাণিত হলে ফলাফল স্থগিত করে পুনরায় নির্বাচন দেওয়ার দাবি জানিয়েছে। আর ইউনিভার্সিটি টিচার্স লিংক (ইউটিএল) সাদা দলের বিবৃতিকে 'দ্বিচারিতা ও দ্বিমুখী আচরণ' বলে মনে করছে। তাদের মতে, যখন নির্বাচন পরিচালনার অধিকাংশ দায়িত্ব সাদা দলের শিক্ষকদের হাতে ছিল, তখন তাদের পক্ষ থেকে এমন অভিযোগ নৈতিক প্রশ্ন তোলে। তারা প্রশাসনকে অযৌক্তিক প্রশ্নের সুরাহা এবং শিক্ষার্থীদের ম্যান্ডেট কেড়ে নেওয়ার মতো কর্মকাণ্ড বন্ধের আহ্বান জানিয়েছে। ডাকসুর জিএস এসএম ফরহাদও সুনির্দিষ্ট প্রশ্নের অভাবকে 'পরিকল্পিত ষড়যন্ত্র' হিসাবে দেখছেন।

এই পরিস্থিতিতে শুধু দোষারোপের রাজনীতি বা পালটাপালটি বিবৃতি কাম্য নয়। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের উচিত দ্রুততম সময়ের মধ্যে স্বচ্ছ ও নিরপেক্ষ তদন্তের ফলাফল প্রকাশ করা। এ তদন্তে ব্যালট পেপার ছাপানোর পুরো প্রক্রিয়া, ব্যবহৃত কাগজ ও ব্যালট পেপারের সংখ্যা এবং কেন তা বিশ্ববিদ্যালয়ের বাইরে করা হলো-এসব বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা থাকা জরুরি। যদি নিয়মের ব্যত্যয় ঘটে থাকে, তবে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থাই কাম্য। ভুলে গেলে চলবে না, বিশ্ববিদ্যালয়ের গণতন্ত্র পুনরুদ্ধার এবং শিক্ষার্থীদের আস্থা ফিরিয়ে আনার জন্য সুস্পষ্ট ব্যাখ্যা ও দায়িত্বশীলতা প্রদর্শন অপরিহার্য। এটি কেবল ডাকসু নির্বাচনের ফলাফল নিয়ে নয়, বরং বাংলাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের গণতান্ত্রিক মূল্যবোধের ভবিষ্যতের জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর্তৃপক্ষ এ বিষয়ে আন্তরিকতার পরিচয় দেবে, এটাই প্রত্যাশা।

“ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের উচিত দ্রুততম সময়ের মধ্যে স্বচ্ছ ও নিরপেক্ষ তদন্তের ফলাফল প্রকাশ করা। এ তদন্তে ব্যালট পেপার ছাপানোর পুরো প্রক্রিয়া, ব্যবহৃত কাগজ ও ব্যালট পেপারের সংখ্যা এবং কেন তা বিশ্ববিদ্যালয়ের বাইরে করা হলো-এসব বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা থাকা জরুরি। যদি নিয়মের ব্যত্যয় ঘটে থাকে, তবে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থাই কাম্য। ভুলে গেলে চলবে না, বিশ্ববিদ্যালয়ের গণতন্ত্র পুনরুদ্ধার এবং শিক্ষার্থীদের আস্থা ফিরিয়ে আনার জন্য সুস্পষ্ট ব্যাখ্যা ও দায়িত্বশীলতা প্রদর্শন অপরিহার্য। এটি কেবল ডাকসু নির্বাচনের ফলাফল নিয়ে নয়, বরং বাংলাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের গণতান্ত্রিক মূল্যবোধের ভবিষ্যতের জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর্তৃপক্ষ এ বিষয়ে আন্তরিকতার পরিচয় দেবে, এটাই প্রত্যাশা”

# 'ড. ইউনূসের মধ্যে জিয়ার প্রতিচ্ছবি'

সামছুদ্দীন আজাদ



মির্জা ফখরুল বিএনপি'র মহাসচিব। তার বাবা মির্জা রুহুল আমিন স্বাধীনতা বিরোধী ছিলেন। স্বাধীন বাংলাদেশের বিরুদ্ধে গিয়ে পাকিস্তানের পক্ষে কাজ করেছেন। এমনকি মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে রাজাকার আলবদর - মুসলিম লীগ যারা ছিল তারা পাকিস্তানের পক্ষে শান্তি কমিটি করেছিল - মির্জা ফখরুলের বাবা মির্জা রুহুল আমিন সেই শান্তি কমিটির সদস্য ছিলেন। এই ফখরুল নাকি ড. ইউনূসের মধ্যে জিয়ার প্রতিচ্ছবি খুঁজে পান। তিনি প্রকারন্তরে সত্য কথাটা প্রকাশ করে ফেলেছেন - অর্থাৎ জিয়া এবং ইউনূসের মধ্যে অসাধারণ মিল খুঁজে পাওয়া যায়। এবার দুজনার মধ্যে কোথায় মিল আছে আর কোথায় অমিল আছে একটু পর্যালোচনা করলে পাঠকের বুঝতে সহজ হবে। অনেকে হয়তো ভাবতে পারেন আমি রাজনৈতিক প্রতিহিংসা থেকে এসব লিখছি, মনে রাখবেন প্রিয় পাঠক - একজন প্রকৃত লেখক কোনদিন জনসম্মুখে কোন মিথ্যা ইতিহাস বা মিথ্যা তথ্য উপস্থাপন করতে পারে না। কোন মিথ্যা বা ভুল তথ্য কোন পাঠক সহজ ভাবে মেনে নেবে না। যারা রাজনৈতিকভাবে দেউলিয়া লেখাপড়া নাই অর্থাৎ অশিক্ষিত চরমপন্থী - শুধু তাদের গায়ে জ্বালাপোড়া শুরু হয়ে যায় সত্য ইতিহাস যখন সামনে আসে। আর যারা প্রকৃত দেশপ্রেমিক, যাদের শুভ বুদ্ধির উদয় হবে তারা এমন ঘটনা বা কাহিনীকে জানার পর এর সত্যতা খুঁজবে - এরপর বিবেচনা করবে প্রকৃত ঘটনা আসলে কি? প্রথমে আসছি জিয়া প্রসঙ্গে - জিয়া আসলে কে ছিলেন? জিয়া একজন কমান্ডার ছিলেন ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে। ১০ টি সেক্টরের ১টি সেক্টর এর অধিনায়ক ছিলেন এই জিয়া। তার এই সেক্টরের নাম ছিল ইংরেজি জেড ফোর্স যা চট্টগ্রামে ছিল। ১৯৭১ সালের ২৫ শে মার্চ কাল রাত্রিতে যখন পাকিস্তানি বর্বর মিলিটারি ঘুমন্ত বাঙালির উপর ঝাঁপিয়ে পড়েছিল ঠিক তখনই পাকিস্তানি সেনারা ধানমন্ডির ৩২ নম্বরে হানা দিয়ে বাঙালির জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আটক করে সরাসরি পাকিস্তানের কারাগারে নিয়ে বন্দি করে রাখে দীর্ঘ ৯ মাস। এরই মধ্যে তৎকালীন পূর্ব পাকিস্তানের সেনাবাহিনী - পুলিশ বাহিনী -বিডিআরসহ সকল নিরাপত্তা বাহিনী পাকিস্তানের বিরুদ্ধে প্রতিরোধ যুদ্ধের ঘোষণা দেয় এবং সম্মুখ যুদ্ধে লিপ্ত হয়ে প্রতিরোধ গড়ে তোলে। এরই মধ্যে চট্টগ্রাম বেতার কেন্দ্র থেকে স্বাধীনতার ঘোষণা পাঠ করেন - বঙ্গবন্ধুর নামে চট্টগ্রামের আওয়ামী লীগ নেতা এম এ হান্নান ২৬ শে মার্চ। জিয়া যেহেতু চট্টগ্রামে ছিল তারা তাদের ফোর্স সহ চট্টগ্রামের সাতকানিয়ায় অবস্থান করেছিলেন- তাকে সেখান থেকে চট্টগ্রাম কালুর ঘাটের অস্থায়ী বেতার কেন্দ্রের পরিচালক বেলাল মোহাম্মদ সহ অন্যান্য কর্মকর্তারা জিয়াকে কালুরঘাট বেতার কেন্দ্রে ডেকে আনেন ২৭ শে মার্চ ১৯৭১ সালে এবং তাকে অনুরোধ করেন স্বাধীনতার ঘোষণা পাঠ করতে। যেহেতু তিনি একজন মিলিটারি মেজর - তার কণ্ঠ মানুষ যখন বেতার কেন্দ্রে শুনবে তখন তারা উজ্জীবিত হবে - তখন তিনি সেই দিন সেই ঘোষণাটি পাঠ করেন কালুরঘাট বেতার কেন্দ্রে। এভাবেই - "আই মেজর জিয়া হেয়ার বাই ডিক্লেয়ার দ্যা ইনডিপেনডেন্স অফ বাংলাদেশ অন বিহাফ অফ আওয়ার গ্রেট লিডার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।" অথচ এই ঘোষণা পাঠ করা নিয়ে জিয়া কোন দিন কোন বিতর্ক তৈরি করেনি অথবা নিজেকে স্বাধীনতার ঘোষক বলে দাবি করেননি। জিয়াকে হত্যার পর প্রেসিডেন্ট সাত্তার কোনদিন এসব নিয়ে বিতর্ক করেননি, ১৯৯০ সালে স্বৈরাচারী এরশাদের পতনের পর যখন ১৯৯১ সালের ২৭ ফেব্রুয়ারির নির্বাচনে বেগম জিয়া প্রধানমন্ত্রী নির্বাচিত হন তখন থেকে জিয়াকে স্বাধীনতার ঘোষক দাবি করে দেশের রাজনীতিতে সংঘাত তৈরি করেন, বঙ্গবন্ধুকে বিতর্কিত করার জন্য ৭৫ এর খুনীদের প্ররোচনায় - আর জামাতিদের প্ররোচনায় বেগমজিয়া দেশে সংঘাতের রাজনীতির সূচনা করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জিয়ার পরামর্শে এবং পৃষ্ঠপোষকতায় ৭৫ এর খুনিরা বঙ্গবন্ধুকে খুন করে, এই খুনিদের বিদেশে পালিয়ে যেতে সাহায্য করেছেন। আবার খুনিদের পররাষ্ট্র মন্ত্রণালয়ে চাকরি দিয়ে পুরস্কৃত করেছেন খুনিদের, তাদের রক্ষা করতে ইন্ডিমানিটি অধ্যাদেশ জারি করেন জিয়া। ১৯৭৫ সালের ১৫ আগস্ট এর পর ১৯৭৫ সালের ৩রা নভেম্বর জেল হত্যায় তার সম্পৃক্তা রয়েছে। জিয়া সামরিক কোর্ট মার্শাল বসিয়ে এক মিনিটের মধ্যে রায় ঘোষণা করে - সেনাবাহিনী, বিমান বাহিনী, নৌবাহিনীর সকল মুক্তিযোদ্ধা অফিসারদের হত্যা করেন। যুদ্ধাপরাধী রাজাকার এরপর ২০ পৃষ্ঠায়

“জিয়া ছিল ১৯৭১ সালে পাকিস্তানের এজেন্ট, আর ড. ইউনূস ২০২৪ সালে আমেরিকার নির্দেশনায় পাকিস্তানের এজেন্ট হয়ে বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতা দখল করেন। বাংলাদেশকে পাকিস্তান বানানোর সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করেন। জিয়া এবং ইউনূসের মধ্যে যে অপূর্ব মিল রয়েছে আর সেই কারণেই মির্জা ফখরুল ইউনূসের চেহারায় জিয়াকে খুঁজে পান একজন স্বৈরাচারী হিসেবে”

# রাষ্ট্র হিসেবে স্বীকৃতি: ফিলিস্তিনিদের দেওয়া এক ফাঁপা উপহার

গিডিয়ন লেভি



যেদিন বিশ্ব ফিলিস্তিনকে একটি রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিল, সেদিন আমি ও আলোকচিত্রী অ্যালেক্স লেভ্যাক গিয়েছিলাম পশ্চিম তীরের পূর্ব প্রান্তে অবস্থিত একটি ফিলিস্তিনি গ্রামে। তার আগের দিনই কাছেই অবৈধভাবে গড়ে তোলা (ইহুদি) বসতি থেকে কয়েকজন গিয়ে গ্রামটিতে হানা দেয় ও অস্ত্রের জোরে রীতিমতো ডাকাতি করে ডজনখানেক মেষ নিয়ে আসে।

যেদিন জাতিসংঘে দ্বিরাষ্ট্র সমাধানবিষয়ক উচ্চপর্যায়ের সম্মেলন অনুষ্ঠিত হয় এবং যেদিন ১০টি পশ্চিমা দেশ, ইতিমধ্যে যারা এই 'কল্পিত' রাষ্ট্রকে স্বীকৃতি দিয়েছে, তাদের কাতারে যোগ দেয়, সেদিন পশ্চিম তীরের অ্যালন রোডে প্রায় কোনো ফিলিস্তিনি যানবাহন দেখা যায় না। কারণ, পশ্চিম তীরের প্রায় সব রাস্তাই এখন লৌহকপাট দিয়ে আটকানো। ইসরায়েলি সামরিক কমান্ডারদের খেয়ালখুশিমতো সেগুলো খোলা ও বন্ধ করা হয়।

যেদিন ১৫৯তম দেশটি স্বপ্নের সেই রাষ্ট্রকে স্বীকৃতি দিল, সেদিন ৮১ বছরের বৃদ্ধ মেষপালক সাদেক ফারহান নিজ ঘরে শুয়ে শুয়ে যন্ত্রণায় কাতরাচ্ছিলেন। আগের দিনই একদল বসতি স্থাপনকারী তাঁকে লাঠি দিয়ে নির্মমভাবে প্রহার করে, তাঁর বয়সের দিকে না তাকিয়ে। এতে তাঁর দুই বাহু ভেঙে যায়। পাশে বসা তাঁর নাতির মাথায় ব্যান্ডেজ বাঁধা দেখতে পাই আমরা। বসতকারীদের ডাকাতিতে সে-ও আক্রান্ত হয়েছে।

ইসরায়েলি পুলিশ ত্বরিতগতিতে ফিলিস্তিনি মেষপালকদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করে। কোনো রকম তদন্ত ছাড়াই বলে বসে যে তারাই বসতকারীদের বাড়িতে ডাকাতি করতে গিয়েছিল। হায়! নতুন স্বীকৃত রাষ্ট্রটির কোনো পুলিশ বাহিনী নেই নিজ অধিবাসীদের রক্ষা করার জন্য।

যেদিন ফ্রান্সের প্রেসিডেন্ট তাঁর একটি কূটনীতিক বিজয় উদ্‌যাপন করলেন (ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দিয়ে), ফিলিস্তিনিদের নিজ রাষ্ট্র পাওয়া যেন আগের চেয়ে আরও দূরে সরে গেল। আর কোনো সময়েই একটি (স্বাধীন ফিলিস্তিন) রাষ্ট্রের স্বপ্ন মাঠের বাস্তবতা থেকে এত বিচ্ছিন্ন প্রতীয়মান হয়নি। এই রাষ্ট্রের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসকে যুক্তরাষ্ট্রে আসার অনুমতি দেওয়া হয়নি তাঁরই দেশ নিয়ে জাতিসংঘের সম্মেলনে যোগ দিতে, যা স্পষ্টতই জাতিসংঘের সঙ্গে যুক্তরাষ্ট্রের চুক্তির নির্লজ্জ এক লঙ্ঘন।

আবার ঠিক একই সময়ে আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) মোস্ট ওয়ান্টেড হওয়া ব্যক্তিটি মানে মানবতার বিরুদ্ধে অপরাধ সংঘটনের দায়ে অভিযুক্ত ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু নিউইয়র্ক-যাত্রার প্রস্তুতি নিচ্ছিলেন। যে রাষ্ট্রকে এখন প্রায় গোটা বিশ্ব 'স্বীকৃতি' দিয়েছে, সে রাষ্ট্রের প্রেসিডেন্ট জাতিসংঘের সাধারণ পরিষদে যোগ দিচ্ছেন ভিডিও সংযোগের মাধ্যমে, আর আইসিসির মোস্ট ওয়ান্টেড তালিকার শীর্ষে থাকা ব্যক্তিটি সশরীর উপস্থিত থেকে বক্তব্য দিচ্ছেন।

যেদিন বিশ্ব একটি ফিলিস্তিনি রাষ্ট্রকে স্বীকৃতি দিল, সেদিন গাজায় ৬১ জন মানুষ নিহত হলো। তার আগে ও পরে, বলতে গেলে প্রতিদিনই সমসংখ্যক মানুষ গাজায় নিহত হয়েছে, হচ্ছে। এই স্বীকৃতি তো গাজার অন্তত একটি শিশুকেও (ইসরায়েলি) বোমার হাত থেকে রক্ষা করতে পারবে না। গাজা এখন মানুষের বসবাসের অযোগ্য হয়ে গেছে আর পশ্চিম তীরে বসবাসকারী ফিলিস্তিনিদের অবস্থাও সেদিকে অগ্রসর হচ্ছে।

আমার মতো যাঁরা মরিয়া হয়ে আশা করছিলেন যে অন্য কিছু ঘটার আগে সারা বিশ্ব জরুরি ভিত্তিতে এক নাটকীয় পদক্ষেপ নেবে গাজার পদ্ধতিগত হত্যাকাণ্ড ও ধ্বংসযজ্ঞ তাৎক্ষণিকভাবে বন্ধ করতে, তাহলে তাঁরা হতাশ হয়েছেন। কেননা এর বদলে এমন কিছু ঘটল, যা পরিস্থিতিকে আরও খারাপ করবে।

যে বৃদ্ধ মানুষটা মার খেয়ে ঘরে পড়ে কাতরাচ্ছেন, তিনি এই স্বীকৃতির কথা কখনো শুনেছেন কি না, সন্দেহ আছে। ব্রিটিশ ও ফরাসিদের ঘোষণা তাঁর জীবনে কোনো পরিবর্তন আনবে না। এমনকি যদি অ্যান্ডোরা ও মনাকো এ ঘোষণায় যোগ দেয়, তাতেও তাঁর ভাগ্যের কোনো পরিবর্তন হবে না। তাঁর কাছ থেকে যে মেষ চুরি করে নিয়ে যাওয়া হয়েছে, তা তিনি কখনোই ফিরে পাবেন না, এমনকি যদি লুক্সেমবার্গও স্বীকৃতি দিতে এগিয়ে আসে।

গোটা বিশ্ব, বিশেষত নিজেদের ন্যায়বান দাবি করা ইউরোপ, সপ্তাহজুড়ে গাজা ও পশ্চিম তীরের ভুক্তভোগীদের শুধু মুখে মুখেই বড় বড় প্রতিশ্রুতি দিয়েছে। যখন গাজায় জেনোসাইড অব্যাহত আছে, যখন পশ্চিম তীরে বসতি স্থাপনকারীরা সেনাবাহিনীর সঙ্গে মিলে ভয়াবহ সহিংসতা চালাচ্ছে, তখন সারা দুনিয়া তার ন্যূনতম অবশ্যকর্তব্য পালন করছে এমন একটি রাষ্ট্রকে স্বীকৃতি দিয়ে, যা কখনোই বাস্তবায়িত হবে বলে মনে হয় না।

আহা, একটা রাষ্ট্রকে স্বীকৃতি দেওয়া কত-না সহজ, আর একটা গণহত্যা তথা জেনোসাইড বন্ধ করা কত-না কঠিন! ইসরায়েল তো (ফিলিস্তিন রাষ্ট্রের স্বীকৃতিকে) যথারীতি 'ইহুদিবিদ্বেষ' বলে চিৎকার করে নিন্দা জানাচ্ছে। ইসরায়েলের সব ইহুদি রাজনৈতিক বিরোধী দল সরকারের সঙ্গে যোগ দিয়েছে এই নিন্দাবাদে।

বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানেরা এখন নিজেদের ও সেখানকার বিক্ষুব্ধ নাগরিকদের বুক এরপর ২০ পৃষ্ঠায়

“গাজা তো প্রায় ধ্বংস হয়ে গেছে, পশ্চিম তীর রূপ নিয়েছে একগুচ্ছ বানতুস্তানে, যেখানে কোনো রাষ্ট্র গঠনের উপায় নেই। আপনি কি গাজার টিকে থাকা নগণ্য অংশকে রক্ষা করতে চান? তাহলে এক্ষুনি ইসরায়েলের ওপর কঠোর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে। আপনি কি দীর্ঘমেয়াদি কিছু করতে চান? তাহলে জর্ডান নদী থেকে ভূমধ্যসাগর পর্যন্ত সব মানুষের জন্য গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে”

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# প্রবাসীদের আচরণ এবং দেশের ভাবমূর্তি

মোহাম্মদ আনোয়ার

বাংলাদেশি প্রবাসীরা শুধু বিদেশে কর্মরত নাগরিক নন, তারা একেকজন জীবন্ত রাষ্ট্রদূত। যেখানে দাঁড়ান, যেভাবে কথা বলেন বা সামাজিক যোগাযোগমাধ্যমে যা লেখেন-সবকিছুতেই বাংলাদেশের ছায়া প্রতিফলিত হয়। তাদের আচরণ শুধু ব্যক্তিগত নয়; তা অনিচ্ছাসত্ত্বেও পুরো জাতির প্রতিচ্ছবি হয়ে ওঠে।

বিদেশে পরিচয় দিতে গিয়ে যখন বলা হয়, 'আমি বাংলাদেশ থেকে এসেছি'; তখনই কাঁধে ভর করে দেশের সুনাম বা অসম্মানের ভার। তাই প্রতিটি পদক্ষেপে সচেতনতা, সংযম ও দায়িত্বশীলতা অপরিহার্য।

একটিমাত্র শালীন মন্তব্য বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে পারে, তেমনি অসচেতন আচরণ মুহূর্তেই সেই ইমেজকে প্রশ্নবিদ্ধ করে।

বৈশ্বিক প্রেক্ষাপটে বাংলাদেশের অর্থনীতি, সংস্কৃতি ও রাজনীতি আলোচনায় আছে। প্রবাসীদের উচিত নিজেদের এমনভাবে উপস্থাপন করা, যাতে বাংলাদেশ পরিচিত হয় পরিশ্রমী, শান্তিপ্রিয় ও মর্যাদাশীল জাতি হিসেবে।

সত্য, যুক্তি ও ভদ্রতার মাধ্যমে মতপ্রকাশ করলে প্রবাসীরা হবেন দেশের প্রকৃত দূত; বিভাজন, হিংসা বা অপমানের আশ্রয় নিলে ক্ষতিগ্রস্ত হবে শুধু নিজেদের নয়, পুরো বাংলাদেশ।

সম্প্রতি জাতিসংঘ অধিবেশনের সময় নিউইয়র্কে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে কেন্দ্র করে ঘটে যাওয়া ঘটনা দেশের জন্য গভীর চিন্তার বিষয়। কিছু প্রবাসী বাংলাদেশি তাকে ঘিরে বিক্ষোভ করেছেন, 'গো ব্যাক' ধরনের স্লোগান উচ্চারণ করেছেন, আবার অনেকে স্বাগত জানিয়েছেন। এমন পরিস্থিতিতে প্রতিনিধির ওপর ডিম ছোড়া এবং গালাগালি-এটি শুধুই রাজনৈতিক ভিন্নমতের প্রকাশ নয়; এটি দেশের ভাবমূর্তির ওপর সরাসরি আঘাত।

প্রশ্ন আসে-প্রবাসী বাংলাদেশিরা কি বুঝছে তাদের আচরণের আন্তর্জাতিক প্রভাব? বিদেশে এমন বিভাজন দেশের নাম কতটা দুর্বল করে? এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ-কীভাবে প্রবাসীদের মধ্যে সচেতনতা, সংযম ও দায়িত্ববোধ নিশ্চিত করা যায়, যাতে ব্যক্তিগত মতামত কখনো দেশের ইমেজকে ক্ষতিগ্রস্ত না করে?

যদি প্রবাসীরা এ দায়িত্বকে হালকাভাবে নেন, তাহলে ক্ষতিগ্রস্ত হবে শুধু ব্যক্তিগত ইমেজ নয়, পুরো জাতির মর্যাদা। আর যদি তারা সচেতনভাবে নিজেদের আচরণ পরিচালনা করেন, তবে তারা দেশের প্রকৃত দূত হয়ে দাঁড়াবেন।

বর্তমান পরিস্থিতি স্পষ্ট বার্তা দেয়-প্রবাসী বাংলাদেশির আচরণ আর দেশের ভাবমূর্তির মধ্যে সম্পর্ক এতই গভীর যে, এ বিষয়ে অবহেলা কোনো বিকল্প নয়।

এখানে বিষয়টা হলো, এমন প্রকাশ্য বিরোধ বিদেশি মিডিয়ার কাছে সবসময় দেশের ইতিবাচক ইমেজ তৈরি করে না। সাধারণ বিদেশিরা তো বাংলাদেশের রাজনীতি বোঝে না, তারা শুধু দেখে আমরা নিজেদের মানুষকে নিয়ে চিৎকার করছি, ব্যানার নিয়ে ঝগড়া করছি।

এতে করে দেশের ভেতরের বৈধ সমালোচনা বা অভিযোগও অনেক সময় অকার্যকর হয়ে যায়।



অবশ্যই কথা বলার অধিকার সবার আছে। কেউ যদি সংখ্যালঘু নির্যাতনের কথা বলেন, মানবাধিকার নিয়ে প্রশ্ন তোলেন, সেটা গুরুত্বপূর্ণ বিষয়।

কিন্তু এ বক্তব্য প্রকাশের ধরনটা যেন ভদ্র, তথ্যভিত্তিক আর সংযমী হয়-এটাই মূল প্রত্যাশা। বিদেশে দাঁড়িয়ে ব্যক্তিগত অপমান, গালি বা শারীরিক হুমকি দেখালে সেটা আর রাজনৈতিক দাবি থাকে না, বরং দেশের মর্যাদা ছোট করে।

আমাদের ভুলে গেলে চলবে না, বিদেশে প্রবাসীরা শুধু ব্যক্তি নয়, তারা বাংলাদেশের মুখপাত্রও বটে।

আমরা যদি ভদ্রভাবে, প্রমাণসহ কথা বলি, তাহলে আমাদের অবস্থান বিদেশিদের চোখে বিশ্বাসযোগ্য হবে। আর যদি শুধু ঝগড়া, উত্তেজনা আর বিতর্কের ছবি তুলে ধরি, তাহলে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হবে।

তাই আজকের বাস্তব শিক্ষা হলো-যে দলেরই সমর্থক হই না কেন, প্রবাসী হিসেবে আমাদের দায়িত্ব দেশের নাম ও মর্যাদা রক্ষা করা। সমালোচনা করা অবশ্যই উচিত, কিন্তু তা হতে হবে সংযম, যুক্তি এবং সভ্যতার মাধ্যমে, যাতে বৈধ কথাবার্তাই আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছায়।

বিদেশে যে একটিমাত্র আচরণও বাংলাদেশের ভাবমূর্তিকে প্রভাবিত করতে পারে, তা প্রমাণিত। তাই আমাদের উচিত এমনভাবে নিজেদের উপস্থাপন করা, যাতে আন্তর্জাতিক সম্প্রদায় বাংলাদেশকে একটি সংহত, দায়িত্বশীল ও মর্যাদাশীল জাতি হিসেবে দেখে। এ সচেতনতা শুধু ব্যক্তিগত দায়িত্ব নয়; এটি দেশের কূটনৈতিক ও সাংস্কৃতিক অবস্থান দৃঢ় করার একটি অঙ্গ।

লেখক: দুবাই প্রবাসী।



আর যদি শুধু ঝগড়া, উত্তেজনা আর বিতর্কের ছবি তুলে ধরি, তাহলে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হবে। তাই আজকের বাস্তব শিক্ষা হলো-যে দলেরই সমর্থক হই না কেন, প্রবাসী হিসেবে আমাদের দায়িত্ব দেশের নাম ও মর্যাদা রক্ষা করা। সমালোচনা করা অবশ্যই উচিত, কিন্তু তা হতে হবে সংযম, যুক্তি এবং সভ্যতার মাধ্যমে, যাতে বৈধ কথাবার্তাই আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছায়। বিদেশে যে একটিমাত্র আচরণও বাংলাদেশের ভাবমূর্তিকে প্রভাবিত করতে পারে, তা প্রমাণিত। তাই আমাদের উচিত এমনভাবে নিজেদের উপস্থাপন করা, যাতে আন্তর্জাতিক সম্প্রদায় বাংলাদেশকে একটি সংহত, দায়িত্বশীল ও মর্যাদাশীল জাতি হিসেবে দেখে। এ সচেতনতা শুধু ব্যক্তিগত দায়িত্ব নয়; এটি দেশের কূটনৈতিক ও সাংস্কৃতিক অবস্থান দৃঢ় করার একটি অঙ্গ

# পুলিশও মানুষ: হাইওয়েতে দৃষ্টান্ত

মোস্তফা কামাল

সংস্কার প্রশ্নে ধীরগতির শিকার পুলিশ। অথচ আইনশৃঙ্খলা বাহিনী বলতে মানুষ সবার আগে চেনে পুলিশকে। তারপর সেনা, র‍্যাব, বিজিবি, আনসারসহ অন্যান্য বাহিনী। সামাজিক-রাজনৈতিক স্থিতিশীলতা ও নির্বাচন প্রশ্নেও পুলিশ বেশি প্রাসঙ্গিক। তাদের ওপর নির্ভর করে সুষ্ঠু ভোটসহ পাওয়ারমুক্ত নির্বাচন ও নতুন গণতান্ত্রিক সরকারের অভিষেক। পুলিশি রাষ্ট্র কাম্য নয়, পুলিশবিহীন রাষ্ট্রও কল্পনা করা যায় না। টপ টু বটম সবাইকে বাদ দিয়ে, নতুন নিয়োগ দিয়ে ফ্রেশ পুলিশও অসম্ভব। যারা আছে তাদের ওপরই নির্বাচনের সময় অনিবার্যভাবে নির্ভর করতে হবে সরকারকে। নির্বাচনী কাজে তারা অভিজ্ঞ, প্রশিক্ষণসমৃদ্ধ। কিন্তু টানা তিন মেয়াদের নির্বাচনে তারা পেয়েছে উল্টো প্রশিক্ষণ। মাত্রাগতভাবে অভিজ্ঞতা বেশি হয়ে গেছে রাতের ভোট, বিনা ভোট, আমি-ডামি ভোটে। এসব ভোটে কনস্টেবল থেকে তখনকার আইজি পর্যন্ত পুলিশের অনেকের দানবীয় ভূমিকা গোটা পুলিশ বাহিনীকে জনশত্রুর কাতারে এনে ঠেকিয়েছে। সেখান থেকে পুলিশকে উদ্ধারের চেষ্টায় যারপরনাই চেষ্টায় সরকার। কিন্তু এক পা এগোলে দুই পা পেছানোর অবস্থা।



গেল সরকার আমলে নানা ক্রিয়াকর্মে পুলিশকে শুধু বিরোধী দলের যমে পরিণত করা হয়নি, সাধারণ জনতার প্রতিপক্ষও বানিয়ে দেওয়া হয়েছে। ক্ষেত্রবিশেষে পুলিশকে মানুষের জাতভুক্তই রাখা হয়নি। বাহিনীটির সেই ক্ষত এখনো সারেনি। ঘোষণা দিয়ে দলীয়বৃত্তে ঢুকে দলান্ধ বাহিনী হওয়ার মধ্য দিয়ে ঘৃণা-ক্ষোভের ওই জায়গা থেকে পুলিশ এখনো ঘুরে দাঁড়াতে পারেনি। পুলিশের বেশিরভাগ সদস্যই নিজেদের আমলনামা পরিষ্কার করে বদনাম ঘোচাতে চান। দলের বাহিনী না হয়ে পুলিশ বাহিনীর সদস্য হতে চায়। মানুষ মেরে, জঙ্গি কাহিনি বানিয়ে বিপিএম-পিপিএম হাতাতে চায় না সবাই। 'জনগণের বন্ধু' না হোক, এ সমাজেরই অংশীজন হতে চায়। সেখানেও বড় বাধা নানা ফাঁকে উতরে যাওয়া সেই দানবীয় পুলিশ কর্মকর্তারা।

লাজশরম ভুলে একসময় আওয়ামী লীগ বন্দনায় লিপ্ত পুলিশ কর্মকর্তাদের কেউ কেউ বোল ও রং বদলে এখন বিপরীত দলান্ধতায় মত্ত। গেল সরকারের চরম-গরম সুবিধা হাতানোতে এক্সপার্ট বেশ কিছু পুলিশ কর্মকর্তা এরই মধ্যে পদোন্নতি-পদায়ন বাগিয়ে ডিআইজি, অতিরিক্ত ডিআইজিসহ কত কিছু! পাকা অভিজ্ঞতা দৃষ্টে তা হয় মোটা অঙ্কে, নইলে রাজনৈতিক তদবিরে। এ কাজে তারা দীর্ঘদিনের পটু। হাতে টাকাও অনেক। খরচ করে অভ্যাস। সরকারের প্রভাবশালী কতক ব্যক্তি, ধুরন্ধর নেতাদের হাত করেও কামিয়াবি অনেকে। আওয়ামী লীগ সরকারের ১৫ বছরে তাদেরই কেউ কেউ বিএনপিসহ বিরোধীদলীয় নেতাকর্মীদের মামলা, হামলা, গ্রেপ্তার; এমনকি গুম-খুনে ক্যারিশমা দেখানো। বছরের পর বছর বিভিন্ন জেলায়, মেট্রোপলিটনে, ডিবিতে, সোয়াটে, সিটিটিসিসহ বিভিন্ন ইউনিটে ছিলেন পরাক্রমশালী। জঙ্গি নাটক সাজিয়ে বহু নিরপরাধ মানুষের জীবন ছারখার করে নিজেরা সমৃদ্ধ হয়েছেন।

ক্ষমতাচ্যুত শেখ হাসিনার শেষ ১১ বছরে পুলিশ পদক পান ১ হাজার ৬৫৬ জন। বিরোধী দলমতকে দমনপীড়ন, গুম-খুন ও জঙ্গিনাটক মঞ্চায়নসহ বিতর্কিত কর্মকাণ্ডে জড়িতদের দেওয়া হয় এসব পদক। পদক দেওয়া হয় তিনটি বিতর্কিত নির্বাচনে দায়িত্ব পালনকারীদেরও। এর মধ্যে সবচেয়ে বেশি পদক দেওয়া হয় 'রাতের ভোট'খ্যাত ২০১৮ সালের নির্বাচনে দায়িত্ব পালনকারীদের। শেখ হাসিনার আমলে নিয়োগ পাওয়া সব আইজিপি এসব পুরস্কারে ভূষিত হয়েছেন। পদকের বাইরেও নানা সুযোগ-সুবিধা হাতানোর কর্মে সাবেক এসবি প্রধান মনিরুল ইসলাম, সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমান, সাবেক আইজিপি বেনজীর আহমেদের যোগ্য ফলোয়ার হিসেবে তাদের টাকার পাহাড় গড়া ওপেন সিক্রেট। সিনা টান করে বিনাভোটে এমপি বানানো, দিনের ভোট রাতে সেরে ফেলা, ডামি-আমি, নৌকা-ঈগল-ট্রাকে ভোট ভাগ করার অভিজ্ঞ এ পুলিশ কর্মকর্তারা আসন্ন নির্বাচনে কী ভূমিকা রাখবেন, তা ভাবনার বিষয়। তাদের নির্বাচনী দায়িত্বের ধারেকাছে রাখা হবে না বলে একাধিকবার জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল জাহাঙ্গীর আলম চৌধুরী।

তার খুব কনফিডেন্ট তারা বাধা সৃষ্টি করতে পারবেন না। কিন্তু সেই এক্সপার্টিজম তারা কোনো কাজে না লাগিয়ে আঙুল চুষবেন? এসপি, ডিআইজি-অ্যাডিশনাল ডিআইজিসহ নানা পদে সেই কর্মকর্তাদের কেউ কেউ এখনো পুলিশ হেডকোয়ার্টারে পদায়িত। কাজ করছেন গুপ্ত বাহিনীর সোল এজেন্ট হয়ে। সিআইডি, পিবিআই, এটিইউ, এপিবিএন হেডকোয়ার্টারে সরকারি টাকায় সরকারি বাড়ি-গাড়ি ব্যবহার করে এজেন্ডা মতো কাজ করে যাচ্ছেন ফ্যাসিস্ট আমলে নানা পদকায়িত কয়েকজন। তাদেরই কেউ কেউ এখনো পদোন্নতি ও পদায়নে নাটাইও ঘোরাচ্ছেন। উত্তরা, মিরপুর-১০, বসিলা, মোহাম্মদপুর, চানখাঁরপুল, রামপুরা, যাত্রাবাড়ী এলাকায় গণহত্যায় যুবলীগ-ছাত্রলীগ, শ্রমিক লীগের সঙ্গে মিলে ছিল তাদের কারও কারও অ্যাকশনের কথা সহকর্মীদের জানা। এ ধরনের দানবীয় কুকর্মে দক্ষতা বিবেচনাতেই তাদের জুলাই-আগস্টে ওইসব এলাকায় মোতায়েন করা হয়। এর বিপরীতে গত পনেরো বছর ধরে বঞ্চিত ও নির্যাতিত পুলিশ কর্মকর্তাদের অনেকে এখনো কোণঠাসা। অন্তর্বর্তী সরকারের এক বছরের বেশি সময় ধরে সাইডলাইনেই ফেলে রাখা হচ্ছে তাদের। আগামী জাতীয় নির্বাচন স্বচ্ছ ও নিরপেক্ষ করতে এরপর ২০ পৃষ্ঠায়




তাই নতুন এ বাস্তবতা তাঁদের মুগ্ধ করেছে। কোনো ছাত্রসংগঠনের কাছ থেকে এ রকম আচরণ অনেকের কাছের নতুন লেগেছে, ভালোও লেগেছে। আমার ধারণা, এ বিষয়টিও এবার ভোট দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে কাজ করেছে। এখন প্রশ্ন হচ্ছে- বিশ্ববিদ্যালয়গুলোর ছাত্র সংসদ নির্বাচনের এমন ফলাফল কি জাতীয় নির্বাচনে বিশাল কোনো পরিবর্তন এনে দেবে? আগামী নির্বাচনে কি এর দারুণ কিছু প্রভাব পড়বে? এ প্রশ্নের নানা রকম বিশ্লেষণ হতে পারে। আমার মনে হয়, বিশাল কোনো প্রভাব ফেলবে না। সেসব নিয়ে পরে আরেকদিন কথা বলা যাবে। কিন্তু এ কথাটি কিন্তু মানতেই হবে, জামায়াতে ইসলামী নিজেরা এই বিশাল বিজয়কে জাতীয় রাজনীতিতে প্রভাব বাড়াতে ব্যবহারের চেষ্টা করবে। তার নমুনা এরই মধ্যে কিছু দেখাও যাচ্ছে

# ডিম ছুড়ে আওয়ামী লীগ কী অর্জন করল!

তার কণ্ঠে আবু জাফরের লেখা ও সুরে 'এই পদ্মা এই মেঘনা' দেশাত্মবোধক গানটি প্রথম থেকেই বাংলার আকাশে-বাতাসে, কখনো তাদের যুগলকণ্ঠে, কখনো ফরিদা পারভীনের একক কণ্ঠে ধ্বনিত হয়ে আসছে। এছাড়াও তাদেরই যুগলসৃজন আধুনিক গান 'তোমরা ভুলেই গেছো মল্লিকাদির নাম' এবং 'নিন্দার কাঁটা যদি না বিঁধিল গায়ে' গান দু'টির কথাইবা কে ভুলেছে কবে! ফরিদা পারভীন ও আবু জাফরের গাওয়া 'তুমি রাত আমি রাত জাগা পাখি'। দাম্পত্য সঙ্গী হিসেবে আবু জাফরকে বিয়ে করলেও পরে তাদের মধ্যে বিচ্ছেদ হয়ে যায়। পরে ফরিদা পারভীন গাজী আবদুল হাকিমকে বিয়ে করেন। ফরিদা পারভীনের সাথে লালন সংগীত একাকার হয়ে আছে। সংগীতই তার সব। তাই সংগীতের ভুবনে তিনি বেঁচে থাকবেন আজীবন

একেএম শামসুদ্দিন



গত ২১ সেপ্টেম্বর নিউইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে আওয়ামী লীগ কর্মীরা বিএনপি ও এনসিপি নেতাদের যে অশ্রাব্য ভাষায় গালাগাল করেছে, তা সাধারণ মানুষের ভেতর ব্যাপক প্রতিক্রিয়া তৈরি করেছে। বিশেষ করে এনসিপির জ্যেষ্ঠ যুগ্ম-সদস্য সচিব ডা.তাসনিম জারাকে যে নোংরা ও অশ্লীল ভাষায় কটূক্তি করেছে, তা বর্ণনাতীত। শেখ হাসিনার কর্মীদের এসব কটূক্তি নিয়ে নেটদুনিয়ায় বিস্তর তোলপাড় হয়েছে। যে যার দৃষ্টিকোণ থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে মন্তব্য করে প্রতিক্রিয়া জানিয়েছেন। এসব প্রতিক্রিয়ার মধ্যে দু-একটি তির্যক মন্তব্য অনেকেরই দৃষ্টি আকর্ষণ করেছে। এক নেটিজেন লিখেছেন,' পনেরো বছর ধরে যে দলীয় নেত্রীর মুখে প্রতিপক্ষকে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করতে শুনেছি, সেই নেত্রীর কর্মীদের মুখে এমন অকথ্য ভাষা শোনা যাবে, এটাই তো স্বাভাবিক! নোংরা ভাষায় রাজনৈতিক প্রতিপক্ষকে আক্রমণ করাই এখন আওয়ামী লীগের রাজনৈতিক সংস্কৃতিরই একটি অংশ'। অন্য আরেকজন লিখেছেন, 'ছি..ছি.. ছি হাসিনার কর্মীরা যে ঘৃণ্য 'বিশেষণ' দিয়ে ডা. তাসনিম জারাকে গালি দিয়েছে, তাতে হাসিনা নিশ্চয়ই খুশি হয়েছেন। হাসিনার মতো নোংরা মনের মানুষের পক্ষেই তা সম্ভব!'

ওপরের মন্তব্যগুলো নিয়ে তর্ক-বিতর্ক করা যেতে পারে; তবে এসব মন্তব্য যে একেবারে ভিত্তিহীন, তা বলা যাবে না। হাসিনার শাসনামলে কর্মী সভা, জনসভা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বক্তৃতা-বিবৃতি এবং টকশোতে আওয়ামী লীগের অধিকাংশ জ্যেষ্ঠ নেতাকে প্রতিপক্ষের নেতা-নেত্রীকে নিয়ে এমন অনেক নোংরা ভাষায় কথা বলতে শুনেছি। আওয়ামী লীগের পরিচিত এক নেতার মুখেই তখন শুনেছিলাম, প্রতিপক্ষ, বিশেষ করে প্রধান বিরোধী দলের নেত্রীকে নিয়ে নোংরা ভাষায় কথা বললে নাকি তার দলীয় নেত্রী খুশি হতেন। নেটদুনিয়ায় খোঁজাখুঁজি করলেই আওয়ামী লীগ নেতার এ কথার সত্যতা পাওয়া যাবে। বিভিন্ন উপলক্ষ্যে শেখ হাসিনাকেও প্রকাশ্য দিবালোকে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে নির্দ্বিধায় 'কুলাঙ্গার' বলে গালি দিতে শুনেছি। হাসিনার এ নোংরা আচরণের আছর যে তার কর্মীদের গায়ে লাগবে, সেটাই স্বাভাবিক। তারই পুনরাবৃত্তি এবার দেখলাম জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে। পৃথিবীর সব দেশের রাজনীতিতেই সহিংসতা আছে। তবে তা তাদের দেশের মধ্যেই সীমাবদ্ধ থাকে।



এক্ষেত্রে একমাত্র বাংলাদেশই ব্যতিক্রম। বাংলাদেশের রাজনীতির সহিংসতার ঝাঁজ এখন দেশের গণ্ডি পেরিয়ে বহির্বিশ্বেও পাওয়া যায়। দেশের বৃহৎ দুটি রাজনৈতিক দলের প্রবাসী নেতাকর্মীরা বিদেশের মাটিতে বসে একে অপরকে হেনস্তা করতে সিদ্ধহস্ত হয়ে গেছে। বিশেষ করে এ দুটি দলের দলীয়প্রধানরা যখন বিদেশ সফর করেন, তখন এ দৃশ্য দেখা যায়। এতদিন নির্দিষ্ট স্থানে দাঁড়িয়ে বিভিন্ন পোস্টার ও প্ল্যাকার্ড হাতে রাজনৈতিক স্লোগানই ছিল প্রতিবাদের ভাষা। চব্বিশের জুলাই গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে শেখ হাসিনা ও তার দোসররা বিদেশে পালিয়ে যাওয়ার পর থেকেই এ প্রতিবাদের ধরন পালটিয়েছে। প্রায় এক বছর ধরে আওয়ামী লীগের প্রবাসী কর্মী ও সমর্থকরা যুক্তরাষ্ট্রসহ ইউরোপের কয়েকটি দেশে নিয়মতান্ত্রিক প্রতিবাদ বাদ দিয়ে সহিংসতার পথ বেছে নিয়েছে।

গত বছরের নভেম্বরে সুইজারল্যান্ডের জেনেভায় অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুলকে হেনস্তা করা হয়েছে। জুলাই গণ-অভ্যুত্থান দিবসের প্রথম বার্ষিকী উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. মাহফুজ আলম গত আগস্টে নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট মেলামেলে একটি মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে যোগ দেন। সে সময় আওয়ামী লীগের নেতাকর্মীরা তাদের ক্ষোভ ঝাড়তে গিয়ে কনস্যুলেট ভবনে হামলা চালায় এবং ভবনের কাচের দরজা ভেঙে ফেলে, যা বাংলাদেশের ইতিহাসে কখনো ঘটেনি। ১২ সেপ্টেম্বর লন্ডনের ইউনিভার্সিটি অব লন্ডনের স্কুল অব আফ্রিকান অ্যান্ড ওরিয়েন্টাল স্টাডিজ (সোয়াস) ক্যাম্পাসে আয়োজিত একটি সেমিনারেও উপদেষ্টা মাহফুজ আলম একজন বক্তা হিসাবে অংশগ্রহণ করেন। সেমিনার শেষে বেরিয়ে যাওয়ার সময় তার ওপর আবারও হামলার চেষ্টা করে আওয়ামী লীগের নেতাকর্মীরা। সোয়াস ক্যাম্পাস থেকে হাইকমিশনের গাড়ি বের হলে ওই গাড়িতে মাহফুজ আলম আছেন ভেবে আওয়ামী লীগের কয়েকজন কর্মী গাড়ির সামনে শুয়ে পড়ার চেষ্টা করেন। কিন্তু পুলিশের হস্তক্ষেপে সে চেষ্টা ব্যর্থ হয়। ফলে গাড়ি দ্রুত চলে যাওয়ার সময় তারা গাড়ির ওপর ডিম ছুড়ে মারেন। পরে জানা যায়, ওই গাড়ির ভেতরে মাহফুজ আলম ছিলেন না। এসব ঘটনায় বোঝা যায়, জুলাই গণ-অভ্যুত্থানে যেসব তরুণ নেতার কারণে শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হয়েছেন, আওয়ামী লীগ তাদের প্রতি প্রতিহিংসাপরায়ণ হয়ে উঠেছে। তাদের টার্গেট করে বিদেশের মাটিতে দলের উপরের নির্দেশেই এসব হিংসাত্মক কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। নিউইয়র্কের ঘটনায় এনসিপির সদস্য সচিব আখতার হোসেন ও ডা. তাসনিম জারাকে হেনস্তা করার ঘটনায় তা আরও স্পষ্ট হয়েছে। প্রশ্ন হচ্ছে, ডা. তাসনিম জারার মতো একজন নারীকে এমন অশ্রাব্য ভাষায় গালি দিয়ে কিংবা মাহফুজ আলম ও আখতার হোসেনকে ডিম ছুড়ে আওয়ামী লীগ কী অর্জন করল?

এনসিপির আখতার হোসেনের পিঠে ডিম ছোড়াকে আওয়ামী লীগ বিরাট সাফল্য হিসাবে দেখছে। দলের নেতাকর্মীদের প্রতিক্রিয়ায় তার প্রতিফলন আমরা দেখেছি। নিউইয়র্কে গ্রেফতার যুবলীগের সেই কর্মী

এরপর ২৪ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়

## অহেতুক ঝামেলা এড়াতে অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে ট্যাক্স ফাইলিং করুন।




AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

## FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING
( Business & Non profit )

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

## কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

## Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# একই চক্রে ঘুরছে দেশের রাজনীতি ও জনগণের ভাগ্য পরিবর্তন

> সবাই কেমন যেন রাষ্ট্রীয় ক্ষমতায় যাওয়ার জন্য মোহাবিষ্ট। লেজুড়বৃত্তির চর্চা করলে এমপি-মন্ত্রী হওয়া যায়। এ লোভ যেন সমাজে আষ্টেপৃষ্ঠে আছে, আছে সমাজের রন্ধ্রে রন্ধ্রে। আসলে আমাদের নীতির নয় নৈতিকতার পরিবর্তন আনতে হবে। সরকারের সমালোচনা, সরকারি কর্মকর্তাদের সমালোচনা, নীতি নির্ধারকদের কাজের সমালোচনা সহ্য করতে পারে না কেউ। সমালোচনা একটি সুস্থ সমাজ গঠনে অস্ত্র হিসেবে কাজ করে। আসুন সমালোচনাকে গ্রহণ করে নিজের অবস্থানকে সুসংহত করি। নিজের জন্য নয়, দেশের জন্য কাজ করি। মা-মাটি-মানুষ আমরা সবাই এদেশের প্রাণ। ব্যক্তির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড়। নিজের জন্য নয় দেশের জন্য নিজেকে বিলিয়ে দিতে পারলেই আমরা একটি সত্যিকারের গণতান্ত্রিক ও উন্নত দেশ পাব

মো. কামরুল ইসলাম



১৯৪৭ সালের দেশভাগ আন্দোলন, ১৯৫২ সালের ভাষা আন্দোলন, ১৯৫৪-এর যুক্তফ্রন্ট নির্বাচন, ১৯৬৬-এর ছয় দফা আন্দোলন, ১৯৬৯-এর গণঅভ্যুত্থান, ১৯৭০-এর নির্বাচন, ১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধ, ১৯৭৫ এ সপরিবারে বঙ্গবন্ধু হত্যা, ১৯৮১ সালে প্রেসিডেন্ট জিয়াউর রহমান হত্যাকাণ্ড, ১৯৯০-এর স্বৈরাচারবিরোধী আন্দোলন, ২০০৭ সালের ওয়ান-ইলেভেন কিংবা ২০২৪-এর জুলাই আন্দোলন- স্বাধীন বাংলাদেশ সৃষ্টির পূর্বের ও পরের রাজনৈতিক ইতিহাসের মিল যেন ঈদের কোলাকুলির মতো।

পশ্চিম পাকিস্তান, পূর্ব পাকিস্তান কিংবা বাংলাদেশে যেসব রাজনৈতিক দল কিংবা সামরিক শাসক বা অরাজনৈতিক গোষ্ঠী ক্ষমতার মসনদে বসেছেন, তাদের মধ্যেই কেউ কেউ স্বল্প সময়ের জন্য কিংবা দীর্ঘ সময়ের জন্য স্বৈরতান্ত্রিকভাবে দেশ পরিচালনা করার চেষ্টা করেছেন। বিশেষ করে বাংলাদেশ সৃষ্টির পর স্বৈরতান্ত্রিক মনোভাবের প্রভাব খুব বেশি দেখা গেছে, প্রায় প্রতিটি সরকারের সময়েই। স্বাধীন বাংলাদেশে ক্ষমতার মসনদে টিকে থাকার জন্যই কখনো রাষ্ট্রপতি শাসিত সরকার আবার কখনো সংসদীয় সরকার ব্যবস্থা পরিচালিত হয়েছে। ক্ষমতা সবসময় এখানে জনগণের ওপর ছড়ি ঘুরিয়েছে। জনগণের সম্মিলিত আন্দোলন-সংগ্রামের ফসল জনগণ কখনো ঘরে তুলতে পারেনি; মুষ্টিমেয় সুবিধাবাদী ব্যক্তি ও গোষ্ঠী লুটেছে যত ফায়দা।

স্বৈরাচারবিরোধী আন্দোলনের ফসল হিসেবে বাংলাদেশ পেয়েছিল সংখ্যাগরিষ্ঠ মানুষের পছন্দের- নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার। যা ক্ষমতার পালাবদলের জন্য একটি নিরপেক্ষ সরকার ব্যবস্থা। কিন্তু এতেও শেষ পর্যন্ত শান্তি আসেনি। জনগণ দেখেছে আরেকটি মহাপরাক্রমশালী স্বৈরাচারী সরকার।

৩০ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে এবং দুই লক্ষ মা-বোনের ইজ্জতের বিনিময়ে অর্জিত স্বাধীনতার দলিল বাংলাদেশের মহান সংবিধান। আমরা দেখেছি ক্ষমতালিপ্সু রাজনৈতিক দলগুলো বারবার নিজেদের ক্ষমতাকে পাকাপোক্ত করার জন্য মহান এই সংবিধানে বারবার সংশোধনী এনেছে। সংখ্যাগরিষ্ঠ জনগণের পছন্দের নির্বাচনকালীন সরকারেরও অতি লোভ-লালসার শিকার হয়েছে এদেশের জনগণ। আমরা দেখতে পেয়েছি কী করে ওয়ান-ইলেভেন সৃষ্টি করে নব্বই দিনের সরকার দুই বছর পার করে দিয়েছে।



এদেশের জনগণ দেখতে পেয়েছে স্বাধীনতার চরম বিরোধিতাকারী পশ্চিম পাকিস্তান সরকারের আজ্ঞাবহ রাজনৈতিক দলগুলোকে শুধুমাত্র ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার জন্য মহান মুক্তিযুদ্ধের নেতৃত্বদানকারী রাজনৈতিক দল কীভাবে এক মঞ্চে তুলে এনে সরকারবিরোধী আন্দোলন করেছে। আমরা সময়ের সাক্ষী হিসেবে দেখতে পেয়েছি ৮২ থেকে ৯০ সাল পর্যন্ত ক্ষমতায় থাকা চিহ্নিত স্বৈরাচারকে নিয়ে মুক্তিযুদ্ধের পক্ষের দল বাংলাদেশ আওয়ামী লীগ সরকার গঠন করেছে একাধিকবার।

তেমনিভাবে দেখতে পেয়েছি মহান মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের গড়া বাংলাদেশ জাতীয়তাবাদী দল বাংলাদেশের স্বাধীনতাবিরোধী শক্তির সাথে ঐক্যবদ্ধ হতে পিছপা হয়নি। তাও ক্ষমতার মসনদে যাবার জন্য। এদেশ দেখতে পেয়েছে ১৯৯৬ সালে প্রজাতন্ত্রের কর্মচারীদের কী করে অসাংবিধানিক উপায়ে রাজপথে নিয়ে আসা হয় রাজনৈতিক দলগুলোর নিজেদের স্বার্থ হাসিল করার জন্য। যাতে চরমভাবে ভেঙে পড়ে দেশের প্রশাসনিক কাঠামো।

আমরা দেখেছি ২০২৪-এর জুলাইয়ে কোটা বিরোধী আন্দোলন সরকার বিরোধী আন্দোলনে রূপ নেয় এবং আন্দোলনের ফলস্বরূপ একটি স্বৈরাচারী সরকারের পতন হয়। এক আন্দোলনেই সহস্রাধিক ছাত্র-জনতার মৃত্যুর মিছিলও আমরা দেখেছি। দেখেছি প্রায় বিশ হাজার নিরস্ত্র মানুষকে আহত হতে।

আমরা দেখছি বছরের পর বছর রাষ্ট্রযন্ত্রের প্রতিটি বিভাগ আবিষ্ট হয়ে আছে দুর্নীতিতে। সেই দুর্নীতির মহাজাল থেকে বের করে আনার প্রাণান্ত চেষ্টা এখন চলছে বলা হচ্ছে। নানা সংস্কারের নামে কমিটি গঠিত হয়েছে। কিন্তু বাস্তবচিত্র হলো, আমরা যেই তিমিরে ছিলাম সেই তিমিরেই আছি। আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় কোনো পরিবর্তন উপলব্ধি করতে পারছি না। জুলাই আন্দোলনের পর শুধু জুলাই স্পিরিটকে পুঁজি করে অনেক রাজনৈতিক দলের আবির্ভাব ঘটেছে। অনেকে অনেক রকম সুবিধা নিচ্ছে। কিন্তু জনগণ কোনো সুবিধা পাচ্ছে না।

বিভিন্ন সময়ে রাজনৈতিক দলগুলোর অসহিষ্ণু মনোভাব, পরস্পরের প্রতি অবিশ্বাস, প্রত্যেকটি রাষ্ট্রীয় সিদ্ধান্তের সময় নেতিবাচক মন্তব্য। সুস্থ রাজনীতির পরিবর্তে অসুস্থ রাজনীতির চর্চা করা যেন বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর নিত্যদিনের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। লেজুড়বৃত্তির রাজনীতি আমাদের প্রত্যেকটি ক্ষেত্রেই দেখতে পাচ্ছি। সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠানের দিকে তাকালেই দেখি ছাত্ররাজনীতি, শিক্ষক রাজনীতি এমনকি কর্মকর্তা-কর্মচারীদের এসোসিয়েশনেও দেখতে পাই লেজুড়বৃত্তির রাজনীতি। শুধু শিক্ষা প্রতিষ্ঠান কেন সমাজের প্রতিটি স্তরে সাজানো রয়েছে লেজুড়বৃত্তির রাজনৈতিক চর্চা। ব্যবসায়ী আর সাংবাদিকদের সংগঠনগুলোও পিছিয়ে নেই। সবাই কেমন যেন রাষ্ট্রীয় ক্ষমতায় যাওয়ার জন্য মোহাবিষ্ট। লেজুড়বৃত্তির চর্চা করলে এমপি-মন্ত্রী হওয়া যায়। এ লোভ যেন সমাজে আষ্টেপৃষ্ঠে আছে, এরপর ২৪ পৃষ্ঠায়

# জামায়াত কি তাহলে রাষ্ট্রীয় ক্ষমতা পাচ্ছে?

আমীন আল রশীদ

ঢাকা সফররত ইউরোপীয় ইউনিয়নের নির্বাচন পর্যবেক্ষণ মিশনের উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদল জামায়াতে ইসলামীর আমিরের কাছে জানতে চেয়েছে, জামায়াত যদি আগামীতে রাষ্ট্রের দায়িত্ব পায়, তাহলে তাদের মূল এজেন্ডা কী হবে?

গত রবিবার এই বৈঠক শেষে ব্রিফিংয়ে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার সাংবাদিকদের বলেছেন, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলকে জামায়াতের আমির তিনটি বিষয় উল্লেখ করেছেন। সেগুলো হলো ১. দেশের শিক্ষাব্যবস্থাকে নৈতিকতা, উৎপাদনমুখী, কারিগরি দক্ষতা, বৈষয়িক ও মানবিক করে গড়ে তোলা; ২. দুর্নীতিমুক্ত সমাজ গঠন এবং ৩. সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করা।

প্রশ্ন হলো, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদল কি নিতান্তই সৌজন্যের খাতিরে জামায়াতের রাষ্ট্রচিন্তা বা ভবিষ্যৎ বাংলাদেশ নিয়ে তাদের ভাবনা জানার জন্য দলের আমিরকে এই প্রশ্ন করেছিল, নাকি সত্যিই এমন কোনো পরিস্থিতি তৈরি হচ্ছে যাতে আগামীতে জামায়াত রাষ্ট্র ক্ষমতায় আসবে, অর্থাৎ সরকার গঠন করবে?

প্রসঙ্গত, প্রতিটি জাতীয় সংসদ নির্বাচনের আগেই ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদল বাংলাদেশ সফর করে এবং বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে তো বটেই, সরকারের সঙ্গেও বৈঠক করে। সেই ধারাবাহিকতায় এবার ঢাকা সফররত প্রতিনিধিদলটি এরইমধ্যে বিএনপির সঙ্গেও বৈঠক করেছে। নিশ্চয়ই তারা বিএনপিকেও এই প্রশ্ন করেছে যে, সরকার গঠন করলে তাদের মূল এজেন্ডা বা অগ্রাধিকার কী হবে।

আগামী জাতীয় নির্বাচন কবে হবে এবং নির্বাচনে জয়ী হয়ে কারা ক্ষমতায় আসবে, তা নিয়ে এখন পর্যন্ত ধোঁয়াশা আছে। অভ্যুত্থানের মুখে আওয়ামী লীগের পতনের পরপর যেমনটা মনে করা হচ্ছিলো যে, একটি অবাধ-সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন হলে বিএনপি বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করবে-সেই অবস্থার যথেষ্ট পরিবর্তন হয়েছে বলেই মনে হয়। অর্থাৎ বিএনপির জন্য নির্বাচনি মাঠ খুব কুসুমাস্তীর্ণ নেই। বিপুল সংখ্যাগরিষ্ঠতা পেয়ে তাদের সরকার গঠনের বিষয়টি এখন আর খুব সহজ নয় বলেই মনে হয়। বরং আগামী নির্বাচন বিএনপির জন্যই যে সবচেয়ে বেশি চ্যালেঞ্জিং হবে, এরইমধ্যে তার নানা ইঙ্গিত মিলছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী সংসদ নির্বাচনও হয়তো তার সামান্য ইঙ্গিত। তারওপর বিএনপিবিরোধী জোট, বিশেষ করে জামায়াত, ইসলামী আন্দোলন বাংলাদেশসহ অন্যান্য ধর্মীয় দলগুলো মিলে এটি বৃহত্তর প্ল্যাটফর্ম গড়ে তুললে সেটি যে ভোটের মাঠে বিএনপিকে ভীষণ চাপে রাখবে, তাতে সন্দেহ নেই। অন্যদিকে আগামী নির্বাচনে জাতীয় নাগরিক পার্টি-এনসিপিও বিরাট ফ্যাক্টর হবে বলে মনে করার যথেষ্ট কারণ আছে। তারা এখনও নিবন্ধিত দল নয় বা আকারে হয়তো বিএনপি ও জামায়াতের চেয়ে ছোট দল, কিন্তু নানা কারণেই এই দলের সঙ্গে যুক্ত ব্যক্তিরা দেশের বর্তমান রাজনীতিতে যেমন ফ্যাক্টর, তেমনি আগামী নির্বাচনে তাদের ভূমিকা যে বিএনপির বিপক্ষে থাকবে, তারও লক্ষণ স্পষ্ট। তার মানে বিএনপিকে আগামী নির্বাচনে একাধিক বৃহৎ শক্তির সঙ্গে লড়াই করে টিকে থাকতে হবে।



অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ ও তাদের প্রধান শরিক জাতীয় পার্টি যদি নির্বাচনে অংশ নিতে না পারে, তাহলে এই দুটি দলের ভোট বিএনপি পাবে কি না, তা নিয়েও সংশয় তৈরি হচ্ছে। কেননা, মাঠ পর্যায়ে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের নেতাকর্মীদের বাড়িঘর ও ব্যবসাপ্রতিষ্ঠান দখল (কোথাও পুনরুদ্ধার), হামলা, ভাঙচুর, আগুন এবং আওয়ামী লীগ নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা নিয়ে বাড়াবাড়ি করার ঘটনায় প্রধানত নাম আসছে স্থানীয় বিএনপির নেতাকর্মীদের। হাটবাজারে চাঁদাবাজি, দখলদারি এমনকি ক্ষমতার দ্বন্দ্বে অভ্যন্তরীণ কোন্দল ও খুনোখুনির কারণেও মাঠ পর্যায়ে বিএনপির ভাবমূর্তি যথেষ্ট ক্ষুণ্ন হয়েছে। এসব কারণে সুইং ভোটার এবং আওয়ামী লীগ ও জাতীয় পার্টির সমর্থকদের ভোট বিএনপি যদি না পায়, তাহলে তাদের জন্য নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠন বেশ কঠিন হবে। বরং তখন বিএনপিবিরোধী এক বা একাধিক জোট মিলে একটি কোয়ালিশন সরকার গঠিত হতে পারে বলেও অনেকে মনে করছেন। যদি সেরকম কিছু ঘটে তাহলে সেই সরকারের প্রধান স্টেকহোল্ডার হয়তো জামায়াতই হবে। ভোটের এই অঙ্ক বিদেশিদের না জানার কথা নয়। সে কারণেই ইউরোপীয় ইউনিয়ন জামায়াতের আমিরের কাছে তাদের অগ্রাধিকার জানতে চাইলো কি না-সে প্রশ্ন এড়িয়ে যাওয়ার সুযোগ নেই। দেশ স্বাধীন হওয়ার অর্ধ শতাব্দী পরে যদি সত্যিই জামায়াতে ইসলামী বা কোনো ধর্মীয় দল বা জোট সরকার গঠন করে, তাহলে আওয়ামী লীগ ও বিএনপিসহ দেশের অন্য সকল দল কীভাবে সেই পরিস্থিতি মোকাবিলা করবে এবং তারা কী করে নিজেদের রাজনীতি সমুন্নত রাখবে, সেটি নিয়ে দলগুলোর এখনই চিন্তা-ভাবনা শুরু করা দরকার।

বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিরোধিতা করা এবং পাকিস্তানি সেনাবাহিনীর সহযোগী হিসেবে এরপর ২০ পৃষ্ঠায়

> কিন্তু মনে রাখতে হবে, প্রচলিত রাজনীতি ও রাষ্ট্রব্যবস্থা ব্যর্থ হয়েছে বলেই অভ্যুত্থানের মুখে একটি সরকারের পতন হয়েছে। সেখানে দেশি-বিদেশি ষড়যন্ত্রের তত্ত্ব যতই থাকুক না কেন, দেশের মানুষ যে বিগত সরকারের ওপর ক্ষুব্ধ ছিল, জনগণের সঙ্গে আওয়ামী লীগের দূরত্ব বাড়তে বাড়তে যে সেটি একটি বিরাট বিচ্ছিন্নতায় পর্যবসিত হয়েছিল, এই নির্মম সত্যটি আওয়ামী লীগকে উপলব্ধি করতে হবে। দেশ স্বাধীন হওয়ার অর্ধ শতাব্দী পরে যদি সত্যিই জামায়াতে ইসলামী বা কোনো ধর্মীয় দল বা জোট সরকার গঠন করে, তাহলে আওয়ামী লীগ ও বিএনপিসহ দেশের অন্য সকল দল কীভাবে সেই পরিস্থিতি মোকাবিলা করবে এবং তারা কী করে নিজেদের রাজনীতি সমুন্নত রাখবে, সেটি নিয়ে দলগুলোর এখনই চিন্তা-ভাবনা শুরু করা দরকার



# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



| আবু তাহের খান | কাঞ্চন | জামান রঞ্জু | কে.এম. শহিদ | মাহির | জাহাঙ্গীর | নিলয় |
|---|---|---|---|---|---|---|
| ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট |

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম চলবে

মেজর (অব.) মনজুর কাদের

মওলানা ভাসানী আওয়ামী লীগ থেকে বেরিয়ে গিয়ে ১৯৫৭ সালের ২৬ জুলাই ন্যাপ প্রতিষ্ঠা করার পর থেকে শেখ মুজিবুর রহমানের নেতৃত্বাধীন দলটি বারবার নীতি ও আদর্শ থেকে বিচ্যুত হয়েছে। যে আওয়ামী লীগ ছয় দফা প্রণয়ন করে স্বায়ত্তশাসনের দাবি তুলে নিম্নমধ্যবিত্ত এবং মধ্যবিত্ত শ্রেণিকে পুঁজিপতি হওয়ার স্বপ্ন দেখেছিল, সেই দল স্বাধীনতার পর বড় বড় শিল্পকারখানার প্রসার যাতে লাভ না করতে পারে, তার জন্য আদেশ দেওয়া হয় যে, কেউ শিল্প খাতে ২৫ লাখ টাকার বেশি বিনিয়োগ কেউ করতে পারবেন না। বামপন্থিদের প্রভাবে ১৯৭০ সালের নির্বাচনি মেনিফেস্টো রচনা করে আওয়ামী লীগ ছয় দফার স্পিরিট থেকে সরে গিয়ে ব্যাংক, বিমা, পাটকল, শিল্পকারখানা জাতীয়করণের মাধ্যমে রাষ্ট্রীয় সম্পদ লুণ্ঠন করার ব্যবস্থা করে, যার রেশ এখনো রয়ে গেছে। আওয়ামী লীগের ১৯৭০ সালের নির্বাচনি মেনিফেস্টোর মধ্যে অর্থনীতি ধ্বংস করার জন্য যে বীজ রোপণ করা হয়েছিল, জনগণ তখন তা বুঝতে পারেনি।

**দেশপ্রেমিক রাজনৈতিক নেতাকর্মীদের হত্যা**

ভারতীয় আধিপত্যবাদী শক্তি আওয়ামী লীগের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতি ও রাজনীতি ধ্বংস করেই ক্ষান্ত হয়নি, তারা মুক্তিযুদ্ধের রণাঙ্গনে অনেক দেশপ্রেমিক রাজনৈতিক নেতাকর্মীকে হত্যা করেছে, ১৬ ডিসেম্বরের পর জহির রায়হানসহ হাজার হাজার নেতাকর্মীকে গুম ও সিরাজ সিকদারসহ হাজার হাজার প্রগতিশীল রাজনৈতিক নেতাকর্মীকে হত্যা করেছে, সেনাবাহিনীতে ২১টি ব্যর্থ সামরিক অভ্যুত্থান সংঘটিত করে এবং ২০০৯ সালের ২৫ ফেব্রুয়ারি বিডিআর হত্যাকাণ্ড ঘটিয়ে অসংখ্য মেধাবী সামরিক অফিসারকে হত্যা করে বাংলাদেশকে বেসামরিক ও সামরিক নেতৃত্বশূন্য করেছে। এসব বিষয়ে নিয়ে কথা বললে, আওয়াজ তুললে গুম-খুন করা হয়েছে। তবে বাংলাদেশ মানুষ বারবার এ অপশক্তির বিরুদ্ধে লড়াই করেছে এবং বিজয়ী হয়েছে।

**সিপাহি জনতার বিপ্লব : আধিপত্যবাদী ভারতের বিরুদ্ধে জিয়ার অবস্থান**

১৯৭৫ সালের ৭ নভেম্বর সফল সিপাহি জনতার বিপ্লবের পর এ বাস্তবতা বাংলাদেশের তৎকালীন রাষ্ট্রপতি জেনারেল জিয়াউর রহমান সঠিকভাবে বুঝতে পেরেছিলেন। জিয়াউর রহমান ১৯৭৭ সালের ২১ এপ্রিল বাংলাদেশের রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব গ্রহণের পরপরই ভারতের নিরাপত্তা বাহিনী সীমান্ত এলাকায় অস্থিরতা সৃষ্টি করলে যশোর সেনানিবাসে স্বল্পসময়ের নোটিশে হেলিকপ্টার নিয়ে উপস্থিত হন। তার নির্দেশে সেনাবাহিনীর সব অফিসার গ্যারিসন সিনেমা হলে জমায়েত হন। সব বেসামরিক ব্যক্তি, এমনকি মাইক্রোফোন অপারেটরকেও হল থেকে বেরিয়ে যাওয়ার জন্য বলেন জিয়া। উপস্থিত সব অফিসারের মধ্যে তখন উদ্বিগ্নতার ছাপ ফুটে উঠেছে। রাষ্ট্রপতি জিয়া গুরুগম্ভীর গলায় ইংরেজিতে বলতে থাকলেন, যার বাংলা হলো :

'আপনাদের সঙ্গে সামনাসামনি কথা বলার সুযোগ হয়তো আর পাব না। ভারত যদি আমাদের ওপর যুদ্ধ চাপিয়ে দেয়, তাহলে আমাদের শক্তি দিয়ে ৫ দিন প্রচলিত পদ্ধতিতে যুদ্ধ করতে পারব। এর মধ্যে আন্তর্জাতিক চাপে ভারত যদি যুদ্ধ বন্ধ না করে, তাহলে আপনারা গেরিলা যুদ্ধ শুরু করার জন্য আমার পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা করবেন না। আমাদের স্বাধীনতা রক্ষার জন্য আপনাদের নেতৃত্বে ভারতের বিরুদ্ধে গেরিলাযুদ্ধ শুরু হয়ে যাবে' (লেখক এই সভায় সেনাবাহিনীর অফিসার হিসাবে উপস্থিত ছিলেন এবং এ বিষয়ে ২০০৪ সালের দিকে দৈনিক ইনকিলাব পত্রিকায় একটি সাক্ষাৎকার প্রদান করেছিলেন)।



**জিয়া ভারতের সেভেন সিস্টারের চোখের ভাষা বুঝতে পেরেছিলেন**

রাষ্ট্রপতি জিয়া বাংলাদেশের চতুর্দিকে অবস্থিত ভারতের রাজ্যগুলোর মানুষের চোখের ভাষা বুঝতে পেরেছিলেন ১৯৭১-এর স্বাধীনতা যুদ্ধের রণাঙ্গন থেকে। ১৯৭৫ সালের ৭ নভেম্বরের পর জিয়ার দৃষ্টিনিবদ্ধ হয় সেভেন সিস্টারের অন্তর্ভুক্ত রাজ্যগুলোর দিকে। বড় মাপের ঝুঁকি তিনি নিয়েছিলেন। যুদ্ধ ঘোষণার পরপরই ভারতের নিরাপত্তা বাহিনী বাংলাদেশ সীমান্তে অস্থিরতা তৈরি করার সব কার্যকলাপ বন্ধ করে দেয়। তাই যারা জুজুর ভয় দেখিয়ে প্রায়ই বলে থাকেন, বিশাল ভারত যদি বাংলাদেশের প্রতি বিরূপ আচরণ করে, তাহলে বিপদ নেমে আসতে পারে। এ ব্যক্তিরা বাস্তবতা বোঝার জন্য চেষ্টা করতে পারেন।

**জিয়ার কণ্ঠের সঙ্গে তাল মিলিয়ে সোচ্চার হয়ে উঠছেন অনেকেই**

বাংলাদেশের ছাত্র-জনতা জুজুর ভয়ে ভীত নয় বলেই ভারতকে সম্পূর্ণ অন্ধকারে রেখে ২০২৪ সালের ৫ আগস্ট বিপ্লব সফল করেছেন। বাংলাদেশের ছাত্র, জনতা, শ্রমিক, কৃষক বুঝতে পেরেছেন, এ বিজয় ধরে রাখার এই তো সময়, এগিয়ে যাওয়ার এই তো সময়। ফ্যাসিস্ট শেখ হাসিনাকে ভারত অবৈধভাবে আশ্রয় দিয়ে বাংলাদেশের বিরুদ্ধে অনবরত বিরূপ প্রচারের বিরুদ্ধে রাজনৈতিক নেতারা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কণ্ঠের সঙ্গে তাল মিলিয়ে সোচ্চার হয়ে উঠেছেন।

**ড. ইউনূসের স্পষ্ট কথা**

ইউনূস স্পষ্ট ভাষায় বলেন, সাম্প্রতিক সময়ে ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্কে কিছুটা এরপর ২৪ পৃষ্ঠায়



> বাংলাদেশের জনগণ দেখেছেন, কীভাবে ফ্যাসিস্ট এবং স্বৈরাচারের হাত ধরে নির্লজ্জভাবে আধিপত্যবাদী শক্তি ২০০৭ থেকে ২০২৪ সালের ৫ আগস্ট পর্যন্ত বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে সরাসরি হস্তক্ষেপ করেছে। আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যাওয়ার জন্য সব দেশপ্রেমিক রাজনীতিবিদ এবং জনগণকে ঐক্যবদ্ধ হতে হবে। নতুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে জাতির এ ক্রান্তিকালে; যেমনটি করা হয়েছিল ষাটের দশকে। ছাত্ররা ঐক্যবদ্ধ হয়েছিল, পাকিস্তানের আধা-ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে। সংগ্রাম ও যুদ্ধ করে ১৯৭১ সালে বাংলাদেশের জনগণ স্বাধীনতা ছিনিয়ে এনেছিল। প্রয়োজনে ছাত্ররা ষাটের দশকের মতো ঐক্যবদ্ধ থেকে ভারতীয় আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম করে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব নিরঙ্কুশ করবেন

# বাংলাদেশে চতুর্থ শিল্পবিপ্লব কতটা দরকারি

ড. শাহ জে মিয়া

> কারণ উপযুক্ত নেতৃত্বের মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়ন এখন প্রত্যেক নাগরিকেরই প্রত্যাশা। সবশেষে বলতে চাই, পঞ্চম শিল্পবিপ্লব (৫ আইআর), যা ইন্ডাস্ট্রি ৫.০ নামেও পরিচিত, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স এবং নবায়নযোগ্য শক্তির মতো উন্নত প্রযুক্তি এবং মানুষের মধ্যে নতুন প্রযুক্তির সহযোগিতার সুযোগ সৃষ্টির ওপর জোর দেয়। এর লক্ষ্যই হচ্ছে টেকসই, মানবকেন্দ্রিক এবং স্থিতিস্থাপক শিল্প তৈরি করা। এক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং রোবটিক্সের মতো প্রযুক্তিগুলোর মধ্যে নতুন সুযোগ তৈরি করে চাকরির বাজারে নতুন নতুন পণ্য ও পরিষেবা তৈরি করা, যা রূপান্তরিত ব্যবস্থাপনাকে সামনে নিয়ে আসে। এখানে আরও বলতে পারি, এ বিপ্লব কর্মক্ষেত্রের প্রক্রিয়াগুলোকে উন্নত করার ওপর দৃষ্টি নিবদ্ধ করে এবং নিশ্চিত করে যে, প্রযুক্তি মানুষের ক্ষমতা প্রতিস্থাপনের পরিবর্তে তাদের পরিপূরক হবে

গত সপ্তাহে আমার লেখায় আমি সমাজব্যবস্থা ৫.০ (ঝড়পরবঃু ৫.০)-এর ধারণা নিয়ে বিশদভাবে বাংলাদেশের প্রেক্ষাপটে আলোচনা করেছিলাম। সমাজব্যবস্থা ৫.০ হলো ধারাবাহিকভাবে সামাজিক বিবর্তনের সবচেয়ে আধুনিক পর্যায়, যেখানে সমাজব্যবস্থা ১.০ ছিল পশু শিকারনির্ভর; সমাজব্যবস্থা ২.০ ছিল কৃষিনির্ভর; সমাজব্যবস্থা ৩.০ ছিল শিল্পনির্ভর; এবং সমাজব্যবস্থা ৪.০ হলো তথ্যপ্রযুক্তি বা ইন্টারনেটনির্ভর। অনেক গবেষক বর্তমানে সমাজব্যবস্থা ৫.০কে 'সুপার-স্মার্ট সোসাইটি'ও বলছেন। যা হোক, সমাজব্যবস্থা ৫.০-এ রূপান্তরকে আমরা 'চতুর্থ শিল্পবিপ্লবের' সঙ্গে তুলনা করতে পারি, কারণ উভয় ধারণাই অর্থনৈতিক বিশ্বে একটি নতুন ধরনের মৌলিক পরিবর্তন নিয়ে এসেছে। তবে সমাজব্যবস্থা ৫.০ মূলত চতুর্থ শিল্পবিপ্লবের চেয়েও বিস্তৃত একটি ধারণা, যা পঞ্চম শিল্পবিপ্লবের ধারণার সঙ্গে সম্পর্কিত, কারণ এটি আমাদের এ সময়ের ডিজিটাল জীবনযাত্রায় সম্পূর্ণরূপে প্রভাব ফেলেছে।



চতুর্থ শিল্পবিপ্লব, যা ৪ওজ বা ইন্ডাস্ট্রি (শিল্প) ৪.০ নামেও পরিচিত, একবিংশ শতাব্দীতে প্রযুক্তিগত অগ্রগতির প্রতিনিধিত্ব করছে। শিল্পবিপ্লব একটি ধারাবাহিক অগ্রগতির পরিচয় বহন করে। আধুনিক সমাজব্যবস্থার গোড়াপত্তন হয় ১৭৬০ সালের দিকে প্রথম শিল্পবিপ্লবের হাত ধরে। মূলত ব্রিটেনে স্টিম ইঞ্জিন আবিষ্কার এবং ইঞ্জিনচালিত মেশিন ও টুলস শিল্পবিপ্লবের ধারণার জন্ম দেয়। প্রায় ১০০ বছর ধরে প্রথম শিল্পবিপ্লবের ধারণা চলতে থাকে। ১৮৭০ সালের দিকে বিদ্যুৎচালিত মেশিন একটি নতুন শিল্পবিপ্লব নিয়ে আসে। সেটিই হলো দ্বিতীয় শিল্পবিপ্লবের গোড়াপত্তন। এ শিল্পবিপ্লবকে প্রযুক্তিগত বিপ্লবও বলা হয়েছিল। দ্বিতীয় শিল্পবিপ্লবও প্রায় ১০০ বছর স্থায়ী হয়। ১৯৭০ সালের দিকে তৃতীয় শিল্পবিপ্লবের ধারণা আমাদের সামনে আসে। এ শিল্পবিপ্লবের মূল চালিকাশক্তি ছিল বেশ কয়েকটি আবিষ্কার। তার মধ্যে ট্রানজিস্টর ও ইন্টারনেট (ARPANET নামে পরিচিত ছিল) অন্যতম। ট্রানজিস্টরচালিত মেশিন এবং ইলেকট্রনিক্স টুলস শিল্পে এনে দেয় গতি ও সহজলভ্যতা। সেই সঙ্গে যোগাযোগের মাধ্যম হিসাবে ইন্টারনেট পুরো পৃথিবীকে আরও সংযুক্ত করে। তৃতীয় শিল্পবিপ্লবকে ডিজিটাল শিল্পবিপ্লবও বলা হয়েছিল। তৃতীয় শিল্পবিপ্লবের ধারণা বেশিদিন স্থায়ী হয়নি। ২০১০ সাল নাগাদ চতুর্থ শিল্পবিপ্লবের ধারণার আবির্ভাবের সঙ্গে সঙ্গে তৃতীয় শিল্পবিপ্লবের ইতি ঘটে। চতুর্থ শিল্পবিপ্লব একটি বৈপ্লবিক ধারণার জন্ম দেয়, যেখানে সাইবার-ফিজিক্যাল সিস্টেম, ইন্টারনেট-অফ-থিংস, তার সঙ্গে ক্লাউড কম্পিউটিং ভৌত পৃথিবীর সঙ্গে ভার্চুয়াল জগৎকে এমনভাবে সংযুক্ত করেছে-যেখানে মানুষ, যন্ত্র ও ইন্টারনেট একটি অসাধারণ মেলবন্ধনে আবদ্ধ হয়েছে।

আইবিএমের মতে, শিল্প ৪.০ মূলত স্মার্ট ম্যানুফ্যাকচারিং সম্পর্কে কথা বলে, যা শিল্পব্যবস্থাকে ডিজিটাল রূপান্তরের মাধ্যমে কোম্পানিগুলোকে তাদের পণ্য উৎপাদন, উন্নতি এবং বিতরণের জন্য রিয়েল-টাইম সিদ্ধান্ত গ্রহণে এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করতে সাহায্য করে। কোম্পানিগুলো তাদের উৎপাদন সুবিধা এবং কার্যক্রমজুড়ে ইন্টারনেট অফ থিংস (IoT), ক্লাউড কম্পিউটিং বিশ্লেষণ এবং কৃত্রিম বুদ্ধিমত্তা বা মেশিন লার্নিংসহ নতুন প্রযুক্তিগুলোকে একীভূত করছে।

এখানে বলতে হয়, স্মার্ট শিল্পকারখানাগুলো উন্নত সেন্সর, এমবেডেড সফটওয়্যার এবং রোবোটিক্স দিয়ে সজ্জিত, যা ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ করে উন্নত সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। এ ডিজিটাল প্রযুক্তিগুলো শিল্পব্যবস্থায় অটোমেশন থেকে শুরু করে ভবিষ্যদ্বাণীমূলক রক্ষণাবেক্ষণ, মেশিনগুলোর নিজে থেকেই অপ্টিমাইজেশন এবং সর্বোপরি গ্রাহকদের আরও উন্নত সেবা প্রদানের জন্য একটি নতুন স্তর তৈরি করে, যা আগে সম্ভব ছিল না। আইবিএম ইনস্টিটিউট ফর বিজনেস ভ্যালুসের এক গবেষণায় দেখা গেছে, স্মার্ট ম্যানুফ্যাকচারিং উৎপাদন যন্ত্রের ত্রুটি শনাক্তকরণে ৫০ শতাংশ উন্নতি এবং উৎপাদনে ২০ শতাংশ পর্যন্ত উন্নতি সাধন করতে পারে। মূলত শিল্প ৪.০ ধারণা ও প্রযুক্তিগুলো সব ধরনের শিল্প কোম্পানিতে প্রয়োগ করা যেতে পারে, যার মধ্যে রয়েছে বিচ্ছিন্ন ও প্রক্রিয়াজাতকরণ, সেই সঙ্গে তেল ও গ্যাস, খনি এবং অন্যান্য শিল্প বিভাগ।

আন্তর্জাতিক গবেষণায় দেখা গেছে, সমসাময়িক একাডেমিক অবদানগুলো শিল্প ৪.০ এবং মূল্য সংযোজনের মধ্যে সংযোগগুলোকে তুলে ধরে; তবে এক্ষেত্রে বিভিন্ন শিল্পের বিষয়ে সীমিত জ্ঞান রয়ে গেছে। উদাহরণস্বরূপ, উৎপাদনের ওপর জোর দেওয়া হলেও পরিষেবা শিল্পকে উপেক্ষা করা হয়েছে। একটি উল্লেখযোগ্য গবেষণায় ইঙ্গিত দেওয়া হয়েছে, পরিষেবা ক্ষেত্রে শিল্প ৪.০ প্রযুক্তির রূপান্তরিত প্রকৃতি সত্ত্বেও একাডেমিক দিক থেকে এ বিষয়ে সীমিত মনোযোগ দেওয়া হয়েছে। তদুপরি, কর্মক্ষমতার ক্ষেত্রে শিল্প ৪.০ প্রযুক্তির প্রতিশ্রুতি কীভাবে শিল্পগুলো উপলব্ধি করে, তা খুব কমই জানা যায়। বিশেষ করে উদীয়মান অর্থনীতির ক্ষেত্রে। এরপর ২০ পৃষ্ঠায়




বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


নবাবগঞ্জ এসোসিয়েশন অব ইউএসএ ইন্‌ক
NAWABGONJ ASSOCIATION OF USA INC
পারস্পরিক সম্প্রীতি, আস্থা ও শ্রদ্ধাবোধের একটি অরাজনৈতিক সামাজিক সংগঠন
কার্যকরী কমিটি
২০২৫-২০২৭
মোহাম্মদ উজ্জ্বল বিপুল
সভাপতি
গনেশ কীত্তনীয়া
সাধারণ সম্পাদক
শেখ আবদুল মালেক
সিনিয়র সহ-সভাপতি
শেখ মাহমুদ সিদ্দিক
সহ-সভাপতি
মো: জাহিদ আলম
সহ-সভাপতি
গোলাম মোস্তফা
সহ-সভাপতি
রুবেল চৌধুরী
সহ-সভাপতি
আবুল কালাম কিরণ
সহ-সভাপতি
মজিবর রহমান বাবু
সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক
মেহেদী হাসান
যুগ্ম-সাধারণ সম্পাদক
আলবিন রোজারিও
সাংগঠনিক সম্পাদক
মো: মোয়াজ্জেম হোসেন ঈশা
সহ-সাংগঠনিক সম্পাদক
শফিক খান
কোষাধ্যক্ষ
শিল্পী রানী মন্ডল
মহিলা বিষয়ক সম্পাদক
ঝর্ণা বীথি
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
শ্রাবনী সরকার
সহ-সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
হাবিবুর রহমান হাবিব
প্রচার সম্পাদক
সৈয়দ এহসান
দপ্তর সম্পাদক
আসিফুল ইসলাম শাওন
ক্রীড়া সম্পাদক
মো: শাহরিয়ার
আপ্যায়ন সম্পাদক
নেছার আহমেদ
আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক
মোঃ শামীম আহমেদ
সমাজ-কল্যাণ বিষয়ক সম্পাদক
মো: সাইফুল ইসলাম
তথ্য ও প্রকাশনা সম্পাদক
গোলাম খান লিপন
১ম কার্যনির্বাহী সদস্য
তানভীর করিম
কার্যনির্বাহী সদস্য
ইমতিয়াজ আহমেদ
কার্যনির্বাহী সদস্য
ইসরাত জাহান
কার্যনির্বাহী সদস্য
ওয়াহিদা সুলতানা লুনা
কার্যনির্বাহী সদস্য
জয়নব আক্তার
কার্যনির্বাহী সদস্য
জায়েদুল ইসলাম
কার্যনির্বাহী সদস্য
নিরঞ্জন শীল
কার্যনির্বাহী সদস্য
শেখ অয়ন আহমেদ
কার্যনির্বাহী সদস্য
নাসিম খান
কার্যনির্বাহী সদস্য
মো: খায়রুল ইসলাম
কার্যনির্বাহী সদস্য
সাইমা সালাম রুনি
কার্যনির্বাহী সদস্য
তৌফিকুল ইসলাম পিয়াস
কার্যনির্বাহী সদস্য
মোঃ মিলন মোল্লা
কার্যনির্বাহী সদস্য
হাবিবুর রহমান হাবিব কর্তৃক প্রচারিত প্রকাশিত

NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
NY I
NY INSURANCE BROKERAGE
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
NY CAR & LIMO SERVICES INC B02902
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# এই সপ্তাহের কবিতা



## ‘আল্লা তুই দেহিস’...

### লুৎফর রহমান রিটন

বাউল সাধু সন্ন্যাসীদের অবয়ব বা গড়ন--
অন্যরকম ধরণ।
তাঁদের জীবন যাপন রীতি ভিন্ন ছকে বাঁধা।
সেইটা বুঝবে অশিক্ষিত নাপিত হারামজাদা?!
হাজার গেলাস পানি পিলাও সাধুর চরণ ধোয়া--
নাপিত তাতেও নাপিতই রয় স্বভাব যায় না খোয়া...
সন্তুরোর্ধ হালিম আকন্দ পথ দিয়ে যায় হেঁটে--
মূর্খ নাপিত হালিম সাধুর চুল দিয়েছে কেটে!!
ও নাপিতের বাচ্চা তোরও লম্বা মাথায় চুল!
কাটতে হলে নিজেরটা কাট! নেই বাঁধা বিলকুল।
(সাধুর আর্ত অভিশাপে তুই হবি নির্মূল)...
পাগড়ি পরা লম্বা চুলের ও নাপিতের ছানা--
থাকলে মুরোদ বিত্তশালী সাধুর কাছে যা না!
শ্বেতশুভ্র চুল দাঁড়িতে রুমহাদ ভাই ঠাঁসা!
তাঁরটাও কাট!! বুঝবি তবে পাগড়ি সর্বনাশা!! ....

লেখক : কবি, অটোয়া।



## আর্নেস্ট হেমিংওয়ে

### তমিজ উদদীন লোদী

তিনি ছিলেন এক ধরনের শূন্যতা,
একটি সাদা কাগজের উপর অভিযান;
শব্দগুলিকে তিনি গুলি করতেন পরিমিত গুলিতে,
যতক্ষণ না তারা মৃত্যুর মতো নিখুঁত হত।

সমুদ্র ছিল একটি পুরুষালি রূপক,
যার গভীরে লুকিয়ে ছিল একটি বিশাল, অদৃশ্য মাছ;
তার হাতের খাঁজে জমে থাকা লবণ বলেছিল সভ্যতার সমস্ত ধ্বংসের গল্প।
তাঁর লালিত আইসবার্গের চূড়া ডুবে থাকত জ্ঞানের অতলে,
আর উপরে ভাসত কেবল মৃত্যুর শীতল, অনড় সৌন্দর্য;
একটি সহজ বাক্য যার পিঠে বহন করে সমুদ্রপৃষ্ঠের সমস্ত নিষ্ঠুর ওজন।
তিনি খুঁজে বেড়াতেন সেই পরাজয়,
যা বিজয়ের চেয়ে বেশি সত্য;
যে শব্দহীনতা সমস্ত কোলাহলকে ডুবিয়ে দেয়।
শেষ পর্যন্ত, সেই নিঃসঙ্গ কফিন হাউসেই তিনি রেখে গেলেন তাঁর শেষ অলিখিত বাক্য-
একটি কী-হোলের ভিতর দিয়ে অবাধ্য সূর্যালোক।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## হেমন্তে যা হবে

### সুজন দাশ

শিশির কণা ভোরের বেলা
ঝলমলিয়ে করবে খেলা!
মিষ্টি রোদের আদরটুকু মেখে,
সোনার বরণ মাঠের ধানে
ঢেউ জাগাবে চাষীর প্রাণে!
মন রাঙাবে এমন ছবি দেখে।

হিমঝুরি আর মল্লিকা ফুল
রূপ ছড়িয়ে হাসবে অতুল!
কামিনী ফুল সুবাস দেবে রাতে,
দেব কাঞ্চন অশোক ছাতিম
মাখবে গায়ে কুয়াশা-হিম!
রূপের আলোয় ওঠবে হেসে প্রাতে।

নতুন ধানে ভরবে গোলা
চাষির মনে খুশির দোলা!
নবান্নে খুব জমবে পিঠাপুলি,
উৎসবের এই আমেজ ঘিরে
অতিথিরা আসবে নীড়ে
হবে মজা,- করবে কোলাকুলি।

কাশ ফুলেরা মলিন বেশে
শেষ হাসিটি ওঠবে হেসে!
শিউলিও বেশ চাইবে নজর তুলে,
খেজুর রসের মিষ্টি ঘ্রাণে
সুর জাগাবে পিঠার প্রাণে!
ঘুড়ি নোয়াও গাইবে গলা খুলে।



## শিশির ভেজা শরতের সকাল

### সুধাংশু কুমার মন্ডল

দেবী দূর্গা ঘরে এলো
পূঁজার গন্ধে ভরে গেল
ভোরে রবি উঠে এলো।
পূঁজার বাদ্য শুরু হলো।
ফুলে ফুলে ফুল বন,
ছন্দে গন্ধে ভরা মন।
শেফালী জবা কতকি
নানা রঙের আরো কতকি,
দুর্বাতে শিশির দোলে
দেখে রূপসির মন ভোলে,
কাঁশ বনে সাদা ফুলে
নদী বুকে শত ঢেউ তুলে
মাঝি চলে হেলে দুলে
ভাটিয়ালী ধূয়া দিল তুলে।
বধূরা আসে নদী ঘাটে
গল্প করে সময় কাটে
দূর্গা এলো ঘরে ঘরে
আনন্দ আর ধরে নারে।



## ফুলের হাসি

### সুফিয়ান আহমদ চৌধুরী

মায়ের হাসি মানিক ধন
হীরা মুক্তো পান্না,
মায়ের ছায়া বাতির আলো
নয় তো চোখে কান্না।

মায়ের মায়া মায়ের ছায়া
সূর্যের রাঙা আলো,
মায়ের খুশি জুড়ায় প্রাণ
দূরটা হয় কালো।

ফুলের হাসি মায়ের মুখ
ছন্দ নূপুর বাজে,
আদর ছায়া মায়ের মায়া
আলুক তালুক সাজে।

মায়ের কোলে শিশু বেলার
রঙিন স্মৃতি ভাসে,
সে সব কথা পড়ছে মনে
মনটা কত হাসে।

রাতের বেলা মায়ের পাশে
ঘুমিয়ে কী যে সুখে,
চাঁদের আলো ইলিক ঝিলিক
অথই খুশি মুখে।



## আমার দেশ, আমার আশ্রয়

### ইকবাল খান

অচেনা শহরের আলো-ঝলমলে পথে
ক্লান্ত সন্ধ্যা নেমে আসে কাচের অট্টালিকায়,
মানুষের ভিড়ে আমি থেকেও থাকি না-
চেনা কোলাহলেও অচেনা এক নিঃসঙ্গতা।

বহুদূর ভ্রমণের স্মৃতি জমে ওঠে বুকে,
ট্রেনের জানালা দিয়ে পালায় ধূসর পাহাড়,
নদীর স্রোত বহে যায় অন্য ভূগোলে,
তবু মন ফিরে আসে শেকড়ের টানে।

আমার প্রিয় জন্মভূমি-
তোমার ধানখেতের গন্ধে ভরে ওঠে হৃদয়,
তোমার নদীর ঢেউয়ে জেগে ওঠে গান,
তোমার মানুষের হাসিতে মুছে যায় পরবাসের ব্যথা।

বিদেশের পথে চলা অনেক হলো,
এবার ফিরে আসা আমার নিজের ঘরে,
যেখানে শিউলি ঝরে শরতের ভোরে,
যেখানে কাশবনের ঢেউ ডাকে অনন্ত স্বপ্নে।

আমি আছি এখানে, এখানেই স্থির হয়েছি,
মাটি, বাতাস, আকাশে বাঁধা চিরসত্যে।
আমার কবিতা শ্বাস নেয় এই মাটির বুকে,
আমার হৃদয়ের আশ্রয় শুধু এই জন্মভূমি।


নব-নির্বাচিত
কার্যকরী পরিষদ ২০২৫-২০২৭
GOLAM N HAIDER MUKUT
PRESIDENT
MA YUSUF BHUIYAN
SN.Vice President
MOHAMMAD NAZRUL ISLAM
GENERAL SECRETARY
SOHELA PARVIN BABY
Vice President
RUBEL CHOUDHURY
Vice President
MOHAMMAD ALI
Vice President
GAZI S KHOKON
MANIK WADUD
ABDUR RASHID BABU
ATIQUR RAHMAN TAREQ
Vice president
SHARMIN AHMED
Vice president
ABDUL KHALQUE
Vice president
DANIEL JUGES GOMEJ
JOINT SECRETARY
SHAHID ZAMAN
ASST. SECRETARY
MOHAMMED ISRAFIL
ASST. SECRETARY
MD. ESHAQUE MIAH
ORGANISING SECRETARY
ZIAUDDIN HAIDER MUNIF
AST.ORG.SECRETARY
NUR AMIN
TRESURER
পারস্পরিক সম্প্রীতি,আস্থা ও শ্রদ্ধাবোধের একটি অরাজনৈতিক সামাজিক সংগঠন
নব-নির্বাচিত
কার্যকরী পরিষদ ২০২৫-২০২৭
SELIM IBRAHIM
EXECUTIVE MEMBER
KHALID AHMED BABU
EXECUTIVE MEMBER
MD YOUSUF BIZU
EXECUTIVE MEMBER
ASAD ZAMAN
EXECUTIVE MEMBER
FRANCIS GOMEJ
EXECUTIVE MEMBER
MD FAROUK HOSSAIN
EXECUTIVE MEMBER
ABUL KALAM AZAD
EXECUTIVE MEMBER
SHAFIQUE H RASSEL
EXECUTIVE MEMBER
MD.MITHU MIA
EXECUTIVE MEMBER
নব-নির্বাচিত
কার্যকরী পরিষদ ২০২৫-২০২৭
KAWSAR ALAMGIR
CULTURAL SECRETARY
LYTTON PHILIPS
LITERATURE SECRETARY
WAZED MIA
HOSPITALITY SECRETARY
SHARIFUL ISLAM
OFFICE SECRETARY
SUBRO BABU
SPORTS SECRETARY
TARIQUL ISLAM
PUBLICITY SECRETARY
AUNAMIKA IQBAL
WOMEN AFFAIRS
RAKIB H MIAH
PUBLICATION
MOHAMMAD LITON
INTER-STATE
কার্যকরী পরিষদ ২০২৫-২০২৭
MD.S AHMED BIDDUT
EXECUTIVE MEMBER
MOHAMMAD RIAZ
EXECUTIVE MEMBER
AHSANUL MOBIN
EXECUTIVE MEMBER
ZAMAN BABU
EXECUTIVE MEMBER
PIJUS MONDAL
EXECUTIVE MEMBER
LOKMAN HOSSAIN
EXECUTIVE MEMBER
RASHADUL ISLAM
EXECUTIVE MEMBER
SUBASH DAS
EXECUTIVE MEMBER
M. HOSSAIN KHAN NAYAN
EXECUTIVE MEMBER
পারস্পরিক সম্প্রীতি,আস্থা ও শ্রদ্ধাবোধের একটি

# Hakeem Jeffries slams 'racist and fake' video posted by Trump



**Ajkal Desk**

House Minority Leader Hakeem Jeffries slammed the AI-generated deepfake video posted online by President Donald Trump Monday night as "racist and fake."

"Mr. President, the next time you have something to say about me, don't cop out through a racist and fake AI video," Jeffries told reporters Tuesday. "When I'm back in the Oval Office, say it to my face." He spoke while flanked by scores of House Democrats on the Capitol steps less than 14 hours before a possible government shutdown.

Trump met with Jeffries and Senate Minority Leader Chuck Schumer at the White House on Monday to discuss the impending shutdown. No deal was reached, though attendees said there was a "serious" and substantive conversation about their differences.

But hours later Trump posted the inflammatory video mocking Schumer and Jeffries, falsely accusing the Democrats in vulgar terms of seeking to restore government benefits for undocumented immigrants for political gain.

Jeffries is depicted in the video wearing a sombrero, remaining silent as mariachi music plays and Schumer delivers a fabricated rant about how "if we give all these illegal aliens health care, we might be able to get them on our side so they can vote for us."

Other House Democrats said Tuesday were livid about the video and its depiction of their leaders but were hopeful they would be able to stay above the fray.

"I think that we are getting close to a constitutional problem, because I think the president is sick," said Rep. Gregory Meeks (D-N.Y.). "I think there's something wrong with the man, really."

"It's childish behavior. I wouldn't tolerate my kids doing something like that, much less the president of the United States. Both sides are trying to work together and show goodwill. I don't see how that helps at all," said Rep. Grace Meng (D-N.Y.).

## BNP-Jamaat rift widens over PR

**Ajkal Desk**

A rift has widened between the Bangladesh Nationalist Party and its long-time ally Bangladesh Jamaat-e-Islami, with both sides trading words over the proposed proportional representation and the legal status of the July charter before the next general election. The two parties, once powerful coalition partners that jointly swept the 2001 general election against the Awami League, activities of which are now banned, have endured years of repression side by side.

But since the political upheavals of August 5, 2024, their partnership has shown visible signs of strain. Party forums, public statements, and press conferences have increasingly highlighted the divergence in their political strategies.

In the shifting political landscape after the July uprising, Jamaat-e-Islami has emerged as one of BNP's main rivals in policy terms.

While Jamaat and several Islamic parties are pressing for the adoption of the PR in the next election, the BNP leadership has strongly rejected the proposals, describing proportional representation as unsuitable for Bangladesh's political and social context. BNP secretary general Mirza Fakhrul Islam Alamgir, speaking to reporters during a visit to New York, said on Wednesday that the BNP was not against the reforms but would not endorse proportional representation.




He argued that the concept was alien to Bangladesh's political culture and lacked public understanding.

'Our position is very clear. We will not go for PR. The country's people will not accept it. They do not understand it,' Fakhrul said.

Jamaat, on the other hand, has insisted that PR is vital for a fair and representative election.

Party leaders claim that the proportional representation would prevent money politics, muscle power, and malpractice at polling centres, thereby ensuring that every vote carried equal value. At a press conference on Tuesday, Jamaat secretary general Mia Golam Parwar said that a road map for the next national election had already been outlined and that implementing PR was essential for a free, fair, and acceptable election. He said that most political parties, along with academics, journalists, and civil society members, had endorsed the PR, but one particular party was blocking progress out of suspicious intentions.

'If the government neglects these just demands and fails to resolve the issues swiftly, the people will be forced to adopt a harder stance,' he said.

BNP standing committee member Salahuddin Ahmed on Tuesday described the PR as a permanent restlessness system that had left many countries with unstable parliaments and fragile governments. Citing different surveys, he claimed that a majority of Bangladeshis opposed the idea and mocked suggestions that large numbers supported it. Meanwhile, Jamaat's nayeb-e-amir Mujibur Rahman on Monday told a party gathering that those who opposed the PR system were precisely those who benefitted from selling nominations.

He argued that PR would stop such practices, thereby reducing corruption and violence in politics. BNP leaders, on the other hand, continue to argue that PR would destabilise the parliamentary system and prevent the emergence of stable governments based on majority rule. On September 28, BNP senior joint secretary general Ruhul Kabir Rizvi criticised Jamaat, saying that an Islamic party had lost balance in its pursuit of power. He accused Jamaat of operating as an extension of a foreign organisation rather than an independent political party. Referring to a recent statement by a Jamaat leader that hinted at the possibility of conflict with a neighbouring country, Rizvi on September 29 said that such remarks were alarming and dangerous for national sovereignty and appeared to be part of a larger game plan. He said that unresolved issues with neighbouring countries, such as water sharing and trade disputes, should be resolved through diplomacy.

On September 18, Jamaat's secretary general Mia Golam Parwar accused the BNP of blocking reforms essential for a free and fair election.




## An Entire Generation of Americans Is Turning on Israel

**Ajkal Desk**

President Donald Trump is often at his most frank when he plays pundit, and so it went with his recent musings about Israel's war with Hamas and the political fallout. "They had total control over Congress, and now they don't," Trump told the Daily Caller in an interview published earlier this month, referring to Israel. "They're gonna have to get that war over with. … They may be winning the war, but they're not winning the world of public relations, you know, and it is hurting them."

Trump's not wrong about Israel's increasingly tattered international reputation. In just the last few days, Canada, the U.K. and Australia became the newest countries to recognize the state of Palestine. The U.S.-Israel relationship is also facing more scrutiny than ever before, with a rising number of lawmakers who once jostled to portray themselves as staunchly pro-Israel growing deeply critical. Israeli Prime Minister Benjamin Netanyahu's latest moves to launch a ground offensive in Gaza City, target Hamas leaders in Doha and deny evidence of widespread famine in the besieged strip are only further fueling the uproar.

Despite all that, the reality is that little is likely to change in Washington, at least for now. Congress is expected to keep greenlighting U.S. weapons for Israel and the Trump administration will almost certainly back even the country's most audacious actions, or at least do nothing to pressure them to stop. (Trump has promised Arab and Muslim leaders he will not allow Israel to annex the West Bank, though it is unclear what pressure he will apply to do so.)

But that won't last forever. Public polling makes clear that generational change is coming that is set to reshape U.S. policy toward Israel in fundamental ways. On both the left and the right, young Americans are growing more skeptical of offering unconditional U.S. support to Israel, particularly as the death toll in Gaza rises and the possibility of Palestinian statehood dims. At the same time, younger Israelis are veering hard to the right, becoming more nationalist and religious and less sympathetic to the Palestinians, a shift that will create more tension in the U.S.-Israel relationship in the years to come. A collision looks unavoidable. "We're at an inflection point, where the traditional values and security argument that has underpinned the relationship has come under a lot of strain — so no matter what comes next we need to reexamine the assumptions that underpin the relationship," said Elisa Ewers, who until recently was the top Democratic staffer on the Middle East on the Senate Foreign Relations Committee. "What worries me is that gap growing in the opposite direction inside of Israel, which makes it even more critical that we have a compelling logic to the relationship that's not 40 years old." The polls are not hard to decipher at this point. More than half of American adults — 53 percent — now have an unfavorable opinion of Israel and only 32 percent have confidence in Netanyahu, according to a Pew Research poll conducted in March shortly before he visited the United States. Democrats are more likely than Republicans to express unfavorable opinions of Israel, 69 percent versus 37 percent, but Republicans' negative views are steadily ticking upward.

That's particularly true of younger Republicans. In the last three years, the share of Republicans under 50 years old who have negative views of Israel jumped from 35 percent to 50 percent. And fully 71 percent of Democrats under 50 have an unfavorable view of Israel. Diminished support for Israel among Democrats, notably younger ones, began some years ago, particularly after Netanyahu cozied up to Trump in his first term and in the 2020 election, and Netanyahu's successive governments moving further to the right. While Americans of both parties backed Israel in the immediate aftermath of the October 7 attacks in which Hamas killed 1,200 people, such support has cratered as Israel's military response has left more than 64,000 Palestinians dead. The nationwide campus protests that sprung up against the war in Gaza have been the most obvious signs of youth discontent with U.S. support for Israel's war, and that largely stemmed from energy on the left. But such sentiment has been bleeding into the right, in part spurred along by Trump, who has made real inroads with younger voters and who was happy to seize on disaffection with President Joe Biden's Israel policy.

# Trump says Harvard deal is close, university will pay $500 million

**Ajkal Desk**

President Donald Trump said on Tuesday that his administration was close to a deal with Harvard University that would include a $500 million payment by the Ivy League institution, after months of negotiations over school policies.
The administration has been wrangling with several prestigious universities, threatening to withhold federal funds over issues including pro-Palestinian protests against Israel's war in Gaza, campus diversity and transgender policies.
"We are in the process of getting very close," Trump told reporters at an event in the Oval Office. "Linda is finishing up the final details," he said, referring to Education Secretary Linda McMahon.
"And they'll be paying about $500 million and they'll be operating trade schools. They're going to be teaching people how to do AI and lots of other things, engines, lots of things," he said. He offered no further details on the deal.
Cambridge, Massachusetts-based Harvard had no immediate comment on Trump's remarks.
Rights advocates have raised free speech, privacy and academic freedom concerns over the Trump administration's probes into universities.
Trump has said that Harvard and other universities allowed displays of antisemitism during pro-Palestinian protests.
Protesters, including some Jewish groups, say the government wrongly equates criticism of Israel's assault on Gaza and its occupation of Palestinian territories with antisemitism, and advocacy for Palestinian rights with support for



extremism. The government has not announced probes into Islamophobia.
Harvard task forces said in late April that the school's Jewish and Muslim students faced bigotry and abuse during the course of Israel's war in Gaza after the October 2023 Hamas attack.
Actions against Harvard, other Ivy League schools
Several other Ivy League schools have made deals with the Trump administration in recent months, including Columbia University and Brown University, which accepted certain government demands. Columbia agreed to pay more than $220 million to the government and Brown said it will pay $50 million to support local workforce development.
The Trump administration zeroed in on the pro-Palestinian protest movement that roiled Harvard's campus, moving to terminate more than $2 billion in research grant funding to the university.
It also sought to bar international students from attending the school, threatened Harvard's accreditation status, and opened the door to cutting off more funds by finding it violated federal civil rights law.
Harvard President Alan Garber has said that the various federal actions since Trump returned to office in January could strip the school of nearly $1 billion annually, forcing it to lay off staff and freeze hiring.
Harvard challenged some of those actions in court, arguing the Trump administration was retaliating against it in violation of its free-speech rights after it refused to meet officials' demands that it overhaul its governance, hiring and academic programs to align with their ideological agenda.
Its two lawsuits were assigned to U.S. District Judge Allison Burroughs, a Boston-based appointee of Democratic former President Barack Obama, who blocked the Trump administration from closing the door to international students and on September 3 barred it from continuing to cut off Harvard's research funding.
But the administration in the days since the ruling has continued to escalate its fight with Harvard. A day before Trump's latest comments, the U.S. Department of Health and Human Services said that it would start a process that could lead to the school being barred from contracts with all government agencies or receiving funding.
The government has faced other legal setbacks in its attempts to freeze federal funding to universities. Last week, a federal judge ordered Trump's administration to restore more than $500 million of frozen federal grants to the University of California, Los Angeles.(Source-Reuters)



# Normalcy returning to Khagrachhari

**Ajkal Desk**

Despite the suspension, Section 144, which prohibits public gatherings, remains in effect in Khagrachhari Sadar and Guimara upazilas.
During a visit to Shapla Chattar in Khagrachhari town yesterday, The Daily Star found vehicles moving freely and most shops reopening. Long-distance bus services also resumed around 9:00am. Law enforcers were deployed at key intersections, stopping and questioning "suspicious" individuals.



"I can finally return home today as the blockade has been lifted," said Anil Bikash Chakma at the Panchhari auto-rickshaw stand. He had been stranded in the town after a doctor's visit.
Truck driver Md Zainal Abedin said his family had suffered during the days he was unable to earn due to the blockade. At a bus counter, Anil Dev, travelling with his family to Rangunia, Chattogram for Durga Puja, said, "We had been unable to go home for days. Today [yesterday] we can finally leave."
At 9:00pm Tuesday, Jumma Chhatra Janata announced on Facebook that the blockade had been suspended following assurances from the district administration and out of respect for Durga Puja. The organisation said the suspension will remain in effect until October 5 but warned of tougher programmes if its eight-point demands are not met.
Khagrachhari Deputy Commissioner ABM Iftekharul Islam Khandker told The Daily Star that Section 144 would be withdrawn only if law enforcers deem the situation fully stable.
Protests erupted after a teenager was allegedly raped while returning home from private tutoring on September 23. Her relatives found her unconscious in a field around 11:00pm. Police later arrested one suspect, Shayan Sheel, while the victim's father filed a complaint against three unidentified men.
Anger over the incident sparked widespread protests under the banner of Jumma Chhatra Janata. The next day, the group called a blockade across the three hill districts. Violence escalated on Sunday at Ramesu Bazar in Guimara upazila, where clashes between protesters, law enforcers, and locals siding with security forces turned deadly.

# Ilias Kanchan diagnosed with brain tumour, receiving treatment abroad



**Ajkal Desk**

Veteran actor Ilias Kanchan has been unwell for the past seven months and has been receiving treatment in London for the past six months.
Speaking at a press conference on Wednesday, his son Mirazul Moin Joy said, "My father, Ilias Kanchan, has been diagnosed with a brain tumour. His treatment is ongoing, and he is currently in London. He has been staying there for an extended period due to his medical treatment."
He added that earlier this year, Ilias Kanchan began experiencing various health issues. As his condition gradually deteriorated, family members initially took him to doctors in Dhaka. Following medical advice, he was then taken abroad for further treatment. Mirazul Moin Joy also stated that Ilias Kanchan left Dhaka for London on April 26. The day after his arrival, he was admitted to Harley Street Clinic under the care of a neurosurgeon. A new phase of treatment is set to begin in the coming days and will continue for six weeks, followed by a four-week observation period under the doctors' supervision.

# Shah Rukh Khan to host Filmfare Awards after 17 years



**Ajkal Desk**

Superstar Shah Rukh Khan is set to return as host of the Filmfare Awards in 2025, marking his first time taking on the role since 2008. According to the organisers' announcement on Tuesday, he will be joined by Maniesh Paul and Karan Johar in co-hosting the prestigious ceremony.
Yesterday, Filmfare announced the news through its official Instagram page, writing: "The Superstar, The Icon, The Enigma, hold your hearts, because the one and only Shah Rukh Khan is set to co-host the much-awaited 70th Hyundai Filmfare Awards 2025 with Gujarat Tourism, scheduled for October 11 at Eka Arena in Ahmedabad."
Shah Rukh Khan has hosted the Filmfare Awards several times in the past, most famously with Saif Ali Khan in 2003 and 2004. He later teamed up with Karan Johar in 2007, and in 2008 co-hosted the 53rd edition alongside Saif, Karan, and Vidya Balan — marking his last full hosting stint at the ceremony.
Known for bringing his signature humour and wit to the stage, Shah Rukh's chemistry with Saif, in particular, won audiences over with their playful jibes and dry comedy. Since then, the actor has only appeared as a guest host for select segments on a few occasions.
The 70th Filmfare Awards are set to take place on October 11 at EKA Arena by Kankaria Lake in Ahmedabad. This will be the first time the prestigious event is being hosted in Gujarat, following an MoU signed in Gandhinagar between the Tourism Corporation of Gujarat Limited (TCGL) and Worldwide Media Private Limited, in the presence of Chief Minister Bhupendra Patel.

## পুলিশও মানুষ: হাইওয়েতে দৃষ্টান্ত

৬ পৃষ্ঠার পর

যেখানে প্রধান উপদেষ্টা আইনশৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দিয়েছেন, সেখানে পুলিশের এই চক্রকে বশ করতে না পারলে সুষ্ঠু নির্বাচন বাধাগ্রস্ত হওয়ার শঙ্কা ছড়াচ্ছে। এ কারণেই বঞ্চিত, যোগ্য, সৎ ও পেশাদার কর্মকর্তাদের প্রায়োরিটি দিয়ে পুলিশ বাহিনীকে সংস্কার ও নির্বাচনের কাজে উপযুক্ত করার তাগিদ।

পুলিশ বলতেই সবাই বেনজীর, হাবিব, হারুন, আসাদুজ্জামান, মনিরুল, বিপ্লব কুমার সাহা, প্রলয় জোয়ার্দার নন। সংখ্যায় তারা গোটা পুলিশের দুই শতাংশও হবেন না। কিন্তু ধারে-ভারে এবং নানা দুষ্কর্মে পাকা বলে সংখ্যায় বেশি মনে হয়। বাকিরাও এক পাল্লায় মাপার প্রাণী হয়ে গেছেন। কিন্তু সততা-পেশাদারিত্ব নিয়ে কিছু ব্যক্তি না থাকলে পুলিশ বা কোনো বিভাগই থাকে না। পুলিশেও তেমন অসংখ্য সদস্য থাকায় কাঙ্ক্ষিত পর্যায়ে না হলেও বাহিনীটি একটু একটু করে ঘুরে দাঁড়াতে শুরু করেছে। নির্বাচনের এখনো সাড়ে চার মাসের মতো বাকি। পুলিশকে তিন মাস ট্রেনিং দেওয়ার আয়োজন চলছে। সেটা হবে মূলত [illegible] ট্রেনিং। থাকবে ভোট কারচুপি-জালিয়াতিতে না জড়ানোর শপথ। নির্বাচন সুষ্ঠু ও সুন্দর করা শুধু নির্বাচন কমিশনের পক্ষে সম্ভব নয়। এর ফ্রন্ট লাইনার সরকার। আর ক্যাপ্টেন নির্বাচন কমিশন। মাঠকে শান্তিশীল রাখার আস্থায় আইনশৃঙ্খলা বাহিনী। এ কাজে পুলিশকে প্রস্তুত করে দেওয়া সরকারের নির্বাহী বিভাগের দায়িত্ব। এ প্রশ্নে কোনো 'তবে-কিন্তু-যদি'র সুযোগ নেই। সরকারের দিক থেকে এ-সংক্রান্ত কিছু প্রস্তুতির কথা জানানো হয়েছে। নির্বাচনের সময় ভোটকেন্দ্রে নিরাপত্তা জোরদার করতে পুলিশের জন্য কমপক্ষে ৪০ হাজার বডিওয়্যার ক্যামেরা দেবে সরকার। প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে উচ্চপর্যায়ের এক সভায় এ পদক্ষেপ নিয়ে আলোচনা হয়েছে।

সরকারের আশা বডিক্যাম নামে পরিচিত এ ডিভাইসগুলো হাজার হাজার ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্রে নিরাপত্তা জোরদার করবে। পুলিশ নির্বাচনের সময় ডিভাইসগুলো তাদের বুকে পরলেই সব ঠিক হয়ে যাবে এমনটি ভাবা যায় না। কারণ, পদক্ষেপ হিসেবে এটি একদম নতুন নয়। এর আগে ট্রাফিক, হাইওয়েসহ কয়েক জায়গায় এ ধরনের ক্যামেরার প্রচলন হয়েছে। কিন্তু সাফল্যের খবর আসেনি। পুলিশ সদস্যরা অন্যের অপকর্ম ধরার চেয়ে নিজেদের অপকর্ম ঢেকেছে। ক্যামেরা দূরে কোথাও রেখে যা করার করেছে। প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিনের উপলব্ধি পুলিশ একটু একটু করে ঘুরে দাঁড়িয়েছে। তার ভাষায়-আমাদের পুলিশ ভাইয়েরা ঘুমাতে পারছেন না, তারা সেবা দিয়ে যাচ্ছেন। ইলেকশন আসতে আসতে আরও ভালো হবে।

আইনশৃঙ্খলা শুধু নির্বাচন নয়, গণতন্ত্র, জননিরাপত্তা, ব্যবসা-বিনিয়োগসহ অনেক কিছুতে সম্পৃক্ত। নিত্যপণ্যের বাজারসহ সামগ্রিক অর্থনীতির সঙ্গেও প্রাসঙ্গিক। বিশেষ করে পণ্য পরিবহন একটি বড় ফ্যাক্টর। এতে পণ্যের দাম ওঠানামায় ম্যাটার করে। নানান সিন্ডিকেট ও প্রতিবন্ধকতার মাঝেও বাজারে পণ্য সরবরাহ, মিল-কারখানার মালামাল সরবরাহ স্বাভাবিক রাখতে পুলিশের হাইওয়ে বিভাগের নিরবচ্ছিন্ন কাজ অনেকের চোখ এড়িয়ে যাচ্ছে। গেল কোরবানি ঈদে গরু-ছাগলসহ বাজারে পশু সরবরাহ নিরবচ্ছিন্ন রাখতে এ বিভাগটি দৃষ্টান্ত তৈরি করেছে। অথচ পুলিশে হাইওয়ে একটি ডাম্পিং স্টেশন। কারও কারও দৃষ্টিতে সংস্কারের অভিজ্ঞতার শিকার হওয়া সমান। যার তাজা উদাহরণ গত সপ্তাহে ঘটালেন ডিআইজি রেজাউল করিম। মুখে দাঁড়ি থাকায় এক ওসিকে নোংরা ভাষায় কটাক্ষ করেন তিনি। আইজিপির কাছে লিখিত অভিযোগ করেছেন নিগৃহীত গাজীপুরের বাঁশতলা হাইওয়ে থানার ওসি।

সড়ক দুর্ঘটনায় তিনজন নিহতের ঘটনার তদন্ত করতে গিয়ে অভিযুক্ত গাড়ির মালিককে ফোন করার কারণে নগদে সিলেটে বদলি করে দেওয়া হয়েছে তাকে। হাইওয়ের ওই ওসিকে হেডকোয়ার্টারে ডেকে নিয়ে ওই গাড়ির মালিকের সামনে অপমান-অপদস্থ করেছেন পুলিশের কয়েক কর্তা। সারা দেশের মহাসড়ক নিরাপদ ও চাঁদাবাজি কমিয়ে আনতে বিনা প্রচার-প্রসারে কাজ করছে হাইওয়ে পুলিশ। জনবলসহ লজিস্টিকে ব্যাপক ঘাটতিতে ভুগে থাকা হাইওয়ে পুলিশ প্রধানের দায়িত্বে রয়েছেন বিগত সরকার আমলে চরম নিগৃহীত ১২তম বিসিএস ব্যাচের কর্মকর্তা অতিরিক্ত আইজিপি মো. দেলোয়ার হোসেন মিঞা। ২০২২ সালের ১৯ অক্টোবর এসপি থাকা অবস্থায় তাকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়ে দেয় আওয়ামী লীগ সরকার। ২০২৪ সালের ২৭ আগস্ট অন্তর্বর্তী সরকার তাকে চাকরিতে পুনর্বহাল করে। বিভাগীয়ভাবে সিনিয়র মোস্ট হওয়ার পরও তার ঠাঁই হয়েছে হাইওয়েতে। সারা দেশের জাতীয় ও আঞ্চলিক সড়কের দৈর্ঘ্য ২১ হাজার ৮৮৮ কিলোমিটার। সেই হিসেবে বৃহৎ অংশই হাইওয়ে পুলিশের নজরদারি বা দেখভালের বাইরে পড়ে থাকছে। হাইওয়ের ৭৩টি থানার প্রতিটিতে গড়ে পুলিশ সদস্য ৩৪ জন। এর মধ্যে অফিসারসহ ১২ জন থাকেন থানার প্রশাসনিক দায়িত্বে। বাকি ২২ জন অভিযান, টহল, যানজট নিরসন ও দুর্ঘটনা ব্যবস্থাপনার কাজে। সেখানেও আবার শিফটিং ডিউটিতে বাস্তবে লোকবল আরও কম। এত কম জনবলেই গড়ে প্রতিটি থানাকে ৪১ কিলোমিটার সড়কের দেখভাল করতে হয়। কাজে নির্লিপ্ত বা হতাশ না হয়ে দেলোয়ার হোসেন গত এক বছরে মহাসড়কে বিশৃঙ্খলা ও ডাকাতি-ছিনতাই ঠেকানোর নজির গড়েছেন। সীমিত জনবল ও যৎসামান্য সরঞ্জামেই ৩ হাজার কিলোমিটার সড়কের শৃঙ্খলা-নিরাপত্তা দেখভালে রেকর্ড গড়েছেন কাজের একাগ্রতা ও পুলিশি অভিজ্ঞতার পুঁজিতেই। পুলিশের অন্য বিভাগেও নিশ্চয়ই এমন দৃষ্টান্তের [illegible] অসম্ভব নয়।

লেখক: সাংবাদিক-কলামিস্ট; ডেপুটি হেড অব নিউজ, বাংলাভিশন।

## বাংলাদেশে চতুর্থ শিল্পবিপ্লব কতটা দরকারি

১২ পৃষ্ঠার পর

আধুনিক প্রযুক্তি ও উদ্ভাবনে তার শক্তিগুলোকে কাজে লাগিয়ে বাংলাদেশ শিল্প ৪.০-এর ধারণাটি থেকে উল্লেখযোগ্যভাবে উপকৃত হতে প্রস্তুত। ২০২২ সালের ডিসেম্বর ঢাকা ইউনিভার্সিটি জার্নাল অব ম্যানেজমেন্ট (খণ্ড ১৪, নং ১) অনুসারে, দেশের ৩৮.৫২ বিলিয়ন ডলারের পোশাকশিল্প এআই, সেন্সর, ইআরপি, এসএমডি, জিএসডি, বিগ ডেটা, ক্লাউড এবং এম২এম যোগাযোগের মতো প্রযুক্তি গ্রহণ করে শিল্প ৪.০ ধারণা প্রয়োগের জন্য প্রস্তুত। এ পরিবর্তন বাংলাদেশের জন্য বিশ্বব্যাপী প্রতিযোগিতার সুযোগ বৃদ্ধি করবে এবং তা প্রযুক্তিচালিত উৎপাদন ও পরিষেবা খাতে দেশের প্রবৃদ্ধিকে অব্যাহত রাখবে। শিল্প ৪.০ উদ্যোগ বাংলাদেশের জন্য চ্যালেঞ্জ ও সুযোগ উভয়ই উপস্থাপন করে। আমাদের দেশটি শিল্প ৪.০ কৌশল ডিজাইন ও চাহিদা পূরণের জন্য সরঞ্জাম সংগঠিত করার ক্ষেত্রে বাধার সম্মুখীন হলেও উৎপাদনব্যবস্থাকে অপ্টিমাইজ করে এমন স্মার্ট কারখানা তৈরির সম্ভাবনাও এর রয়েছে। এ পরিবর্তনকে সহজতর করার জন্য প্রয়োজনীয় জ্ঞানের অগ্রগতি, সরঞ্জাম সহযোগিতা এবং প্রণোদনা প্রদানে সরকারের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শিল্প ৪.০ এজেন্ডার প্রতি বাংলাদেশের অঙ্গীকার স্পষ্টতই কার্বনমুক্তকরণ এবং স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের প্রচেষ্টার মাধ্যমে স্পষ্ট হতে পারে। পণ্যভিত্তিক ব্যবসায়িক মডেল গ্রহণ এবং খাত-নির্দিষ্ট উদ্যোগে বিনিয়োগের মাধ্যমে অটোমেশন এবং আসন্ন শিল্প ৪.০ দ্বারা সৃষ্ট চ্যালেঞ্জগুলো মোকাবিলা করার লক্ষ্য নির্ধারণ খুবই জরুরি। এটি একটি ব্যাপক পদ্ধতি, যার লক্ষ্য দেশের শিল্প সক্ষমতা বৃদ্ধি, উৎপাদনশীলতা উন্নত করা এবং টেকসই কর্মসংস্থান তৈরি করা। সর্বোপরি আমি বলতে পারি, যদি শিল্প ৪.০ ধারণা সম্পূর্ণরূপে প্রয়োগ করা সম্ভব হয়, তাহলে প্রযুক্তিগত অগ্রগতি গ্রহণের মাধ্যমে বাংলাদেশ বিশ্বব্যাপী এক্ষেত্রে নিজেকে একজন নেতা হিসাবে প্রতিষ্ঠিত করতে পারবে।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, শিল্প ৪.০ অন্তর্ভুক্তিমূলক জিডিপির নিরবচ্ছিন্ন বৃদ্ধির মাধ্যমে সম্পদ সর্বাধিক করার এবং শিক্ষা, স্বাস্থ্য ও পরিবেশের মতো সামাজিক উন্নয়ন সূচকগুলোতে উন্নতির বিশাল সুযোগ সৃষ্টি করবে। টেকসই উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান এবং মজুরি অর্জন, প্রযুক্তিগত উন্নয়ন এবং মূল্য শৃঙ্খলে গতিশীলতা এবং উন্নয়নশীল দেশের সংস্থাগুলো এটি বাস্তবায়নে যে সমস্যার সম্মুখীন হচ্ছে তা ব্যাপকভাবে পরিচিত। এর মধ্যে রয়েছে-১. নতুন (ঝুঁকিপূর্ণ) প্রযুক্তি কেনার জন্য তহবিল সংগ্রহ, ২. কর্মী ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি এবং ৩. আনুষঙ্গিক সম্প্রসারণের জন্য জমিপ্রাপ্তি, বিশেষ করে অবস্থানগত ক্লাস্টারগুলোয়। এ সমস্যাগুলোর পাশাপাশি অবকাঠামোগত সীমাবদ্ধতা, ইউটিলিটি সরবরাহ এবং নীতিমালার পূর্বাভাসযোগ্যতা রয়েছে এবং প্রযুক্তিগত উন্নয়নের সঙ্গে সম্পর্কিত সামগ্রিক সমস্যাগুলো মোকাবিলা করার দরকার হবে। সুশাসনের মাধ্যমে নীতিগত প্রতিক্রিয়া গঠনের সময় এবং বিনিয়োগের অনুশীলন বৃদ্ধির মাধ্যমে এ দ্বিতীয় বিষয়গুলোকে অগ্রাধিকার দেওয়া অত্যন্ত জরুরি। বাংলাদেশের আধুনিক রাজনৈতিক দল হিসাবে বিএনপি দেশের শিল্পবিপ্লবকে শক্তিশালী করার জন্য এ দৃষ্টিভঙ্গি এবং প্রেরণাগুলোকে তাদের ৩১ দফায় একীভূত করতে পারে। এ বিষয়টি এখন একটি সময়ের দাবিতে পরিণত হয়েছে, কারণ উপযুক্ত নেতৃত্বের মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়ন এখন প্রত্যেক নাগরিকেরই প্রত্যাশা। সবশেষে বলতে চাই, পঞ্চম শিল্পবিপ্লব (৫ আইআর), যা ইন্ডাস্ট্রি ৫.০ নামেও পরিচিত, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স এবং নবায়নযোগ্য শক্তির মতো উন্নত প্রযুক্তি এবং মানুষের মধ্যে নতুন প্রযুক্তির সহযোগিতার সুযোগ সৃষ্টির ওপর জোর দেয়। এর লক্ষ্যই হচ্ছে টেকসই, মানবকেন্দ্রিক এবং স্থিতিস্থাপক শিল্প তৈরি করা। এক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং রোবটিক্সের মতো প্রযুক্তিগুলোর মধ্যে নতুন সুযোগ তৈরি করে চাকরির বাজারে নতুন নতুন পণ্য ও পরিষেবা তৈরি করা, যা রূপান্তরিত ব্যবস্থাপনাকে সামনে নিয়ে আসে। এখানে আরও বলতে পারি, এ বিপ্লব কর্মক্ষেত্রের প্রক্রিয়াগুলোকে উন্নত করার ওপর দৃষ্টি নিবদ্ধ করে এবং নিশ্চিত করে যে, প্রযুক্তি মানুষের ক্ষমতা প্রতিস্থাপনের পরিবর্তে তাদের পরিপূরক হবে।

ড. শাহ জে মিয়া : প্রফেসর অব বিজনেস এনালিটিক্স অ্যান্ড অ্যাপ্লাইড এআই, নিউক্যাসল ইউনিভার্সিটি, নিউ সাউথ ওয়েলস, অস্ট্রেলিয়া।

## 'ড. ইউনূসের মধ্যে জিয়ার প্রতিচ্ছবি'

৫ পৃষ্ঠার পর

আলবদরদের ক্ষমা, গোলাম আযমকে বাংলাদেশে এনে নাগরিকত্ব দেয়া এবং রাজনীতি করার সুযোগ দেন জিয়াউর রহমান। শাহ আজিজকে প্রধানমন্ত্রী ও মশিউর রহমান যাদু মিয়াকে মন্ত্রী বানান তিনি। জিয়া আমাদের মুক্তিযুদ্ধের চেতনায় প্রতিষ্ঠিত ৭২ এর সংবিধান থেকে ধর্ম নিরপেক্ষতা মুছে ফেলেন। জয় বাংলার বদলে - বাংলাদেশ জিন্দাবাদকে পুনঃ প্রতিষ্ঠিত করেন। বাংলাদেশ বেতার নাম পরিবর্তন করে রেডিও বাংলাদেশ করেন। - এভাবে পুরা দেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে বাদ দিয়ে পাকিস্তানি ভাবধারার রাজনীতি প্রতিষ্ঠিত করেছিলেন। বেগমজিয়াও পাকিস্তানের পরামর্শে তার মন্ত্রিসভায় কুখ্যাত চারজন যুদ্ধাপরাধীকে মন্ত্রী বানিয়েছিলেন। ড. মুহাম্মদ ইউনূস প্রসঙ্গে। তিনি একজন বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির শিক্ষক ছিলেন। নোবেল বিজয়ী কিন্তু তিনি একজন স্বাধীনতা বিরোধী। তবে তিনি যুদ্ধাপরাধী নয়। তিনি সরাসরি পাকিস্তানের প্রতিনিধি হয়ে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সমর্থন নিয়ে বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতা দখল করেছেন। এখানে তার মধ্যে হুবহু জিয়ার মিল রয়েছে। ১৯৭১ সালে নিক্সন জিয়াকে নিয়ে আমাদের স্বাধীনতার বিরুদ্ধে কাজ করিয়েছেন। আর ২০২৪ সালে বাইডেন ড. ইউনূসকে নিয়ে বাংলাদেশকে পাকিস্তান বানানোর সব প্রক্রিয়া সম্পূর্ণ করেছেন। পাকিস্তান আমাদের শত্রু। ৩০ লক্ষ মানুষকে হত্যা করেছে। তিন লক্ষ মা বোনকে ধর্ষণ করেছে - এদেশের সমস্ত কিছু ধ্বংস করে মাটির সাথে মিশিয়ে দিয়েছে। আমাদের সর্বস্ব লুটপাট করে নিয়ে গেছে পাকিস্তানি সেনাবাহিনী। দীর্ঘ ৯ মাস যুদ্ধ করে অবশেষে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর ঢাকার রেসকোর্স ময়দানে ৯৪ হাজার পাকিস্তানি আর্মি আত্মসমর্পণ করে এই স্বাধীন ভূখণ্ড থেকে বিদায় নেয়। ২০২৪ সালে ড. ইউনূস ইউএসএআইডির ২৯ মিলিয়ন ডলার নিয়ে বাংলাদেশে জঙ্গি হামলা করে - এই জঙ্গিরা দেশে সন্ত্রাস, হত্যা, ধর্ষণ, অগ্নিসংযোগ, লুটপাট করে দেশের সমস্ত অবকাঠামো ভেঙে দেয় - পুলিশের উপর হামলা করে থানা দখল করে সমস্ত অস্ত্র লুটপাট করে নিয়ে যায় এবং তিন হাজার দুইশত পুলিশ সদস্যকে হত্যা করে। সারা বাংলাদেশে একযোগে হামলা চালিয়ে আওয়ামী লীগের হাজার হাজার নেতাকর্মীকে হত্যা করে, নারীদের ধর্ষণ করে, তাদের ঘরবাড়িতে আগুন ধরিয়ে দেয়। তাদের সব ধন-সম্পদ লুটপাট করে নিয়ে যায় ১৯৭১ সালের যুদ্ধের কায়দায়। এরপর ইউনূস ক্ষমতা দখল করে বাংলাদেশ থেকে আওয়ামীলীগ নিষিদ্ধ করে। আওয়ামী লীগের চার লক্ষ নেতাকর্মী সমর্থককে জেলে আটকে রেখে নির্যাতন করে। জিয়া ছিল ১৯৭১ সালে পাকিস্তানের এজেন্ট, আর ড. ইউনূস ২০২৪ সালে আমেরিকার নির্দেশনায় পাকিস্তানের এজেন্ট হয়ে বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতা দখল করেন। বাংলাদেশকে পাকিস্তান বানানোর সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করেন। জিয়া এবং ইউনূসের মধ্যে যে অপূর্ব মিল রয়েছে আর সেই কারণেই মির্জা ফখরুল ইউনূসের চেহারায় জিয়াকে খুঁজে পান একজন স্বৈরাচারী হিসেবে।

## রাষ্ট্র হিসেবে স্বীকৃতি: ফিলিস্তিনিদের দেওয়া এক ফাঁপা উপহার

৫ পৃষ্ঠার পর

নিতে পারবেন এই বলে: আমরা তো অপরাধীকে শাস্তি দিয়েছি আর ভুক্তভোগীকে পুরস্কৃত করেছি। কাজেই এখন আর গাজা নিয়ে কিছু ভাবার দরকার নেই। আমরা আমাদের করণীয় করেছি।

এটা বড্ড বেদনাদায়ক যে ফিলিস্তিন রাষ্ট্রকে এখন স্বীকৃতি দেওয়া আসলে এক ভ্রান্তি, প্রায় পাগলামি। দুই রাষ্ট্র সমাধানের কোনো অংশীদার নেই: না ইসরায়েলে, না ফিলিস্তিনে। গাজা তো প্রায় ধ্বংস হয়ে গেছে, পশ্চিম তীর রূপ নিয়েছে একগুচ্ছ বান্টুস্তানে, যেখানে কোনো রাষ্ট্র গঠনের উপায় নেই। আপনি কি গাজার টিকে থাকা নগণ্য অংশকে রক্ষা করতে চান? তাহলে এক্ষুনি ইসরায়েলের ওপর কঠোর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে। আপনি কি দীর্ঘমেয়াদি কিছু করতে চান? তাহলে জর্ডান নদী থেকে ভূমধ্যসাগর পর্যন্ত সব মানুষের জন্য গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে।

গিডিয়ন লেভি ইসরায়েলি সাংবাদিক ও লেখক। হারেৎজে প্রকাশিত লেখাটি ইংরেজি থেকে বাংলায় রূপান্তর করেছেন আসজাদুল কিবরিয়া।

## ইনসাফ প্রতিষ্ঠায় অনুপম আদর্শ

২৫ পৃষ্ঠার পর

নবীজির (সা.) ইনসাফময় জীবনে উল্লেখ করার এবং শিক্ষাগ্রহণের মতো হাজারো ঘটনা রয়েছে। একবার চুরির অপরাধে মাখজুম গোত্রের এক মহিলার হাত কেটে ফেলার সিদ্ধান্ত হয়। নবীজির স্নেহধন্য উসামা (রা.) নবীজির কাছে মহিলার হাত না কাটার জন্য বিশেষ সুপারিশ করেন। নবীজি তার সুপারিশ বাতিল করে যে ঐতিহাসিক ঘোষণা দিয়েছিলেন, আসুন তা হজরত আয়েশা (রা.)-এর ভাষায় শুনি। তিনি বলেন, 'মাখজুম গোত্রের এক মহিলার চুরির ঘটনা কুরাইশের গণ্যমান্য ব্যক্তিবর্গকে অত্যন্ত উদ্বিগ্ন করে তুলল। এ অবস্থায় তারা বলাবলি করতে লাগল, এ ব্যাপারে আল্লাহর রাসুল (সা.)-এর সঙ্গে কে আলাপ করতে পারে? তারাই উত্তরে বলল, একমাত্র রাসুলের প্রিয় উসামা বিন জায়েদ (রা.) এ ব্যাপারে আলোচনা করার সাহস করতে পারেন। উসামা নবীজির সঙ্গে কথা বললেন। প্রস্তাব শুনে নবীজির চেহারার রং বিবর্ণ হয়ে গেল। নবীজি বললেন, তুমি কি আল্লাহর নির্ধারিত সীমা লঙ্ঘনকারিণীর সাজা মওকুফের সুপারিশ করছ?

উসামা নবীজিকে বললেন, আমার জন্য ক্ষমা প্রার্থনা করুন হে নবীজি। অতঃপর সন্ধ্যাবেলায় নবীজি খুতবায় দাঁড়িয়ে আল্লাহর যথাযথ প্রশংসা করে বললেন- তোমাদের পূর্বের জাতিগুলোকে এ কাজই ধ্বংস করেছে যে, যখন তাদের মধ্যে কোনো বিশিষ্ট লোক চুরি করত, তখন তারা বিনা সাজায় তাকে ছেড়ে দিত। অন্যদিকে যখন কোনো অসহায় গরিব সাধারণ লোক চুরি করত, তখন তার ওপর নির্ধারিত শাস্তি প্রয়োগ করত। আল্লাহর কসম, যদি মুহাম্মদের কন্যা ফাতিমাও চুরি করত তা হলে আমি অবশ্যই তাঁর হাত কেটে দিতাম। তারপর নবীজির নির্দেশে ওই মহিলার হাত কেটে ফেলা হলো। আয়েশা (রা.) বলেন, অতঃপর মহিলা খাঁটি তওবা করে বিয়ে করল। সে যখন আমার কাছে আসত, আমি তার প্রয়োজন নবীজির কাছে উপস্থাপন করতাম।' (বোখারি : ৬৭৮৭)।

পৃথিবীতে মানুষের সবচেয়ে আপন হলো তার পরিবার। জীবনের হাসি-কান্না, সুখ-দুঃখ সবক্ষেত্রে মিশে থাকে পরিবার নামক বটবৃক্ষের ছায়া। জন্মের দিন থেকে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত অবিরাম সফর করেও এই বটবৃক্ষের ছায়া আমরা অতিক্রম করতে পারি না। পরিবারের মানুষগুলোর সঙ্গে অসংখ্য স্মৃতি বন্ধন করে জীবনের আবেশে। রক্তপরম্পরায় গড়ে ওঠা এই সম্পর্কে কৃত্রিমতার ঠাঁই নেই। তাই পরিবারের সদস্যরা পরস্পরের প্রতি দায়বদ্ধতার অমোঘ বাঁধনে জড়িয়ে থাকে আমরণ। প্রিয় নবীজি (সা.) পরিবারের প্রতিটি সদস্যের প্রতি সজাগ দৃষ্টি রাখতেন ও প্রত্যেকের হক ইনসাফের পাল্লা দিয়ে পূরণ করতেন। কারও হক আদায়ের ব্যাপারে উদাসীনতা প্রদর্শন করতেন না। বিষয়টি আয়েশা (রা.)-এর কথায় চমৎকারভাবে ফুটে উঠেছে, পরিবারের সদস্যদের প্রতি নবীজির ইনসাফের নমুনা বর্ণনা করে তিনি বলেন, 'রাসুলুল্লাহ (সা.) স্ত্রীদের মাঝে ইনসাফভিত্তিক বণ্টন করে বলতেন, হে আল্লাহ, এটা আমার পক্ষ থেকে ইনসাফ, যেটুকু আমার সক্ষম হয়েছে। আর যা আপনার নিয়ন্ত্রণে এবং আমার সাধ্যের বাইরে সে জন্য আমাকে অভিযুক্ত করবেন না।' (আবু দাউদ : ২১৩৪)। হাদিসের 'যা নিয়ন্ত্রণে সে জন্য আমাকে অভিযুক্ত করবেন না' এই বাক্য দ্বারা নবীজি (সা.) অন্তরের ভালোবাসার কথা উদ্দেশ্য নিয়েছেন। কারণ স্ত্রীদের ভরণপোষণ, রাত্রি বণ্টন ইত্যাদির ক্ষেত্রে সমতার বিধান রক্ষা করা সম্ভব হলেও ভালোবাসার ক্ষেত্রে সমতা রক্ষা করার বিষয়টি আয়ত্তের বাইরে। তাই নবীজি আল্লাহর কাছে এই প্রার্থনা করেছেন।

দাম্পত্য অধিকারের বিষয়গুলোতে পরিবারের সদস্যদের মাঝে ইনসাফ রক্ষা করা অতীব আবশ্যক। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত হাদিসে নবীজি (সা.) এরশাদ করেন, 'যে ব্যক্তির দুজন স্ত্রী রয়েছে, কিন্তু সে একজনের প্রতি অধিক মনোযোগী হয়ে যায়, তা হলে কেয়ামতের দিন এক পার্শ্ব ভাঙা অবস্থায় উপস্থিত হবে।' (তিরমিজি : ১১৪১)।

পুঙ্খানুপুঙ্খভাবে ইনসাফ রক্ষায় মানুষের অক্ষমতার বিষয়টি আল্লাহতায়ালা স্পষ্ট ভাষায় উল্লেখ করে বলেন, 'তোমরা যতই ইচ্ছা করো না কেন, তোমাদের স্ত্রীদের প্রতি কখনোই সমান ব্যবহার করতে পারবে না; তবে তোমরা কোনো একজনের দিকে সম্পূর্ণভাবে ঝুঁকে পড়ো না ও অপরকে ঝোলানো অবস্থায় রেখো না।' (সুরা নিসা : ১২৯)।

ইনসাফের মানদণ্ড প্রতিষ্ঠা করতে এভাবেই তিনি ব্যক্তিগত ইচ্ছা-আগ্রহকে বিসর্জন দিতেন। উল্লিখিত হাদিসগুলো দ্বারা নবীজির উদারতা, পরিবারের প্রতি ইনসাফভিত্তিক দায়িত্ববোধ, কোমল আচরণ এবং অন্যের হকের ব্যাপারে সজাগ দৃষ্টিভঙ্গির আচরণগুলো চমৎকারভাবে ফুটে উঠেছে। নিরাপদ ও শান্তিময় পরিবার গঠনে নবীজির শিক্ষণীয় জীবন থেকে উৎকৃষ্ট কিছু নেই।

## ইসলামে মানব পাচার হারাম

২৫ পৃষ্ঠার পর

ঝুঁকি নিয়ে এমন বিপথগামী পথে চলা কঠোরভাবে নিষিদ্ধ। আল্লাহতায়ালা বলেন, 'নিজের জীবনকে ধ্বংসের সম্মুখীন করো না। আর মানুষের প্রতি অনুগ্রহ করো। আল্লাহ অনুগ্রহকারীদের ভালোবাসেন।' (সুরা বাকারা : ১৯৫)। আরও এরশাদ হয়েছে, 'তোমরা নিজেদের হত্যা করো না। নিশ্চয় আল্লাহ তোমাদের প্রতি দয়ালু। যে কেউ জুলুম করে, অন্যায়ভাবে আত্মহত্যা করে, অবশ্যই আমি তাকে অগ্নিদগ্ধ করব। আল্লাহর পক্ষে তা সহজসাধ্য।' (সুরা নিসা : ২৯-৩০)।

দ্বিতীয়ত, যারা নিজেদের বিত্তশালী বানাতে সৃষ্টির সেরা মানুষের জীবনকে ঝুঁকিতে ফেলছে তাদের করুণ পরিণতি বরণ করতে হবে। দুনিয়ার বিচার, আদালতকে কৌশল কিংবা প্রভাবে ফাঁকি দিতে পারলেও পরকালে তাদের শাস্তি অবধারিত। সর্বশক্তিমান আল্লাহ নিজেই তাদের প্রতিপক্ষ হবেন হাশরের ময়দানে। আবু হুরায়রা (রা.) হতে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেন, 'আল্লাহতায়ালা বলেন, আমি কিয়ামতের দিন তিন শ্রেণির মানুষের প্রতিপক্ষ। আর আমি যার প্রতিপক্ষ তার পরাজয় অনিবার্য। তাদের এক শ্রেণি হলো, যে ব্যক্তি স্বাধীন মানুষকে বিক্রি করে তার মূল্য ভোগ করবে।' (বোখারি : ২২২৭)।

সম্পদ উপার্জনের নেশায় যারা অন্যকে জিম্মি করবে, আল্লাহ তাদের দুনিয়াকে অশান্তিময় করে দেবেন। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যার উদ্দেশ্য হবে শুধু দুনিয়া অর্জন, আল্লাহ তার কাজকে এলোমেলো বিক্ষিপ্ত করে দেবেন। পেরেশানি সৃষ্টি করে দেবেন। সম্পদের পাহাড় থাকলেও তার দুই চোখের সামনে দারিদ্র্য এনে দেবেন ('আরও চাই আরও চাই' প্রবণতা তাকে পাগল করে তুলবে)। অথচ পার্থিব সম্পদ সে ততটাই লাভ করতে পারবে, যতটা আল্লাহ তার জন্য নির্ধারণ করে রেখেছেন।' (ইবনে মাজাহ : ৪১০৫)।

তৃতীয়ত, পাচারের ধরন পাল্টালেও কমছে না মানব পাচার। এর পেছনে বড় কারণ হলো এ সংক্রান্ত মামলাগুলোর বিচারের দীর্ঘসূত্রতা। পুলিশের তথ্য বলছে, মানব পাচারের ঘটনায় ২০০৪-২০ সাল পর্যন্ত ৬ হাজার ১৩৫টি মামলা হয়েছে। এসব মামলায় অভিযুক্ত হয়েছে ১১ হাজার ৪৬০ জন। এসবের মধ্যে শুধু ২৩৩টি মামলায় শুধু ৪০৯ জনকে দোষী সাব্যস্ত করা হয়েছে। আসামিদের অনেকেই খালাস পেয়েছিল, কারণ বিচারের দীর্ঘসূত্রতা। (সময়ের আলো : ১৯ সেপ্টেম্বর, ২০২০)।

লেখক : পরিচালক বাইতুল হিকমাহ একাডেমি, গাজীপুর।

## জামায়াত কি তাহলে রাষ্ট্রীয় ক্ষমতা পাচ্ছে?

১০ পৃষ্ঠার পর

হত্যাসহ মানবতাবিরোধী নানা অপরাধে অভিযুক্ত দলটি যদি দেশ স্বাধীন হওয়ার অর্ধ শতাব্দী পরে সত্যি সত্যিই রাষ্ট্রক্ষমতায় আসে, তাহলে এর দায় প্রত্যেকটি দলের ওপরেই বর্তাবে। বিশেষ করে এই দায় বর্তাবে বিএনপির ওপর। কেননা তারাই জামায়াতকে প্রথম ক্ষমতার অংশীদার করেছে। জামায়াত দীর্ঘদিন বিএনপির জোটসঙ্গী ছিল। আবার জামায়াত যদি সত্যিই সরকার গঠন করতে পারে, সেই দায় আওয়ামী লীগের ওপরেও বর্তাবে। কেননা, তারাও জামায়াতকে রাজনৈতিক ও আদর্শিকভাবে মোকাবিলার পথে না গিয়ে তাদের নির্মূল করার পদ্ধতি অবলম্বন করেছে। কিন্তু আওয়ামী লীগের মতো একটি বড় দলের এটি না জানার কথা নয় যে, আদর্শভিত্তিক কোনো দলকে চাইলেই নির্মূল করা যায় না। বরং নির্মূলকরণের প্রক্রিয়ার ভেতরেই ওই দলটি শক্তিশালী হতে থাকে। তারা নানা কায়দায় পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নিয়ে নিজেদের শক্তিশালী করতে থাকে।

জামায়াত যে গত ১৫ বছরে কীভাবে নিজেদের শক্তিশালী করেছে, তার প্রমাণ জুলাই অভ্যুত্থান এবং তার পরবর্তী রাজনীতি। সুতরাং জামায়াতকে মুক্তিযুদ্ধবিরোধী শক্তি বলে গালিগালাজ করে তাদের প্রশাসনিকভাবে নানা কৌশলে নির্মূল করার পথে না গিয়ে আওয়ামী লীগ যদি তাদের আদর্শিকভাবে মোকাবিলা করতো এবং জামায়াত, বিএনপিসহ অন্য যেকোনো দলের চেয়ে উত্তম রাজনীতি করতো; উন্নয়নের দোহাই দিয়ে মানুষকে সুশাসন ও গণতন্ত্রবঞ্চিত না করতো-তাহলে হয়তো চব্বিশের অভ্যুত্থানে আওয়ামী লীগের পতন হতো না। বরং ২০১৪ থেকে পরপর তিনটি নির্বাচনের মধ্যে একটি বা দুটিতে আওয়ামী লীগ হেরে যেতো এবং যখন আওয়ামী লীগ হেরে যেত তখন বিএনপির মতো একটি মধ্যপন্থী দল ক্ষমতায় আসতো। জামায়াত তাদের সঙ্গে হয়তো ক্ষমতার অংশীদার হতো। কিন্তু এককভাবে কিংবা অন্যান্য ইসলামি দলগুলোর সঙ্গে জোটবদ্ধ হয়ে সরকার গঠনের মতো পরিস্থিতি তৈরি হতো না।

আগামী নির্বাচন সত্যিই কবে হবে আর সেই নির্বাচনে আসলেই জামায়াত সরকার গঠনের মতো আসন পাবে কি না, তা এখন পর্যন্ত নানা অঙ্কের হিসাবে বন্দি। কিন্তু আগামী নির্বাচন যে অতীতের কোনো নির্বাচনের মতো হবে না, সেটি চোখ বন্ধ করে বলে দেয়া যায়। সেইসাথে 'জামায়াত স্বাধীনতাবিরোধীদের দল'-শুধু এই কথা বলেও জামায়াতের ভোট কতখানি কমানো যাবে, সে ব্যাপারেও সন্দেহ আছে। কেননা মানুষ গত ৫৪ বছরে তিনটি বড় দলের শাসন দেখেছে এবং কোনো সরকারই যে দেশে প্রকৃত গণতন্ত্র, সুশাসন ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করতে পারেনি, বরং প্রতিটি সরকারের বিরুদ্ধেই লাগামহীন অনিয়ম দুর্নীতি ও লুটপাটের অভিযোগ রয়েছে-ফলে তরুণ প্রজন্মের একটি বড় অংশই হয়তো এবার নতুন কিছু চাইবে। তারা হয়তো নতুন কাউকে ভোট দিতে চাইবে। কিন্তু সেই নতুন কারা, জামায়াত নাকি এনসিপি নাকি অন্য কেউ- তা বলা মুশকিল। কিন্তু মনে রাখতে হবে, প্রচলিত রাজনীতি ও রাষ্ট্রব্যবস্থা ব্যর্থ হয়েছে বলেই অভ্যুত্থানের মুখে একটি সরকারের পতন হয়েছে। সেখানে দেশি-বিদেশি ষড়যন্ত্রের তত্ত্ব যতই থাকুক না কেন, দেশের মানুষ যে বিগত সরকারের ওপর ক্ষুব্ধ ছিল, জনগণের সঙ্গে আওয়ামী লীগের দূরত্ব বাড়তে বাড়তে যে সেটি একটি বিরাট বিচ্ছিন্নতায় পর্যবসিত হয়েছিল, এই নির্মম সত্যটি আওয়ামী লীগকে উপলব্ধি করতে হবে।

দেশ স্বাধীন হওয়ার অর্ধ শতাব্দী পরে যদি সত্যিই জামায়াতে ইসলামী বা কোনো ধর্মীয় দল বা জোট সরকার গঠন করে, তাহলে আওয়ামী লীগ ও বিএনপিসহ দেশের অন্য সকল দল কীভাবে সেই পরিস্থিতি মোকাবিলা করবে এবং তারা কী করে নিজেদের রাজনীতি সমুন্নত রাখবে, সেটি নিয়ে দলগুলোর এখনই চিন্তা-ভাবনা শুরু করা দরকার।

আমীন আল রশীদ: সাংবাদিক ও লেখক।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

## বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খযরজের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূণ (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক বর্ণনা অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর বর্ণনাও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলুল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাউযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি বর্ণনা পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাউযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা ঈদুল আযহার বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার শাহজাহানপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# স্ট্রোক কি হার্ট নাকি ব্রেনের রোগ?



# হঠাৎ মুখ বেঁকে যাওয়ার কারণ ও প্রতিকারের উপায়

ডা. মো. আব্দুল হাফিজ শাফী

কেস স্টাডি : ইএনটি আউটডোরে রোগী দেখছিলাম। ৪৫ বছরের এক ভদ্রমহিলা এসে রোগের ইতিহাস জানিয়ে বললেন, সকালে ঘুম থেকে উঠে ব্রাশ করতে গিয়ে আয়নায় দেখলেন মুখ একদিকে হঠাৎ বাঁকা হয়ে গেছে, ডান চোখ বন্ধ হয় না, কুলি করতে গেলে অন্য পাশে চলে যায়। ইতিহাস শুনে মনে হলো এ রোগের নাম বেলস পালসি। যদিও ফেসিয়াল প্যারালাইসিসের সঙ্গে শীতের সরাসরি কোনো সম্পর্ক নেই, কিন্তু এ রোগের একটি রিস্ক ফ্যাক্টর হলো শ্বাসনালির ঠান্ডাজনিত ভাইরাল ইনফেকশন এবং ঠান্ডা লেগে কানের ইনফেকশন, যা শীতের সময় বেশি দেখা যায়। শীতে ফেসিয়াল প্যারালাইসিসের ঝুঁকি উল্লেখযোগ্যভাবে বেড়ে যায়। এটি এমন একটি শারীরিক অবস্থা যেখানে মুখের একপাশের পেশিগুলো হঠাৎ অবশ হয়ে যায়। সপ্তম ক্রেনিয়াল নার্ভ যে কোনো কারণে আক্রান্ত হওয়ায় ফেসিয়াল মাসলের একপাশে দুর্বল অথবা প্যারালাইসিস হয়ে যাওয়াকে ফেসিয়াল পালসি বলা হয়। যখন সুনির্দিষ্ট কোনো কারণ পাওয়া যায় না তখন একে বলা হয় বেলস পালসি। এটি যে কোনো বয়সের মহিলা ও পুরুষ উভয়েরই হতে পারে। তবে পুরুষের তুলনায় মহিলাদের এ রোগটি বেশি দেখা যায়।

* কারণ

ফেসিয়াল প্যারালাইসিসের মূল কারণ এখনও নিশ্চিতভাবে জানা যায়নি। তবে এটি ভাইরাল সংক্রমণের কারণে হতে পারে, যেমন হারপিস সিমপ্লেক্স, ইনফ্লুয়েঞ্জাসহ বিভিন্নরকম ভাইরাল ইনফেকশন, মধ্যকর্ণের প্রদাহজনিত ইনফেকশন, ঠান্ডাজনিত কারণে (শীতের সময় মোটরসাইকেল চালানো, শীতের মধ্যে পানিতে নেমে সারা রাত মাছ ধরা, শীতে খেলাধুলার পর অতিরিক্ত ঠান্ডা পানি পান করা, শীতে দীর্ঘ ভ্রমণ যাত্রা, ইত্যাদি), মস্তিষ্কে অথবা মাথার খুলিতে আঘাতজনিত কারণ, কানের অপারেশন পরবর্তী জটিলতা।

* লক্ষণ

** আক্রান্ত রোগীর মুখ এক দিকে বেঁকে যায়।
** আক্রান্ত পাশের চোখ বন্ধ হয় না, আক্রান্ত পাশের চোখ দিয়ে পানি পড়ে।
** দাঁত দেখাতে গেলে মুখ বেঁকে যায়।
** কোনো কিছু খেতে গেলে খাবার একপাশে চলে যায়। খাবার এরপর ৪২ পৃষ্ঠায়

ডা. মো. নাজমুল হুদা



স্ট্রোকে ব্রেনের ভেতরের রক্তনালির মধ্যে এক বা একাধিক রক্তনালি ব্লক হয়ে যায় অথবা ছিঁড়ে যায়। ব্রেনের একেকটি অংশ শরীরের একেক অংশকে নিয়ন্ত্রণ করে। স্ট্রোকের ফলে ওই রক্তনালি ব্রেনের যে অংশে রক্ত সরবরাহ করে সচল রাখত, সে অংশ তার কার্যক্ষমতা হারায়। ফলে শরীরের ওই অংশের কার্যক্রম বন্ধ হয়ে যায় বা কমে যায়। বেশিভাগ ক্ষেত্রে ব্রেনের যে কোনো একপাশের রক্তনালি ব্লক হয়ে বা ছিঁড়ে গিয়ে স্ট্রোক হয়। সেজন্য স্ট্রোকের লক্ষণও সাধারণত আমাদের শরীরের একপাশে দেখা দেয়।

* স্ট্রোকের লক্ষণ

হঠাৎ করে শরীরের এক পাশের হাত-পা অবশ হয়ে যাওয়া, অথবা আলাদাভাবে শুধু একহাত বা পা অবশ হওয়া, কথা জড়িয়ে যাওয়া, মুখ বাঁকা হওয়া, খাবার গিলতে অসুবিধা হওয়া, চোখে ঠিকমতো দেখতে না পারা-ইত্যাদিও স্ট্রোকের লক্ষণ। একজন সুস্থ সবল ব্যক্তির যখন হঠাৎ এসব সমস্যা দেখা দেবে, তখনই ধরে নিতে হবে তিনি স্ট্রোকে আক্রান্ত হয়েছেন। এসব লক্ষণ দেখে নিকটজন স্ট্রোকে আক্রান্ত হয়েছেন সন্দেহ করলেই আমাদের উচিত হবে, রোগীকে তৎক্ষণাৎ নিকটস্থ হাসপাতালে, সম্ভব হলে সব সুযোগ-সুবিধা সম্পন্ন হাসপাতালে নিয়ে যাওয়া। যেখানে অতি দ্রুত ব্রেনের ইমেজিংসহ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে স্ট্রোকের আধুনিক চিকিৎসা শুরু করা সম্ভব। এসব রোগীর ক্ষেত্রে স্ট্রোক পরবর্তী প্রতিটি মুহূর্ত মূল্যবান। লক্ষণ শুরু হওয়ার পর যত তাড়াতাড়ি রোগীর চিকিৎসা শুরু করা যায়, ব্রেনের ক্ষতির হার তত কম হয়। স্ট্রোকের কারণে রোগীর শরীরে ঘটে যাওয়া শারীরিক সমস্যার উন্নতির হারও দ্রুত হয়।

* চিকিৎসা

বর্তমানে স্ট্রোকের আধুনিক চিকিৎসা হচ্ছে- থ্রম্বোলাইসিস। যেখানে স্ট্রোক হওয়ার সময় থেকে পরবর্তী চার থেকে সাড়ে চার ঘণ্টার মধ্যে সিটি স্ক্যান/এমআরআই-সহ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর রোগীর অবস্থা এনালাইসিস করা হয়। রোগী যদি থ্রম্বোলাইসিস চিকিৎসার শর্তাবলী পূরণ করে, তবে সংশ্লিষ্ট রোগীকে স্ট্রোকের এই আধুনিক চিকিৎসা দেওয়া হয়। এ চিকিৎসায় রেজাল্ট খুবই ভালো। রোগী আরও খারাপ তো হয়-ই না, বরং এক-দুদিনের মধ্যে প্রায় সম্পূর্ণ সুস্থতা লাভ করে। নিঃসন্দেহে এটি বর্তমান চিকিৎসা বিজ্ঞানের একটি আশীর্বাদ। বাংলাদেশের বেশ কয়েকটি টারশিয়ারি লেভেলের হাসপাতালে এরপর ৪২ পৃষ্ঠায়

# শীতে হৃদরোগীদের করণীয়

অধ্যাপক ডা. মো. মাহবুবুর রহমান বাবু



হৃদরোগীদের জন্য শীতকাল খুব একটা সুখকর নয়। যার ফলাফলস্বরূপ হাসপাতালে হৃদরোগীদের ভর্তি লক্ষণীয়ভাবে বৃদ্ধি পায়। একটি গবেষণায় দেখা গেছে, শীতকালে মায়োকার্ডিয়াল ইনফার্কশান, এনজিনা পেক্টোরিস, এট্রিয়াল ও ভেন্ট্রিকুলার এরিদমিয়া, হার্ট ফেইলিউর, উচ্চ রক্তচাপ বৃদ্ধি পায়। ঠান্ডা আবহাওয়া বিশেষত যখন তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে নামে তখন দেহের তাপমাত্রা ঠিক রাখতে মানবদেহের বিপাক বৃদ্ধি পায়।

ফলে হৃদযন্ত্রের কাজ বৃদ্ধি পায়, যা আপনার হৃদস্পন্দন এবং রক্তচাপ বৃদ্ধির কারণ হতে পারে। তা ছাড়া ঠান্ডায় রক্তনালি সংকুচিত হয় এবং আপনার হৃৎপিণ্ডকে রক্ত পাম্প করতে আরো কঠোর পরিশ্রম করতে হয়। ঠান্ডায় রক্তে ফিব্রিনোজেন, ক্যাটাকোলামাইনের মতো কিছু প্রোটিন ও হরমোন বৃদ্ধি পাওয়ায় রক্ত জমাট বাঁধার প্রবণতাও বেড়ে যায়। পুরুষদের মধ্যে এই প্রবণতা বেশি।

কিছু পরোক্ষ কারণও হৃদরোগের সম্ভাবনা ও জটিলতা বৃদ্ধি করে। যেমনঠান্ডাজনিত সর্দি-কাশি, ঘরে অবস্থান ও কম কায়িক শ্রম, অধিক ক্যালরিযুক্ত খাদ্য গ্রহণ ইত্যাদি।

করণীয়

* আপনার যদি হৃদরোগ বা উচ্চ রক্তচাপের মতো চিকিৎসা সমস্যা থাকে, তাহলে নিয়মিত চিকিৎসকের তত্ত্বাবধানে চেকআপ করাবেন। সামান্য বুকে ব্যথা, শ্বাসকষ্ট, অস্বস্তি বা বুক ধড়ফড় করাকে অবহেলা করবেন না।
* অধিক কায়িক পরিশ্রম থেকে বিরত থাকবেন। তবে নিয়মিত হালকা ব্যায়াম করবেন।
* ঠান্ডাজনিত রোগ এড়াতে গরম কাপড় ও মাস্ক ব্যবহার করবেন।
* ধূমপান পরিহার করুন।
* অধিক ক্যালরিসমৃদ্ধ খাদ্য যেমনভাজিমিষ্টি, পিঠা, তেল, ঘি, লবণ যথাসম্ভব এড়িয়ে চলবেন।

প্রচুর পরিমাণে তাজা ফলমূল ও শাক-সবজি খাবেন। অতি ভোজন পরিহার করবেন। যথেষ্ট পরিমাণ পানি পান করুন।

* পুরুষ ও মহিলাদের হার্ট অ্যাটাকের এরপর ৪২ পৃষ্ঠায়

# কী কী সুফল পেতে কিশমিশ সব সময় ভিজিয়ে খাবেন?

আরাফাত রহমান পলক



স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে অন্যতম উপকারী খাবার কিশমিশ। বিভিন্ন রান্নায় কিশমিশ ব্যবহার করা হয়। কিশমিশের গুণাগুণ অনেকেরই অজানা। গ্যাস্ট্রিকের সমস্যায় খুব উপকারী কিশমিশ। এতে ভালো মাত্রায় পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম থাকায় অ্যাসিডিটি কমাতে সাহায্য করে। এর পাশাপাশি শরীরের টক্সিন অপসারণের পাশাপাশি আর্থ্রাইটিস, কিডনিতে পাথর এবং হৃদরোগের মতো জটিল রোগও দূর করে। যারা রক্তস্বল্পতায় ভোগেন তাদের জন্য খুব উপকারী। কিশমিশে প্রচুর পরিমাণে আয়রন এবং ভিটামিন বি-কমপ্লেক্স থাকায় শরীরে রক্ত বৃদ্ধি করতে সাহায্য করে। নিয়মিত কিশমিশ খেলে তা পেট ভালো রাখে।

পুষ্টিবিদরা জানাচ্ছেন, রান্নায় দিয়ে কিংবা শুধু খাওয়ার বদলে কিশমিশ ভিজিয়ে খেতে পারলে বেশি উপকার পাওয়া যায়। ভিজিয়ে খাচ্ছেন না মানেই যে কোনো সুফল নেই, বিষয়টি তেমন নয়। তবে ভিজিয়ে খেলে বাড়তি কিছু উপকার পাওয়া যায়। সেগুলি কী?

আয়রনের খুব ভালো উৎস কিশমিশ। বিশেষ করে ভেজানো কিশমিশে প্রচুর পরিমাণে আয়রন থাকে। তাই আয়রনের অভাবজনিত রোগ অ্যানিমিয়া বা রক্তাল্পতা কমাতে বিশেষ ভূমিকা পালন করে কিশমিশ।

সুস্থ থাকার জন্য ভালো হজমশক্তি জরুরি। এক্ষেত্রে কিসমিস হজমশক্তি বাড়াতে সাহায্য করে। রোজ রাতে এক গ্লাস পানিতে কিশমিশ ভিজিয়ে রাখুন। পরের দিন ভোরে সেই কিশমিশ খান। নিজেই তারপর তফাত খেয়াল করুন। দিন পনেরো পরেই ফলাফল বুঝতে পারবেন।

কিশমিশে ভালো মাত্রায় পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম থাকে। আর এ উপাদানগুলো অ্যাসিডিটি কমাতে সাহায্য করে। এর পাশাপাশি এগুলো সিস্টেম থেকে টক্সিন অপসারণের পাশাপাশি গাউট, আর্থ্রাইটিস, কিডনিতে পাথর এবং হৃদরোগের মতো জটিল রোগ প্রতিরোধেও অনেক উপকারী ভূমিকা পালন করে।

রক্তচাপ নিয়ন্ত্রণে থাকলে হৃৎপিণ্ড ভালো থাকে। উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে ভেজানো কিশমিশের জুড়ি নেই। তাছাড়া কিশমিশে রয়েছে পটাশিয়ামের মতো খনিজ, যা হৃৎপিণ্ডের জন্য অত্যন্ত উপকারী।

কিশমিশ ক্যালশিয়াম সমৃদ্ধ একটি খাবার। বিশেষ করে ভেজানো কিশমিশ ক্যালশিয়ামের খুব ভালো উৎস। এ কারণে হাড়ের যত্ন নিতে কিশমিশের উপর ভরসা রাখতে পারেন। কিশমিশ খেলে ক্যালশিয়ামের ঘাটতি পূরণ হয়।

নিয়মিত কিছু পরিমাণে কিশমিশ খেলে তা পেট ভালো রাখদতে সহায়তা করতে পারে। এতে ভালো পরিমানে ফাইবার থাকার কারণে তা পানির উপস্থিতিতে ফুলে উঠতে শুরু করে আর পেটে রেচক প্রভাব দেয় ও কোষ্ঠকাঠিন্য দূর করতে সাহায্য করে।

কিশমিশে অ্যান্টি-অক্সিড্যান্ট অক্সিডেটিভ স্ট্রেস কমাতে সাহায্য করে এবং বয়সজনিত চোখের সমস্যাও প্রতিরোধ করে।

ত্বকের কোষকে যেকোনো ক্ষতি থেকে রক্ষা করেতে অনেক উপকারী ভূমিকা পালন করে কিশমিশ। এতে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট ত্বকের কোষ, কোলাজেন এবং ইলাস্টিনের ক্ষতি থেকে ফ্রি র‍্যাডিকেলগুলোকে বাধা দেয়। এর ফলে এটি বলি, সূক্ষ্ম রেখা ও ত্বকে দাগ দেখা দেওয়ার সমস্যাসহ বার্ধক্যের লক্ষণ অনেকটা বিলম্ব করতে সহায়তা করে।

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100





## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

### হোমিও ভিটামিন সেলিং সেন্টার
### Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



## আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম চলবে

১২ পৃষ্ঠার পর

তিক্ততা তৈরি হয়েছে। এর পেছনে শিক্ষার্থীদের প্রতিবাদ ও কার্যক্রমের বিষয়টি অন্যতম। তিনি বলেন, 'ভারতীয়রা শিক্ষার্থীদের আন্দোলনের কিছু বিষয় পছন্দ করেনি। এর ফলে সম্পর্কের মধ্যে টান পড়েছে।'

এর পাশাপাশি তিনি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে ভারতের অবস্থানের কথাও উল্লেখ করেন। ইউনূসের অভিযোগ, বাংলাদেশের রাজনৈতিক অস্থিরতা ও তরুণদের মৃত্যুর জন্য দায়ী শেখ হাসিনাকে আশ্রয় দিয়েছে ভারত। এ বিষয়টি সম্পর্ককে আরও জটিল করে তুলেছে। ভারতের বিভিন্ন সংবাদমাধ্যম থেকে ছড়ানো মিথ্যা খবরও পরিস্থিতি খারাপ করেছে বলে তিনি উল্লেখ করেন।

**'আমার দাড়ি নেই, বাড়িতে রেখে এসেছি'**

ইউনূস ব্যঙ্গ করে বলেন, ইসলামী আন্দোলন নিয়ে অনেক ভুয়া খবর ছড়ানো হয়েছে, যেখানে তালেবানের প্রশিক্ষণের সঙ্গে বাংলাদেশের সংযোগ দেখানো হয়েছে। এমনকি তাকেও তালেবান বলে অপপ্রচার করা হয়েছে। তিনি হেসে বলেন, 'আমার দাড়ি নেই, বাড়িতে রেখে এসেছি।'

ড. ইউনূস মনে করিয়ে দেন, সার্কের ধারণার জন্ম বাংলাদেশেই (রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময়)। সার্ক আসলে একটি পরিবারের মতো, যেখানে দক্ষিণ এশিয়ার দেশগুলোকে একত্রিত করার মূল চিন্তা ছিল। তরুণদের পারস্পরিক যোগাযোগ, শিক্ষায় অংশগ্রহণ, ব্যবসা ও সংস্কৃতির আদান-প্রদান ছিল সার্কের উদ্দেশ্য। বিশ্লেষকরা বলছেন, এটি ভারতের কারণে অকার্যকর হয়ে পড়েছে।

ড. ইউনূস নেপাল, ভুটান ও ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় সাত রাজ্যের কথাও উল্লেখ করেন। এ সাতটি রাজ্য ল্যান্ডলকড হওয়ায় তাদের সমুদ্রপথে কোনো সংযোগ নেই। বাংলাদেশ এ ব্যাপারে সাহায্যের হাত বাড়িয়ে দিতে পারে। ড. ইউনূস সাক্ষাৎকারে সঙ্গে বাংলাদেশের গুরুত্ব আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরেছেন।

**'জিয়ার স্বপ্নেরই প্রতিধ্বনি আমরা সেদিন ড. ইউনূসের কণ্ঠে শুনেছি'**

২৭ সেপ্টেম্বর নিউইয়র্কে 'এনআরবি কানেক্ট ডে : এমপাওয়ারিং গ্লোবাল বাংলাদেশি' শীর্ষক অনুষ্ঠানের একটি সেশনে দেওয়া বক্তব্যে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'বিজনেস ফোরামের সভায় ড. ইউনূসের বক্তব্য শুনে বারবার আমার মনে হচ্ছিল, আমি যেন এদেশের স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কথাই শুনছি। গণতান্ত্রিক, সমৃদ্ধ ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার যে স্বপ্ন তিনি দেখেছিলেন, সেই স্বপ্নেরই প্রতিধ্বনি আমরা সেদিন ড. ইউনূসের কণ্ঠে শুনেছি।' এ সময় বাংলাদেশ বিষয়ে সবাইকে এক হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'যে কোনো দুঃসময়ে বাংলাদেশের মানুষ লড়াই করতে জানে। জুলাই গণ-অভ্যুত্থান তার প্রমাণ।'

**৫ আগস্ট শিখিয়েছে জাতীয় মুক্তির আন্দোলনকে আরও বেগবান করতে হবে**

রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে পৃথিবীতে যেসব দেশ স্বাধীনতা অর্জন করেছে, তা সুসংহত করতে এবং জনগণের চূড়ান্ত মুক্তির জন্য আরও রক্ত ঝরাতে হয়েছে। বাংলাদেশেও তাই ঘটেছে। ১৯৭১ সালে স্বাধীনতা অর্জিত হলেও মুক্তির স্বাদ মেলেনি বাংলাদেশের মানুষের। ভারতের আধিপত্যবাদের বিরুদ্ধে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর থেকে নিরন্তর সংগ্রাম চালিয়ে গেছেন বাংলাদেশের সাধারণ মানুষ মুক্তি অর্জনের লক্ষ্যে। বাংলাদেশে গণতন্ত্র অর্জন, গণতন্ত্র হত্যা, গণতন্ত্র রক্ষা এবং গণতন্ত্র পুনরুদ্ধারের সংগ্রাম করতে গিয়ে কেটে গেছে ৫৩ বছর-অর্থনৈতিক মুক্তি অর্জনের আকাঙ্ক্ষা ছিল সোনার হরিণ শিকারের মতো।

**আদর্শ থেকে বিচ্যুত**

শেখ মুজিবুর রহমান আওয়ামী লীগের নেতৃত্বে আসার পর পরে দলটি আদর্শ থেকে বিচ্যুত হয়েছে, এমনকি দলটি ১৯৭৫ সালের জানুয়ারিতে বিলুপ্ত করে একদলীয় বাকশাল প্রতিষ্ঠা করা হয়েছিল। একবার গণতন্ত্র, আরেকবার সমাজতন্ত্র, সবশেষে ফ্যাসিবাদ কায়েমের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিকে লুটেরা অর্থনীতিতে রূপান্তরিত করে সব নেতা দেশ ছেড়ে পালিয়ে গিয়ে এক লজ্জাজনক পরিস্থিতির সৃষ্টি করেছে। দেশের সর্বক্ষেত্রে গভীর এক অচলায়তনের সৃষ্টির অভিযোগে আওয়ামী লীগের কার্যক্রম ইতোমধ্যে নিষিদ্ধ করা হয়েছে।

**বলিষ্ঠ ভূমিকা**

সামরিক শাসন বা জরুরি অবস্থা জারি না করেই ড. ইউনূস বাংলাদেশের সরকার চালিয়েছেন ১ বছর ২ মাস। এ সময়ের মধ্যে তিনি দেশের সব রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধ করতে পেরেছেন ভারতীয় আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে। যুক্তরাষ্ট্রে জাতিসংঘের অধিবেশনে যোগদানের জন্য অবস্থানরত ড. ইউনূস সাংবাদিক মেহেদী হাসানের এক প্রশ্নের উত্তরে বলেন, 'আমাদের তিনটি প্রধান কাজ রয়েছে। সংস্কার, বিচার ও নির্বাচন। শুধু নির্বাচন করে আগের মতো সবকিছু রেখে দিলে আবারও সেই একই দুর্নীতি, স্বৈরতন্ত্র ফিরে আসবে। তাই আগে কাঠামোগত সংস্কার জরুরি। অন্তর্বর্তী সরকারের প্রধান স্পষ্ট করে বলেন, আমরা শুধু নির্বাচন করতে আসিনি। আমাদের কাজ হলো-ফ্যাসিবাদের শিকড় উপড়ে ফেলা, যাতে আর কেউ গণতন্ত্রের নামে ক্ষমতা কুক্ষিগত করতে না পারে'।

বাংলাদেশের জনগণ দেখেছেন, কীভাবে ফ্যাসিস্ট এবং স্বৈরাচারের হাত ধরে নির্লজ্জভাবে আধিপত্যবাদী শক্তি ২০০৭ থেকে ২০২৪ সালের ৫ আগস্ট পর্যন্ত বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে সরাসরি হস্তক্ষেপ করেছে। আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যাওয়ার জন্য সব দেশপ্রেমিক রাজনীতিবিদ এবং জনগণকে ঐক্যবদ্ধ হতে হবে। নতুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে জাতির এ ক্রান্তিকালে; যেমনটি করা হয়েছিল ষাটের দশকে। ছাত্ররা ঐক্যবদ্ধ হয়েছিল, পাকিস্তানের আধা-ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে। সংগ্রাম ও যুদ্ধ করে ১৯৭১ সালে বাংলাদেশের জনগণ স্বাধীনতা ছিনিয়ে এনেছিল। প্রয়োজনে ছাত্ররা ষাটের দশকের মতো ঐক্যবদ্ধ থেকে ভারতীয় আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম করে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব নিরঙ্কুশ করবেন।

মেজর (অব.) মনজুর কাদের : সাবেক প্রতিমন্ত্রী ও সাবেক সংসদ-সদস্য।

# একই চক্রে ঘুরছে দেশের রাজনীতি ও জনগণের ভাগ্য পরিবর্তন

১০ পৃষ্ঠার পর

আছে সমাজের রন্ধ্রে রন্ধ্রে।

আসলে আমাদের নীতির নয় নৈতিকতার পরিবর্তন আনতে হবে। সরকারের সমালোচনা, সরকারি কর্মকর্তাদের সমালোচনা, নীতি নির্ধারকদের কাজের সমালোচনা সহ্য করতে পারে না কেউ। সমালোচনা একটি সুস্থ সমাজ গঠনে অস্ত্র হিসেবে কাজ করে। আসুন সমালোচনাকে গ্রহণ করে নিজের অবস্থানকে সুসংহত করি। নিজের জন্য নয়, দেশের জন্য কাজ করি।

মা-মাটি-মানুষ আমরা সবাই এদেশের প্রাণ। ব্যক্তির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড়। নিজের জন্য নয় দেশের জন্য নিজেকে বিলিয়ে দিতে পারলেই আমরা একটি সত্যিকারের গণতান্ত্রিক ও উন্নত দেশ পাব।

লেখক : ভারপ্রাপ্ত সম্পাদক, ঢাকা পোস্ট।

# ডিম ছুড়ে আওয়ামী লীগ কী অর্জন করল!

৭ পৃষ্ঠার পর

জামিনে বেরিয়ে আসার পর আওয়ামী লীগের পক্ষ থেকে তাকে বীরের মর্যাদা দেওয়া হয়েছে। শুধু তাই নয়, বেরিয়ে আসার পরপরই মোবাইল ফোনে শেখ হাসিনাকে তার সঙ্গে কথা বলতেও দেখা যায়। হাসিনার সঙ্গে কথা বলার সেই ভিডিও নেটদুনিয়ায় এখন ভেসে বেড়াচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়েও অনেক সমালোচনা চলছে। মোবাইল ফোনে শেখ হাসিনার কথোপকথনের সেই ভিডিওটি শেয়ার করে আনারুল জাহিদ নামে একজন লিখেছেন, 'ভিডিওটি দেখে সত্যিই বিস্মিত হলাম! হাসিনা যে [illegible] প্রতিশোধপরায়ণ! অন্যায়কারীকে পুরস্কৃত করা, অন্যায়কারীর পক্ষে থাকা, অন্যায়কারীকে উৎসাহিত করা, তার উৎকৃষ্ট উদাহরণ এই ভিডিওটি।' জাহিদের এ বক্তব্য সঠিক কি না, তা নেটিজেনরাই বিবেচনায় নেবেন। তবে জাহিদ যাকে অন্যায় মনে করছেন, শেখ হাসিনা যে তাই মনে করবেন; তা তিনি কীভাবে নিশ্চিত হলেন? এমনও তো হতে পারে, তার নির্দেশেই যুবলীগ কর্মীটি তাদের ভাষায়- 'বীরত্বপূর্ণ' কাজটি করেছেন। সমাজের মানুষ যাকে অন্যায় বা ভুল মনে করেন, আওয়ামী লীগ নেতা সেটি নাও করতে পারেন।

এ প্রসঙ্গে আওয়ামী লীগ নেতাদের দেশ ছেড়ে পলায়নের পর পত্রিকায় প্রকাশিত জ্যেষ্ঠ সাংবাদিক সোহরাব হাসানের লেখা নিবন্ধের একটি বক্তব্যের কথা মনে পড়ে গেল। তিনি লিখেছেন, 'ক্ষমতায় থাকতে আওয়ামী লীগের অনেক নেতাকে জিজ্ঞেস করেছি, আপনাদের ভুল কী? তারা একবাক্যে বলেছেন, কোনো ভুল নেই। একটি সরকারের পনেরো বছরে অসংখ্য ভুলকে সঠিক মনে করাই ছিল তাদের সবচেয়ে বড় ভুল।' ঠিক একারণেই জুলাইয়ের গণ-অভ্যুত্থানে তাদের যে পতন হয়েছে, তা আওয়ামী লীগ এখনো মেনে নিতে পারছেন না। ছাত্র-জনতার অংশগ্রহণে স্বতঃস্ফূর্ত গণ-অভ্যুত্থানকে বিদেশি ষড়যন্ত্র হিসেবেই তারা দেখছেন। এতদিন পরও আওয়ামী লীগের নেতাকর্মীদের ভেতর অতীতের ভুলত্রুটি স্বীকার করার মতো কোনো মানসিকতা দেখা যাচ্ছে না। সহস্রাধিক মানুষ হত্যা করেও আওয়ামী লীগের ভেতর কোনো পরিবর্তন দেখি না। তাদের কথায় কিংবা বক্তব্যে অনুশোচনা প্রকাশের কোনো ইঙ্গিতও নেই। এ দলটির প্রতি মানুষের বিশ্বাস ও আস্থার যে সংকট তৈরি হয়েছে, তা দূর করতে কোনো বিকল্প পরিকল্পনা রয়েছে; তাদের এসব হীন কার্যকলাপ দেখে তাও মনে হয় না।

আওয়ামী লীগ দেশের রাজনীতিতে ফিরে আসতে মরিয়া হয়ে যে পথ বেছে নিয়েছে, তা সাধারণ মানুষ ভালোভাবে গ্রহণ করছে কি না, সে বিষয়ে তাদের চিন্তাভাবনা আছে কি না জানি না। আওয়ামী লীগের পনেরো বছরের স্বৈরশাসনের সময় বিরোধী রাজনৈতিক দলগুলো সরকারের বিরুদ্ধে কার্যকর আন্দোলন গড়তে বারবার যেখানে ফেল করেছে; সেখানে এসব তরুণই জুলাই গণ-অভ্যুত্থানের নেতৃত্ব দিয়েছেন। আওয়ামী লীগ এখন তাদেরকেই টার্গেট করে হিংসাত্মক আক্রমণ করে কী অর্জন করছে, তারাই ভালো বলতে পারবেন। বিদেশের মাটিতে সন্ত্রাসী কার্যক্রম চালিয়ে দেশের মানুষ এবং আন্তর্জাতিক মহলে যে বার্তা তারা পৌঁছে দিচ্ছে, তা আওয়ামী লীগের জন্য ভালো ফল বয়ে আনবে না। মস্তানি কিংবা গায়ের জোরে আর যাই হোক বাংলাদেশের রাজনীতিতে তাদের পুনর্বাসন সম্ভব নয়। রাজনীতিতে ফিরে আসতে হলে সহিংসতার পথ ছেড়ে এ দেশের মানুষের মন জয় করতেই হবে।

স্বাধীনতার পর আওয়ামী লীগের প্রথম যে মারাত্মক বিপর্যয় ঘটেছিল, তা হলো পঁচাত্তরের সামরিক অভ্যুত্থান। সে অভ্যুত্থানের পর ক্ষমতায় ফিরে আসতে তাদের একুশ বছর অপেক্ষা করতে হয়েছিল। মনে রাখতে হবে, পঁচাত্তরে ছিল শুধু সামরিক অভ্যুত্থান, যে অভ্যুত্থানে দেশের সাধারণ মানুষের কোনো সম্পৃক্ততা ছিল না। সামরিক বাহিনীর কিছু সদস্য কেবল জড়িত ছিলেন। কিন্তু চব্বিশের অভ্যুত্থান কোনো বাহিনীর অভ্যুত্থান নয়। এটি তরুণ প্রজন্মের নেতৃত্বে দেশের সব মানুষের অংশগ্রহণে সংঘটিত গণ-অভ্যুত্থান। এ গণ-অভ্যুত্থান চলাকালে জুলাই-আগস্টে শেখ হাসিনার নেতৃত্বে যে সহস্রাধিক মানুষকে হত্যা করা হয়েছে, যার মধ্যে দেড় শতাধিকই ছিল শিশু-কিশোর; সে নৃশংস স্মৃতি এদেশের মানুষের মন থেকে সহজেই মুছে ফেলা যাবে না। প্রথমে 'নিরাপদ সড়ক চাই' আন্দোলন এবং পরে চব্বিশের 'জুলাই গণ-অভ্যুত্থান'-এর সময় আওয়ামী লীগ তরুণ সমাজের সঙ্গে যে বৈমাত্রেয়সুলভ আচরণ করেছে, সে আচরণও তরুণ সমাজ ভুলে যাবে না। পনেরো থেকে পঁচিশ বছরের যেসব তরুণ এ অভ্যুত্থানে অংশ নিয়েছেন; কম করে হলেও আগামী তিরিশ থেকে পঁয়ত্রিশ বছর তারাই এদেশের গুরুত্বপূর্ণ সব বিষয়ে অগ্রভাগে থাকবেন। কাজেই আগামী দিনে এ দেশে রাজনীতি করতে হলে আওয়ামী লীগকে এ সবকিছুই বিবেচনায় নিতে হবে।

একেএম শামসুদ্দিন : অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল, কলাম লেখক।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432




# ইনসাফ প্রতিষ্ঠায় অনুপম আদর্শ

উবাইদ উসমান

মহানবী মুহাম্মাদ (সা.) মানবজাতির জন্য তিনি ন্যায় ও সাম্য প্রতিষ্ঠার অনুপম আদর্শ। অন্ধকার আরবে তিনি জ্বালিয়েছেন আলোর দীপ্ত মশাল। সমাজের সর্বস্তরের মানুষের জন্য তিনি লালন করতেন উদার দৃষ্টিভঙ্গি। বিচারের ক্ষেত্রে বংশের উচ্চতা, প্রভাবের উচ্চতা, স্বজনপ্রীতির দুর্বলতা-কোনো কিছুই তাকে স্পর্শ করতে পারেনি। ইনসাফের কষ্টিপাথরে খাঁটি মানুষে পরিণত করতে তিনি উম্মতের প্রতি রেখে গেছেন অনুসরণীয় আদর্শ। ইনসাফের পথে উম্মতকে উদ্দীপ্ত করতে এরশাদ করেছেন, 'সেদিন আল্লাহর ছায়া ব্যতীত আর কোনো ছায়া থাকবে না, সেদিন সাত ব্যক্তিকে আল্লাহতায়ালা নিজের আরশের ছায়ায় আশ্রয় দান করবেন।' তারপর আরশের ছায়ায় আশ্রয়প্রাপ্ত সাত প্রকার মানুষের মধ্যে সর্বপ্রথম ন্যায়পরায়ণ শাসকের কথা উল্লেখ করেন। (বোখারি : ৬৬০)।

সমাজের পরতে পরতে শান্তির স্নিগ্ধ বাতাস প্রবাহিত করতে নবীজি (সা.)-এর দিকনির্দেশনার বিকল্প কিছু নেই। তাঁর কালজয়ী কথামালা উম্মতের মুক্তির রাজপথ। উম্মতকে ন্যায়ের পথে পরিচালিত করতে তিনি বলেছেন, 'ন্যায় বিচারকগণ কেয়ামতের দিন মহামহিম দয়াময় প্রভুর ডানপার্শ্বে নূরের মিম্বরগুলোয় বসা থাকবেন। তাঁর উভয় হাতই ডান হাত। যারা তাদের শাসনকার্যে তাদের পরিবারের লোকদের ব্যাপারে এবং তাদের ওপর ন্যস্ত দায়িত্বগুলোর ব্যাপারে সুবিচার করে।' (মুসলিম : ১৮২৭)।

ন্যায়পরায়ণতার সীমানা জীবনের নির্দিষ্ট কোনো বিষয়ের সঙ্গে সীমাবদ্ধ নয়। এর শাখা-প্রশাখা ছড়িয়ে আছে জীবনের মোড়ে মোড়ে। রাষ্ট্র পরিচালনা, বিচার কার্যক্রম, দণ্ডবিধি কার্যকর, সংক্ষুব্ধ দুটি দলের মধ্যে ফায়সালা, পরিবার ও সমাজের মানুষের সঙ্গে কথাবার্তা ও আচরণসহ জীবনের সর্বক্ষেত্রে ন্যায়পরায়ণতার শাখা-প্রশাখা বিস্তৃত। এরপর ২০ পৃষ্ঠায়



# আল-আকসার প্রকৃত মালিকানা

জাকারিয়া মাহমুদ

আল-আকসা এক প্রেমময় নাম। হৃদয়ের ফুলদানিতে সযত্নে সাজিয়ে রাখা সুরভিত পুষ্প। মুসলমানদের সম্মানের প্রতীক। বিজয়ের চিহ্ন। প্রথম কেবলা। যা মসজিদুল আকসা, বাইতুল মুকাদ্দাস অভিধায় অভিহিত। কিন্তু আল-আকসা রক্তাক্ত। জায়োনিস্ট ইহুদিদের বিষাক্ত থাবায় নীল। মুসলমানদের রক্ত নদী প্রবাহিত করে তারা তা দখলের নেশায় মত্ত। অর্ধশতাব্দী কাল ধরে তারা বুনে যাচ্ছে হীন চক্রান্তের জাল। সাম্প্রতিককালে আল আকসাকেন্দ্রিক রচিত হয়েছে আরেক মর্মান্তিক ইতিহাস। মুসলমানদের ওপর দিয়ে বয়ে গেছে সাইক্লোন। তবুও তারা আপসহীন। জেনে আনা খড়কুটোর ন্যায় মুষ্টিমেয় কিছু লোক আজাদির লড়াই লড়ছে বীরবিক্রমে। কুপোকাত করছে অভিশপ্ত ইহুদিদের। যা দেখে আজ বিশ্ব অবাক। কুফফার শক্তি হতবাক। শুধু আজ নয়, কালান্তিক্রমে এভাবেই মানুষ লড়েছে আকসার জন্য। ঢেলে দিয়েছে বুকের তাজা খুন। ছিনিয়ে এনেছে স্বাধীনতা। কিন্তু কেন এত রক্তারক্তি! খুনের দাস্তান! আল আকসা কাদের? মুসলমানরা কি অনধিকার চর্চা করছে! ইতিহাস বলে আসল কথা।

আল-আকসা কার : আল আকসার মিহরাব-মিম্বর নবীদের হাতেই ছিল। সকল নবী তাওহিদের দাওয়াত দিয়েছেন। আমাদের নবী মুহাম্মদ (সা.)-এর সুসংবাদ দিয়েছেন। সুতরাং তাওহিদে বিশ্বাসী এবং শেষ নবীর এরপর ২৮ পৃষ্ঠায়



পাচার হওয়া নারী ও মেয়েশিশুদের পতিতাবৃত্তি, গৃহস্থালির কাজ এবং নানাবিধ ঝুঁকিপূর্ণ কাজসহ অঙ্গহানি করে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত করা হয়। আর পুরুষদের মাদক ও অস্ত্র পাচার, চোরাচালান, চুরি-ছিনতাইসহ বিভিন্ন অমানবিক, অপরাধমূলক ও ঝুঁকিপূর্ণ কাজে বাধ্য করা হয়



# ইসলামে মানব পাচার হারাম

মুনায়েম আহমদ

মানব পাচারকে দাসত্বের আধুনিক রূপ বলা হয়। একটি জরিপে এসেছে, গত আট বছরে ভূমধ্যসাগর পাড়ি দিয়েছে সাড়ে ২০ লাখ পাচার হওয়া মানুষ। এ সময় নৌযান ডুবে মারা গেছে ১৯ হাজারের বেশি মানুষ। (দৈনিক ইত্তেফাক : ১ এপ্রিল, ২০২২)। ভূমধ্যসাগর পাড়ি দেওয়া এবং সাগরে ডুবে যাওয়া মানুষের মধ্যে বাংলাদেশির সংখ্যাও কম নয়।

ইউরোপীয় কমিশন বলছে, গত এক দশকে বাংলাদেশ থেকে শুধু ইউরোপেই পাচার হয়েছে ৬৫ হাজারেরও বেশি মানুষ। (বিবিসি বাংলা : ৩০ জুলাই, ২০২২)।

পাচার হওয়া নারী ও মেয়েশিশুদের পতিতাবৃত্তি, গৃহস্থালির কাজ এবং নানাবিধ ঝুঁকিপূর্ণ কাজসহ অঙ্গহানি করে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত করা হয়। আর পুরুষদের মাদক ও অস্ত্র পাচার, চোরাচালান, চুরি-ছিনতাইসহ বিভিন্ন অমানবিক, অপরাধমূলক ও ঝুঁকিপূর্ণ কাজে বাধ্য করা হয়। সৃষ্টির সেরা মানুষকে এভাবে পণ্য বানিয়ে বিক্রি করা, উন্নত জীবনের মিথ্যা স্বপ্ন দেখিয়ে দাসে পরিণত করা, জীবনের ঝুঁকিতে ফেলার লক্ষণ হচ্ছে মানবাধিকার। কিন্তু মানুষের আঙুল ফুলে কলাগাছ হওয়ার স্বপ্ন, হাজার হাজার পরিবারের চিরদিনের কান্নার কারণ হয়ে দাঁড়াচ্ছে।

প্রথমত, এ ব্যাপারে সাধারণ মানুষের সচেতনতা কাম্য। 'উন্নত জীবনের' স্বপ্ন দেখে অবৈধ পথে বিদেশ গমনের চিন্তা করা যাবে না। ইসলামে জীবনের সম্মান ও মূল্য অনেক বেশি। জীবনের এরপর ২০ পৃষ্ঠায়



# কোরআনের সবচেয়ে চমৎকার গল্প

রায়হান রাশেদ

ইউসুফ (আ.) ছিলেন নবী ইয়াকুব (আ.)-এর প্রিয় ছেলে। তাঁর নামে কোরআনে স্বতন্ত্র একটি সুরা আছে। সেখানে তাঁর জীবনকথার বিস্তারিত বর্ণনা রয়েছে। তাঁরা ছিলেন ১২ ভাই। ইয়াকুব (আ.)-এর ১২ ছেলের মধ্যে প্রথম ১০ ছেলে প্রথম স্ত্রী লাইয়া বিনতে লাইয়ানের ঘরে জন্মলাভ করেন। তিনি মৃত্যুবরণ করলে তার বোন রাহিলকে বিয়ে করেন ইয়াকুব (আ.)। তার ঘরে জন্ম নেন ইউসুফ (আ.) ও বেনিয়ামিন। (তাফসিরে কুরতুবি, তাফসিরে মারেফুল কোরআন, মুফতি মুহাম্মাদ শফি, অনুবাদ: মাওলানা মুহিউদ্দীন খান, পৃ : ৬৫৪)। ইউসুফ (আ.) ছিলেন খুবই সুদর্শন। বাবা তাঁকে অন্যদের চেয়ে বেশি ভালোবাসতেন। কেননা, ইউসুফ (আ.) শৈশবে একটি বিস্ময়কর স্বপ্ন দেখেন, যা ছিল তাঁর নবী হওয়ার ভবিষ্যদ্বাণী। এ ছাড়া ইউসুফ ছিলেন এতিম বালক এবং ভাইদের মধ্যে ছোট। পবিত্র কোরআনে এরশাদ হয়েছে, 'ইউসুফ তার বাবাকে বলল, হে আব্বাজান, আমি (স্বপ্নে) দেখেছি ১১টি তারকা আর সূর্য ও চন্দ্র; তারা আমাকে সেজদা করছে।' (সুরা : ইউসুফ, আয়াত : ৪)।

ইউসুফের প্রতি বাবার অতিরিক্ত ভালোবাসার ব্যাপারটি অন্য ভাইয়েরা মেনে নিতে পারতেন না। তারা হিংসায় জ্বলতেন। ইয়াকুব (আ.) তাদের মনোভাব বুঝতে পারতেন। তাই ইউসুফকে চোখে চোখে রাখতেন। একদিন তারা ইউসুফকে জঙ্গলের এক কুয়ায় ফেলে দেন। বাড়ি ফিরে বাবাকে ইউসুফের মৃত্যুর মিথ্যা সংবাদ দেন তারা। ছেলের শোকে কাঁদতে কাঁদতে দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেন বাবা। (সুরা : ইউসুফ, আয়াত : ১৮)।

সেই কুয়ার পথ ধরে ফিরছিল একটি কাফেলা। কুয়া থেকে বালতি ওঠাতেই ফুটফুটে সুন্দর ইউসুফকে দেখতে পায়। তারা তাঁকে মিসরে বিক্রি করে দেয়। মিসরের মন্ত্রী কিতফির তাঁকে কিনে নেন। সেখানকার প্রাসাদে তিনি বড় হতে থাকেন। একসময় যৌবনে পা রাখেন ইউসুফ (আ.)। রূপ ও সৌন্দর্যে ভরপুর ছিল তাঁর যৌবন। চেহারা ছিল চন্দ্র ও সূর্যের মতো দীপ্তিমান। নিষ্কলুষতা ও লজ্জার আধিক্য সোনায় সোহাগার মতো কাজ করছিল তাঁর মধ্যে। মাধুর্য ও কমনীয়তার মূর্ত প্রতীক ছিলেন তিনি। (কাসাসুল কোরআন, হিফজুর রহমান, অনুবাদ: মাওলানা আবদুস সাত্তার আইনি, খণ্ড : ৩, পৃ : এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City

সেপ্টেম্বর ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 04 | 5:41 | 6:56 | 12:45 | 4:00 | 6:33 | 7:47 |
| 05 | 5:42 | 6:57 | 12:44 | 3:58 | 6:31 | 7:46 |
| 06 | 5:43 | 6:58 | 12:44 | 3:57 | 6:29 | 7:44 |
| 07 | 5:44 | 6:59 | 12:44 | 3:56 | 6:28 | 7:43 |
| 08 | 5:45 | 7:00 | 12:43 | 3:55 | 6:26 | 7:41 |
| 09 | 5:46 | 7:01 | 12:43 | 3:54 | 6:25 | 7:39 |
| 10 | 5:47 | 7:02 | 12:43 | 3:52 | 6:23 | 7:38 |

সৌজন্যে: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)




## ওয়াশিংটন ডিসি'র ফ্যাশন উইকে ফাতিমার অভিষেক

৬২ পৃষ্ঠার পর

ঐতিহ্যবাহী বস্ত্র এবং সমকালীন আধুনিকতার এক অনন্য মেলবন্ধন ঘটেছে। ফোনে আজকাল'কে তিনি জানান, এই কালেকশনে প্রধান আকর্ষণ ছিল বাংলাদেশের দুই প্রাচীন বিলাসবহুল কাপড় ঢাকার মসলিন ও রাজশাহী সিল্ক। ইতিহাসে হারিয়ে যাওয়া মসলিনকে নতুন ভাবে উপস্থাপন করেছেন সমকালীন কাটিং ও আধুনিক সিলুয়েটের মাধ্যমে। রাজশাহী সিল্ক ও সাপুরা সিল্ককে রূপান্তর করেছেন ঝলমলে র‍্যাম্প লুকে, যা আন্তর্জাতিক দর্শকদের মুগ্ধ করেছে। প্রতিটি ড্রেসে ছিল হাতে আঁকা ফ্যাব্রিক আর্ট, নকশায় আকর্ষণীয় নিখুঁততা এবং নরম অথচ শক্তিশালী গতিশীলতা ফাতিমার শিল্পীসত্তার স্বাক্ষর বহন করে। র‍্যাম্পে একের পর এক পোশাক উপস্থাপন করার সময় দর্শকদের উচ্ছ্বাস ও করতালি প্রমাণ করেছেএই কালেকশন ছিল ফ্যাশন উইকের অন্যতম আলোচিত আয়োজন। সাংবাদিক, ক্রেতা ও ফ্যাশন সমালোচকরা তাৎক্ষণিকভাবে ফাতিমার কাজের প্রশংসা করেন এবং অনেকেই এই বিলাসবহুল কালেকশন ক্রয়ের আগ্রহ প্রকাশ করেন।

ফাতিমা বলেন, ফ্যাশন একটি স্টেটমেন্টএটি মানুষকে বলে দেয়, আপনি আসলে কে। একজন শিল্পী হিসেবে আমি প্রতিটি পোশাককে আমার ক্যানভাস ভাবি। আমি নিজে আঁকি, তৈরি করি এবং এটিকে এমনভাবে রূপ দিই যাতে থাকে সাংস্কৃতিক শিকড়ের গর্ব এবং আধুনিক জীবনের পরিশীলিত ছোঁয়া।"

ফাতিমা ফারজানা ঢাকায় জন্ম নিলেও তাঁর শিল্পীসত্তার বিকাশ হয়েছে আমেরিকার মাটিতে। নিজের বিয়ের পোশাক ডিজাইন করার মাধ্যমে তিনি প্রথম আবিষ্কার করেন তাঁর ফ্যাশনের প্রতি গভীর ভালোবাসা। সেখান থেকেই শুরু হয় নতুন পথচলা। বর্তমানে তিনি একজন পেশাদার ভিজ্যুয়াল আর্টিস্ট এবং পাশাপাশি আইটি বিশেষজ্ঞ যেখানে সৃজনশীলতা ও প্রযুক্তিগত নিখুঁততার সমন্বয় তাঁকে অন্যদের থেকে আলাদা করে তুলেছে। ডিসি ফ্যাশন উইকের সাফল্যকে সোপান করে ফাতিমা পরিকল্পনা করছেন সীমিত সংস্করণের কালেকশন প্রকাশ, আন্তর্জাতিক শিল্পীদের সঙ্গে সহযোগিতা, এবং দক্ষিণ এশীয় ও পশ্চিমা বাজারে ব্র্যান্ডের বিস্তার। তিনি বলেন, ফ্যাশনের মাধ্যমে আমি শিল্প, সংস্কৃতি ও কমিউনিটিকে নতুন করে তুলতে চাই। যাতে আমরা যা পড়ি, তার মধ্যেই আমাদের ইতিহাস ও পরিচয় বহন করে।

## ফ্লোটিলায় হামলার প্রতিবাদে ইতালি, স্পেন, জার্মানি ও তুরস্কে বিক্ষোভ

৬২ পৃষ্ঠার পর

যায়, ফ্লোটিলায় হামলার প্রতিবাদে স্পেন, জার্মানির বার্লিন, গ্রিসের এথেন্স এবং তুরস্কের ইস্তাম্বুলেও রাজপথে নেমে এসেছেন হাজারো মানুষ।

সুমুদ ফ্লোটিলাতে প্রায় ৪৫টির বেশি জাহাজ রয়েছে, সেগুলোতে প্রায় ৫০০ জন সংসদ সদস্য, আইনজীবী এবং কর্মী রয়েছে, এবং এতে একটি ইতালীয় দলও রয়েছে। তারা ওষুধ এবং খাদ্য সরবরাহের মাধ্যমে গাজায় অবরোধ ভাঙার চেষ্টা করছে। ইসরাইল অবশ্য তাদের বারবার ফিরে যাওয়ার বার্তা দিয়েছে।

## সুমুদ ফ্লোটিলার ৪৫ জাহাজ বহরে ইসরাইলি বাধা

৬২ পৃষ্ঠার পর

দূরে অবস্থান করছে। ওই এলাকায় যাতে কোনো নৌযান প্রবেশ করতে না পারে এজন্য পুলিশি তৎপরতা চালাচ্ছে ইসরাইল। ফ্লোটিলা বহরের যাত্রা বাধাগ্রস্ত না হলে তাদের গতকাল বৃহস্পতিবারই গাজা উপকূলে পৌঁছানোর কথা ছিল। ইসরাইলের শত্রুভাবাপন্ন কার্যক্রম ৪০ দেশের বেসামরিক নাগরিকদের ভয়াবহ বিপদের মুখে ঠেলে দিয়েছে। তবে নৌবহরের কাছে আসা জাহাজগুলো কে পরিচালনা করছে তা স্পষ্ট নয়। ফ্লোটিলার ইনস্টাগ্রাম পোস্ট করা এক ভিডিওতে দেখা যায়, একটি সশস্ত্র জাহাজ বেসামরিক জাহাজগুলোর কাছাকাছি অবস্থান করছে। ভিডিওটি বহরের সাইরাস জাহাজ থেকে ধারণ করা হয়েছে। তবে ভিডিওতে আসা অন্য জাহাজ বা ভিডিওটি কবে ধারণ করা হয়েছে সে সম্পর্কে তেমন কিছু জানা যায়নি।

গত কয়েকদিনে ফ্লোটিলার ওপর ড্রোন হামলা করা হয়েছে। ড্রোনগুলো জাহাজের ওপর স্টান গ্রেনেড ও চুলকানি সৃষ্টিকারী গুঁড়া নিক্ষেপ করেছিল। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। ইসরাইল অবশ্য ওই হামলার বিষয়ে কোনো মন্তব্য করেনি। তবে এতে বলা হয়েছে, নৌবহরটি যাতে গাজায় পৌঁছাতে না পারে এজন্য তারা যেকোনো উপায় অবলম্বন করবে। উপকূলীয় এলাকায় হামাসের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাওয়ার উপত্যকাটিতে নৌ অবরোধ বৈধ বলে দাবি তেল আবিবের।






## সিলেট এমসিএন্ড গভঃ কলেজ এলামনাই'র নির্বাচন কমিশন গঠিত

৬২ পৃষ্ঠার পর

আসিফ এ চৌধুরীকে সদস্য করে ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়েছে ।তাহারা আগামী ৩ মাসের মধ্যে পরবর্তী কার্যকরী পরিষদের নির্বাচনের আয়োজন করবেন ।সদ্য নিয়োগকৃত নির্বাচন কমিশন সকলের সহযোগিতা কামনা করেছেন।

## নিউইয়র্কে ব্র্যান্ডিং বাংলাদেশ- শান্তি, সমৃদ্ধি ও সম্প্রীতি শীর্ষক আলোচনা

৬২ পৃষ্ঠার পর

প্রতিনিধিদলের রাজনৈতিক প্রতিনিধি বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, অর্থনীতিবিদ, ব্যাংকার, সাংবাদিক, চিকিৎসক, শিক্ষাবিদ ও ব্যবসায়ী নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণি পেশার প্রতিনিধিবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।

বক্তারা দেশের অগ্রগতির স্বার্থে রাজনৈতিক প্রতিশ্রুতির প্রয়োজনীয়তা ও ব্যবসা-বাণিজ্যের বিভিন্ন সমস্যাবলী তুলে ধরেন। পাশাপাশি বাংলাদেশকে বিশ্বের দরবারে তুলে ধরতে প্রবাসীদের নিজ নিজ অবস্থান থেকে কাজ করার আহবান জানান। এজন্য আমেরিকায় ব্যবসা বাণিজ্যের ক্ষেত্র ও সুযোগ সুবিধা বাড়ানোর তাগিদ দেন আমেরিকান বাংলাদেশিরা। আমেরিকায় বিমান সেবা চালু ও সিলেটের সড়ক পথের কাজ দ্রুত সম্পন্নকরণের দাবী জানান প্রবাসীরা।

আগামীতে সরকার গঠন করতে পারলে বাংলাদেশের ইতিবাচক ব্র্যান্ডিং করতে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের উপদেষ্টা হুমায়ুন কবির। তিনি বলেন, সরকার গঠনের সুযোগ পেলে আমরা সবাইকে নিয়ে দেশ পরিচালনা ও তরুণদের ব্যাপক অংশগ্রহন নিশ্চিত করবো । তিনি বৈদেশিক নীতির ব্যাপারে 'বাংলাদেশ প্রথম' নীতি গ্রহণে তার দলের অবস্থান তুলে ধরেন ।

সভাপতির বক্তব্যে এম এস সেকিল চৌধুরী বলেন, এনআরবি সেন্টারের উদ্যোগে এখন পর্যন্ত বিশ্বের বিভিন্ন দেশে অর্ধ শতাধিক আন্তর্জাতিক কনফারেন্স হয়েছে। কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশের পজিটিভ ইমেজ বহির্বিশ্বে তুলে ধরাই এর মুল লক্ষ। প্রবাসীদের প্রার্থীতার বিষয়ে সংবিধান ও আইন অনুযায়ী সরকারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান তিনি। সেকিল চৌধুরী আরো বলেন, পরবর্তীতে যারাই ক্ষমতায় আসবেন তারা সবাইকে নিয়ে কাজ করবেন এটাই আমাদের প্রত্যাশা এবং এটিই আমাদের জাতীয় নিরাপত্তার রক্ষাকবচ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এনআরবি সেন্টার আমেরিকার সাপোর্ট গ্রুপের সদস্য প্রবাসী সানওয়ার চৌধুরী। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ডেমোক্রেটিক পার্টির অন্যতম নেতা মাক মিসবাহ উদ্দিন, অর্থনীতিবিদ অধ্যাপক শওকত আলী, শিক্ষাবিদ অধ্যাপক মহসিন পাটওয়ারী, চিকিৎসক ডক্টর জুনুন চৌধুরী, মহিলা উদ্যোক্তা তহুরা চৌধুরী, তরুণ কমিউনিটি এক্টিভিস্ট রাসেল, ব্যবসায়ী এম এ হোসেন, এনওয়াইপিডির কর্মকর্তা কারাম চৌধুরী, ছেস্রার নেতা লিটন আহমেদ, কমিউনিটি এক্টিভিস্ট সাবুল উদ্দিন, ব্যাংকার ওয়াসেক চৌধুরী, ব্যবসায়ী ও সমাজকর্মী ফখরুল ইসলাম দেলোয়ার, কমিউনিটি এক্টিভিস্ট ময়নুল হক চৌধুরী হেলাল, জালালাবাদ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রোকন হাকিম, কমিউনিটি এক্টিভিস্ট জসির উদ্দিন, হাসান আলী, ইসলামী চিন্তাবিদ ইমাম শামসী আলী ও ইমাম কারী কাইয়ুম প্রমুখ।






## যুক্তরাষ্ট্রে আ.লীগের উদ্যোগে হাসিনার জন্মদিন পালন

৩ পৃষ্ঠার পর

মোনাজাত। অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী লীগ পশ্চিম শাখা, যুক্তরাষ্ট্রের সভাপতি ডা. রবি আলম, সাধারণ সম্পাদক শফিকুল আলম বরকত, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা ও সিনিয়র সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন, বীর মুক্তিযোদ্ধা শওকত আকবর রিচি, বীর মুক্তিযোদ্ধা ফারুক হোসাইন, মুক্তিযোদ্ধা মোয়াজ্জেম হোসেন মামুন।

বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক এডভোকেট শাহ মোহাম্মদ বখতিয়ার আলী, শেখ হাসিনা মঞ্চের সভাপতি জালাল উদ্দিন জলিল, সিনিয়র সহসভাপতি টি. মোল্লা, মোহাম্মদ আলী বাবুল, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সহ-সভাপতি আবুল কাশেম ভূঁইয়া, সাংগঠনিক পলাশ নন্দী, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক রুমানা আক্তার, যুক্তরাষ্ট্র ছাত্রলীগের সাবেক সভাপতি জেএস রুমু, যুক্তরাষ্ট্র ছাত্রলীগের সহ-সভাপতি শফিকুল ইসলাম ও মাহিন শাহ প্রমুখ। বক্তব্য শেষে বিশেষ দোয়া পরিচালনা করেন নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সহ সভাপতি আবুল কাশেম ভূঁইয়া ও বিশেষ মোনাজাত পরিচালনা করেন শেখ হাসিনা মঞ্চের সিনিয়র সহ-সভাপতি টি মোল্লা।

## আটলান্টিক সিটিতে প্রাণের আমেজে শারদীয় দুর্গোৎসব শুরু

৬২ পৃষ্ঠার পর

অর্চনা, অঞ্জলি,আরতি,সাংস্কৃতিক অনুষ্ঠান,সিঁদুর খেলা, মহাপ্রসাদ বিতরন। "মহালয়া" শীর্ষক অনুষ্ঠান দুর্গোৎসবে উপস্থিত সবাই প্রাণভরে উপভোগ করেন। দুর্গোৎসবের শুরু থেকেই ধূপ ধুনো , ঢোল - করতাল আর উলুধ্বনিতে মুখরিত ছিল মন্দির প্রাঙ্গণ। আবাল বৃদ্ধবনিতার বাহারি সাজ ও নয়নাভিরাম পোশাক-আশাকে দুর্গোৎসব প্রাঙ্গন হয়ে ওঠে শারদোৎসবের রঙে রংগীন। প্রবাসী হিন্দুদের সব পথ এসে যেন মিশে যায় মন্দির প্রাংগণে। তারা সারাক্ষণ মেতে থাকেন আনন্দযজ্ঞে। শ্রী শ্রী গীতা সংঘের সভাপতি প্রসেনজিৎ দত্ত ও সাধারণ সম্পাদক স্বরূপ দাশ সবাইকে শারদীয় শুভেচ্ছা জানিয়েছেন।

## জেনারেলদের উদ্দেশে গুরুত্বপূর্ণ বার্তা দিলেন ট্রাম্প

৬২ পৃষ্ঠার পর

তুলে ধরেছেন। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ ছিলো মার্কিন সেনাবাহিনীর ভূমিকা ঘরোয়া মিশনে জোর দেওয়া। মার্কিন প্রেসিডেন্টের বক্তব্যের প্রধান পাঁচটি দিক। ট্রাম্প বলেন, সাম্প্রতিক সহিংসতা ও অননুমোদিত অভিবাসন রুখতে সেনাদের ব্যবহার করা হবে। তিনি জানান, লস অ্যাঞ্জেলেস, ওয়াশিংটন ডিসি, মেমফিস ও পোর্টল্যান্ডে ইতোমধ্যে সেনা মোতায়েন করা হয়েছে। আরও শহরে পাঠানো হতে পারে। তবে সংবিধান ও 'পসি কমিটাটাস আইন' সেনাদের আইনশৃঙ্খলা রক্ষায় ভূমিকা সীমিত করে দেয়।

ভারত-পাকিস্তান সংঘাত নিরসনসহ কয়েকটি বৈশ্বিক সংকট সমাধানের কথা তুলে ধরে ট্রাম্প বলেন, এজন্য তার নোবেল পুরস্কার পাওয়া উচিত। তিনি অভিযোগ করেন, প্রকৃত অর্জনকারীদের পরিবর্তে পুরস্কার দেওয়া হয় "কোনো কিছু না করা ব্যক্তিদের"।

ট্রাম্প দাবি করেন, তার প্রস্তাবিত ২০ দফা পরিকল্পনা মেনে নিয়েছে ইসরায়েল ও আরব-ইসলামিক দেশগুলো, এখন শুধু হামাসের সম্মতি প্রয়োজন। তিনি হামাসকে তিন-চার দিনের সময়সীমা দিয়েছেন, নইলে "দুঃখজনক পরিণতি"র হুঁশিয়ারি দেন।

ইউক্রেন যুদ্ধ নিয়ে ট্রাম্প বলেন, রাশিয়া হাজার হাজার সেনা হারাচ্ছে এবং যুদ্ধ দ্রুত শেষ করতে না পারায় প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে তিনি "পেপার টাইগার" আখ্যা দিয়েছেন। ট্রাম্প জানিয়েছেন, আলাস্কায় সরাসরি বৈঠকে তিনি পুতিনকে যুদ্ধ শেষ করার আহ্বান জানিয়েছেন।

## আল-আকসার প্রকৃত মালিকানা

২৫ পৃষ্ঠার পর

অনুসারী একমাত্র তারাই এ মসজিদের অধিকার রাখে। আর যারা তাওরাতকে বিকৃত করেছে, মুসা (আ.)-এর শরিয়তকে বিকৃত করেছে, যারা ঈসা (আ.)-কে হত্যা করতে চেয়েছে, তারা কখনোই হকদার হতে পারে না। ইহুদিরা যখন খোদাদ্রোহী হয়ে যায় এবং অসংখ্য নবীকে হত্যা করে, যা বাইবেলের পুরোনো নিয়মে আজও বিদ্যমান, তখন আল্লাহতায়ালা বুখতে নসরের মাধ্যমে তাদের সাম্রাজ্য ধূলিস্যাৎ করে দেন। এরপর বহু শতাব্দী গত হয়েছে। এর মধ্যে কখনোই তাদের হাতে আর আকসা পুনর্নির্মাণ বা সংস্কার হয়নি। সুতরাং তাদের আল-আকসার অধিকার দাবি করা রেড ইন্ডিয়ানদের আমেরিকার মালিকানা দাবি করার নামান্তর।

ইহুদিদের দাবি : দাউদ ও সোলাইমান (আ.) আকসা নির্মাণ করেছেন। আমরা সোলাইমান (আ.)-এর নির্মাণের স্বীকৃতি আগেই দিয়েছি। দাউদ ও সোলাইমান (আ.) তো আমাদেরও নবী। এখানে ইহুদিদের দাবি তোলার কোনো অধিকার নেই। কারণ, যেটিকে তারা তাওরাত বলে (পুরোনো নিয়ম), সেখানে এ কথা আছে, সোলাইমান (আ.) জীবনের শেষ মুহূর্তে কাফের হয়ে গিয়েছিলেন। মূর্তি পূজা করতেন। (বাইবেল ১ বাদশাহনামা ১১-৪।১০)। যা আল্লাহতায়ালা প্রত্যাখ্যান করে বলেন, 'সোলাইমান কোনো কুফুরি করেনি; অবশ্য শয়তান মানুষকে জাদু শিক্ষা দিয়ে কুফরিতে লিপ্ত করেছিল।' (সুরা বাকারা : ১০২)।

মালিকানার দাবি চরম মিথ্যা : প্রাচীন ব্রোঞ্জযুগে কেনানিরা এসে ফিলিস্তিনে বসবাস শুরু করে। এ জাতির প্রতিটি শাখা আরব বংশোদ্ভূত। জাজিরাতুল আরব থেকে তারা ফিলিস্তিনে অভিবাসন গ্রহণ করে। যা অকাট্য সত্যরূপে ইতিহাসের পাতায় আজও বিদ্যমান। স্বয়ং তাদের হাতে বিকৃত তাওরাতও এ কথা স্বীকার করে। সুতরাং ফিলিস্তিনের প্রথম বাসিন্দা হওয়া এবং আকসার প্রথম মালিকানার দাবি চরম মিথ্যা এবং প্রত্যাখ্যাত। সোলাইমান (আ.) কর্তৃক আল আকসা পুনর্নির্মাণের পর যখন তা আবার বিরান হয়ে যায় এবং আবার পুনর্নির্মাণের প্রয়োজন দেখা দেয়, কালপরিক্রমায় কখনও ইহুদিরা তা নির্মাণ করেনি। সুতরাং আল-আকসা তাদের, এ দাবি কখনোই কোনোভাবেই যুক্তিসম্মত নয়; বরং আল-আকসা মুসলমানদের।

## কোরআনের সবচেয়ে চমৎকার গল্প

২৫ পৃষ্ঠার পর

১৭)। মিসরের মন্ত্রীর স্ত্রী জুলেখা। তিনি ছিলেন ইউসুফের প্রতি বরাবরই বিমোহিত। তাঁর রূপে আকৃষ্ট হয়ে পড়েন তিনি। নিজের মনের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। ইউসুফকে খারাপ কাজের প্রতি আহ্বান করেন। কিন্তু তিনি তা প্রত্যাখ্যান করেন। ইউসুফকে বশে আনতে নানাভাবে চেষ্টা করতে থাকেন জুলেখা। জাদুও করেছিলেন একবার। তবে এতে কাজ হয়নি। একদিন ইউসুফকে ঘরে একা পেয়ে দরজা বন্ধ করে দেন জুলেখা। পাপের দিকে আহ্বান করেন তাঁকে। আল্লাহর ভয়ে তিনি তা প্রত্যাখ্যান করেন। জুলেখার জোরাজুরিতে উপায় না পেয়ে বন্ধ দরজার দিকে দৌড় দিলেন ইউসুফ। দরজা খুলে গেল।দরজার ওপাশে আজিজে মিসর কিতফির ও জুলেখার চাচাতো ভাই দাঁড়ানো ছিলেন। জুলেখা ইউসুফের ওপর অপবাদ দেওয়ার চেষ্টা করলেন। সত্যতা যাচাইয়ে ছেঁড়া জামার প্রমাণ পেশ করা হলো। কিন্তু জামার পেছন দিক ছেঁড়া থাকায় জুলেখা অপরাধী সাব্যস্ত হলেন। এ ঘটনা কোরআনে বর্ণিত হয়েছে এভাবে, 'সে (ইউসুফ) বলল, সে-ই আমার থেকে অসৎ কর্ম কামনা করেছে। তখন নারীর পরিবারের এক সাক্ষী সাক্ষ্য দিল, যদি তার জামা সম্মুখ দিক থেকে ছেঁড়া হয়ে থাকে, তবে নারী সত্য বলেছে আর সে মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত। আর যদি তার জামা পেছন থেকে ছেঁড়া হয়ে থাকে, তবে নারী মিথ্যা বলেছে আর সে সত্যবাদীদের অন্তর্ভুক্ত। স্বামী যখন ইউসুফের জামাটি পেছন থেকে ছেঁড়া দেখতে পেলেন, তখন তিনি বললেন, এসব হলো তোমাদের নারীদের ছলনা, তোমাদের কূটকৌশল বড়ই কঠিন।' (সুরা : ইউসুফ, আয়াত : ২৬-২৮)।

ইউসুফ (আ.)-এর ওপর অপবাদ দিয়েছিলেন জুলেখা। একটি দুগ্ধপোষ্য শিশু ইউসুফ (আ.)-এর পক্ষে সাক্ষ্য দিয়েছিল। সত্য বুঝতে পারার পরও জুলেখার সম্মান বাঁচাতে তাঁর স্বামী কিতফির ইউসুফ (আ.)-কে কারাগারে পাঠিয়েছিলেন। (কামালুল কোরআন, হিফজুর রহমান, অনুবাদ : মাওলানা আবদুস সাত্তার আইনী, খণ্ড : ৩, পৃ : ৩০)। জেলখানায় বন্দিরা ইউসুফ (আ.)-কে বেশ সমীহ করতেন। তিনি তাদের আল্লাহর পথে দাওয়াত দেন। কেউ কেউ তাঁর কথা মেনে নিয়েছিলেন। সে সময় মিসরের বাদশাহ এক স্বপ্ন দেখেন। সেই স্বপ্নের অর্থপূর্ণ ব্যাখ্যা কেউ দিতে পারছিলেন না। জেলবন্দি ইউসুফ (আ.) সেই স্বপ্নের ব্যাখ্যা দিয়েছিলেন। বাদশাহ বেজায় খুশি হন। তাকে মুক্তি দেন। পরে তিনি মিসরের খাদ্যভাণ্ডার ও ব্যবসা-বাণিজ্য পর্যবেক্ষণের দায়িত্ব পান। পবিত্র কোরআনে এরশাদ হয়েছে, 'রাজা বলল, তাকে আমার কাছে নিয়ে এসো, আমি তাকে আমার জন্য বিশেষভাবে নির্দিষ্ট করে নেব। অতঃপর সে (ইউসুফ) যখন তার সঙ্গে কথা বলল, তখন রাজা বলল, আজ তুমি আমাদের কাছে খুবই মর্যাদাশীল ও বিশ্বস্ত হিসেবে পরিগণিত। সে (ইউসুফ) বলল, আমাকে দেশের ধনভাণ্ডারের দায়িত্ব দেন, আমি উত্তম রক্ষক ও যথেষ্ট জ্ঞানের অধিকারী।' এভাবে আমি ইউসুফকে সে দেশে প্রতিষ্ঠিত করলাম। দেশের যেখানে ইচ্ছা সে নিজের স্থান করে নিতে পারত। আমি যাকে চাই আমার রহমত দিয়ে ধন্য করি, আমি সৎকর্মশীলদের কর্মফল কখনও বিনষ্ট করি না।' (সুরা : ইউসুফ, আয়াত : ৫৪-৫৬)।

অনেকের ধারণা, ইউসুফ (আ.) জুলেখার সঙ্গে প্রেম করেছেন- এটি সত্য নয়। এটি একটি প্রচলিত ভুল। জুলেখার একপক্ষীয় প্রেম ছিল। জুলেখার সঙ্গে ইউসুফ (আ.)-এর বিয়ে হয়েছিল কি না- এ বিষয়ে কোরআন-হাদিস থেকে স্পষ্ট কিছুই জানা যায়নি। তবে কোনো কোনো মুফাসসির উল্লেখ করেছেন, স্বামী কিতফিরের মৃত্যুর পর এবং তওবা করার পর ইউসুফ (আ.)-এর সঙ্গে জুলেখার বিয়ে হয়েছিল। (তাফসিরে ইবনে আবি হাতিম, খণ্ড : ৮, পৃ : ৩৯০)

লেখক : আলেম ও সাংবাদিক।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372





KARNAFULLY TRAVEL INC.

# EXCLUSIVE UMRAH PACKAGE FOR NOVEMBER 2025

| JFK-JEDDAH | MADINA-JFK | TOTAL DAYS |
|---|---|---|
| 19TH NOV | 29TH NOV. | 9 DAYS (2 Jummah Makka & Madina) |

## PACKAGE INCLUDES

1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *

## KARNAFULLY TRAVEL INC.

37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814


GOLDEN AGE
HOME CARE
PRESENTS
ASIF AKBAR, ATIYA ANISHA, RANO NAWAZ & ANIK RAJ
GOLDEN AGE NIGHT
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
SUNDAY, OCT 19, 2025, 7.30-11.00 PM
AMAZURA CONCERT HALL
91-12 144th Pl, Jamaica, NY-11435
SILVER: $35 GOLD: $55 PREMIUM: $75 VIP: $150
SCAN FOR TICKET
For More Information: 929-538-7903
Media Partner:
আজকাল
ইনকিলাব
ORGANIZE BY:
Galaxy media
AYAR ENTERTAINMENT

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরন

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c

AGE
ARE

HHA/PCA SERVICE

SKILLED NURSING

নিতে চান?
াথে যোগাযোগ করুন

প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো



7852
96 Text: 646-591-8396
denagehomecare.com

ং স্কুল আছে

FFICE
e Ave
432
820
115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com

Design by: ihopeprint.com, 929-538-7903



# বাংলাদেশ অ্যাসেম্বলি অব ইউএসএ'র রিভার ক্রুজে প্রবাসীদের উচ্ছ্বাস

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশিদের সংগঠন বাংলাদেশ অ্যাসেম্বলি অব ইউএসএ-এর উদ্যোগে বর্ণাঢ্য রিভার ক্রুজ গত ২৮ সেপ্টেম্বর আয়োজন করা হয়। সংগঠনের নেতৃবৃন্দ, কমিউনিটির বিশিষ্টজনসহ প্রায় সাড়ে চারশত প্রবাসী বাংলাদেশি এতে অংশ নেন। ফ্লাশিংয়ের ওয়ার্ল্ড ফেয়ার মেরিনা থেকে যাত্রা শুরু হয় রিভার ক্রুজটি ইস্ট রিভারের বুক চিরে লিবার্টি আইল্যান্ড হয়ে আবার ওয়ার্ল্ড ফেয়ার মেরিনায় ফিরে আসে। সকাল থেকে বিকেল অবধি বিভিন্ন আনন্দ আয়োজনে মেতে থাকেন অতিথিরা। এতে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, মুখরোচক খাবার, আকর্ষণীয় র‌্যাফেল ড্র, ইত্যাদি। র‌্যাফেল ড্রতে ছিল পাঁচটি



সোনার গহনা সহ মোট দশটি আকর্ষণীয় পুরস্কার।

রিভার ক্রুজে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশিষ্ট কমিউনিটি ব্যক্তিত্ব জ্যামাইকা ফ্রেন্ড সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, শামসুদ্দিন আজাদ চট্টগ্রাম ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশনের এডভাইজার ও মাহবুব আহমেদ চট্টগ্রাম ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশনের সভাপতি সহ আরো অনেকে। রিভার ক্রুজের শুরুতে বেলুন উড়িয়ে উদ্বোধন করেন আয়োজক সংগঠনের উপদেষ্টা ফখরুল ইসলাম মজনু, সভাপতি শামীম হাসান ও সাধারণ সম্পাদক মুহাম্মদ ইসলাম (কলিম) সহ সক্রিয় সদস্যরা। এ সময় কমিউনিটি ব্যক্তিত্ব ও জ্যামাইকা ফ্রেন্ড সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার ও রিভার ক্রুজের আহ্বায়ক মো. আশিকুজ্জামান তপু প্রমুখ।

রিভার ক্রুজের সাংস্কৃতিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন কামরুজ্জামান বকুল, লিপা জামান, রোকসানা মির্জা, আলাভা, রায়হান, হুসনে আরা ও অর্পন। যন্ত্র সঙ্গীতে ছিলেন খন, রিপন, সাদু, আকাশ। উপস্থাপনায় ছিলেন রুমি আহমেদ ও শাহনূর সাজ্জাদ। অনুষ্ঠানের যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ আতিকুর রহমান রফিক, সমন্বয়কারী মো. জয়নাল আবেদীন, সদস্য সচিব মো. হাবিবুর রহমান, যুগ্ম সদস্য সচিব মিয়া ফয়েজ আহমেদ। সদস্য হিসেবে ছিলেন এ কে এম হক খোকন, মো. বেলায়েত হোসেন, মো. শাহাদাত হোসেন, মো. জাহিদুর রহমান, মো. শরিফুল ইসলাম, আল আমিন হাওলাদার, মোহাম্মদ জিলান আহমেদ, মো. মমিন হোসেন। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ফারুক হোসেন মজুমদার, ফখরুল ইসলাম মজনু, রবিউল আলম, ফারুক হোসেন পাটোয়ারী, শাহ মোয়াজ্জেম হোসেন, মো. শফিকুল ইসলাম, মো. আতিকউল্লাহ, মো. কবির হোসেন ও সোহানুর রহমান সোহান।

## ড.ইউনূসের সফরে ৫ জনই প্রেস সচিব

১ পৃষ্ঠার পর

এছাড়াও সরকারের অন্যান্য উপদেষ্টারাও নিয়মিত বিদেশ সফর করছেন। এর মধ্যেকোনো কোনো উপদেষ্টাকেঙ্গুরুত্বহীন নানা অনুষ্ঠানেও তাদের অংশ নিতে দেখা গেছে বলেও সমালোচনা রয়েছে।

জাতিসংঘ অধিবেশনে সঙ্গী হয়েছিলেন সরকারের বেশ কয়েকজন উপদেষ্টা, সরকারি কর্মকর্তা ও রাজনৈতিক দলের কয়েকজন প্রতিনিধিও। প্রেস টিমে ছিলেন ৫ জন। এই জনই প্রধান উপদেষ্টার প্রেস টিমের সদস্য। তারা হলেন প্রেস সেক্রেটারি শফিকুল আলম, ডেপুটি সেক্রেটারি আজাদ মজুমদার, ডেপুটি প্রেস সেক্রেটারি অপূর্ব জাহাঙ্গীর, এসিস্ট্যান্ট প্রেস সেক্রেটারি ফয়েজ আহমেদ ও সুচিশমিতা তিতি। প্রেস উইং এর ৫ জন সদস্য আনার কারন জানতে চাইলে কোন জবাব মেলেনি প্রেস সেক্রেটারির কাছ থেকে। প্রধান উপদেষ্টার সঙ্গে এই সফরে অন্তত ১০৪ জন তালিকাভুক্ত ছিলেন। বিশাল বহর নিয়ে প্রধান উপদেষ্টার যুক্তরাষ্ট্র সফরের বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা সমালোচনাও দেখা দেয়।



## প্রবাহ'র সাহিত্য সভা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

শুধু বাংলাদেশের রাজধানী নয়- বাংলা ভাষার রাজধানীও বটে। দুর্ভাগ্য, ঢাকা কেন্দ্রিক সাহিত্য চর্চায় সিলেটী সাহিত্যিকরা উপেক্ষিত। এ প্রসঙ্গে কবি ফররুখ আহমদ, কবি আল মাহমুদের নাম উল্লেখ করেন।

কবি আবুল বাশার বলেন, আমাদের জাতীয় সংস্কৃতি ও ধর্মীয় সংস্কৃতির উপর কালো থাবা পড়েছে- স্বকীয় সংস্কৃতিতে উদ্বুদ্ধ হয়ে বিজাতীয় সংস্কৃতির আগ্রাসনকে রুখতে হবে। তিনি স্বরচিত গল্প 'দরিদ্র হয়ে জন্ম নেয়া আজন্ম পাপ' পাঠ করেন।

কবি মিয়া মো. আশফির তাঁর স্বরচিত কবিতা পাঠ করেন। বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম কিরণ তাঁর স্বরচিত বড় গল্প পাঠ করেন। মুক্তিযোদ্ধা কবি সৈয়দ হাসমত আলী নিজের মুক্তিযুদ্ধের বাস্তব খণ্ডচিত্র উপস্থাপন করেন ও নিজের লেখা কবিতা পাঠ করেন।

পিনাকুর রাসুল সাহিত্য সংস্কৃতির বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা পেশ করেন ও সাহিত্যে বিশ্বাসের প্রতিফলনের উপর গুরুত্ব দেন। তরুন প্রজন্মের আশেক এলাহী একটি কবিতার অংশবিশেষ পাঠ করে।



# নবাবগঞ্জ এসোসিয়েশন এর নতুন সভাপতি মুকুট সম্পাদক নজরুল




আজকাল রিপোর্ট

নবাবগঞ্জ এসোসিয়েশন অব ইউ এস এ ইনক্ এর ২০২৫-২০২৭ সালের নতুন কমিটি গঠন করা হয়েছে। এতে সভাপতি হিসাবে নির্বাচিত হয়েছেন গোলাম এস হায়দার মুকুট এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন মোহাঃ নজরুল ইসলাম। এছাড়াও আরো প্রচুর সংখ্যক সদস্যদের সমন্বয়ে বিশাল এক কার্যকরী কমিটি গঠন করা হয়েছে। গত ২৮ সেপ্টেম্বর রবিবার জ্যাকসন হাইটস্ নাসাই রেস্টুরেন্ট এ মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রচুর সংখ্যক নবাবগঞ্জ বাসীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে এবং সকলের মতামতের ভিত্তিতে স্বচ্ছ ও গণতান্ত্রিক







প্রক্রিয়ায় সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সকল সদস্যদের নির্বাচিত করা হয়। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সভাপতি মুকুট ও সম্পাদক নজরুল তাদেরসহ সকল সদস্যদের নির্বাচিত করে প্রবাসী নবাবগঞ্জবাসীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সে সাথে সংগঠনকে সুষ্ঠুভাবে পরিচালনা ও কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অচিরেই অভিষেক এর মাধ্যমে কমিটি সকল সদস্যদের শপথ গ্রহণের মাধ্যমে কার্যক্রম শুরু হবে বলে জানানো হয়।

## নিউইয়র্কে জামায়াত নেতা তাহেরকে সংবর্ধনা

৬৪ পৃষ্ঠার পর

নিউইয়র্কে এস্টোরিয়ার ওয়ার্ল্ড মেনর হল রুমে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আয়োজক সংগঠনের সভাপতি মুক্তিযোদ্ধা মশিউর রহমান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ড. মীর শওকত আলী, ড. নকিবুর রহমান, সাংবাদিক কাজী শামসুল






আলম, স্পোর্টস এ্যালায়েন্স এসোসিয়েশন সভাপতি মনির আহমেদ, আমেরিকার খেলাফত মজলিসের সভাপতি মুফতি মুস্তাফিজুর রহমান কাসেমি, কুমিল্লা সমিতির সাবেক সভাপতি আলমগীর, হাজি মফিজুল ইসলাম ও বিশিষ্ট আইনজীবী মশিউর রহমান প্রমুখ।

অনুষ্ঠানে ডা. তাহের বলেন, দেশের স্বাধীনতা সার্বভৌমত্বের প্রশ্নে জামায়াত আপোষহীন। বাংলাদেশ স্বাধীনতা পেলেও তার সুফল পায়নি। নেতৃত্বের কারণে মানুষ সুফল থেকে বঞ্চিত হয়েছে। জুলাইয়ের পর সে সুযোগ এসেছে। দেশের মানুষ পরিবর্তন চায়। প্রয়োজনীয় সংস্কার চায়। হাসিনা মার্কা নির্বাচন চায় না। যদি কারচুপির নির্বাচন হয় তাহলে আবারও রাজপথে নামবে জনগণ। রাজনীতিবিদরা তা বুঝতে ভুল করলে চড়া মূল্য দিতে হবে।

তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে মুসলিম-অমুসলিম সব দেশের সম্পর্ক থাকবে। তবে তা হবে পারস্পরিক বন্ধুত্বের, প্রভুত্বের নয়। সমস্ত কুকর্মই কাজ করতে হবে। মালদ্বীপ ভারত ছাড়া পারলে পারবো।

এসময় প্রবাসী দুই সাংবাদিকের বিষয়ে তাহের বলেন, সাংবাদিক ইলিয়াস হোসেন ও কনক সারওয়ারকে ধন্যবাদ দিলে তাদের খাটো করা হবে। তাদের অনেক ভূমিকা রয়েছে। তারা কোন কিছু পাওয়ার জন্য করেনি। দেশের জন্য করেছে।

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের
মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান
মাল্টিপল ভিসা




USA 5 YEARS
MULTIPLE TOURIST VISA

## দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## ঘরের মাঠে এগিয়ে গিয়েও হারল বার্সা

৫২ পৃষ্ঠার পর

একদিকে বার্সা পায়নি নিয়মিত গোলরক্ষক জোয়ান গার্সিয়া, রাফিনহা ও ফারমিন লোপেজকে। অন্যদিকে পিএসজি খেলতে নামে ওসমান দেম্বেলে, কাভারাটস্খেলিয়াকে ছাড়াই। তবে ম্যাচে হয়েছে দারুণ লড়াই।
গতকাল রাতে অনুষ্ঠিত ম্যাচে শুরুতে বার্সেলোনাকে এগিয়ে দেন ফেরান তরেস। প্রথমার্ধের শেষদিকে পিএসজিকে সমতায় ফেরান সেনি মায়ুলু। ম্যাচের শেষ সময়ে ব্যবধান গড়ে দেন গনসালো রামোস। এই জয়ে পয়েন্ট টেবিলের তিনে উঠে এলো পিএসজি। আর এই হারে ১৬ নম্বরে নেমে গেছে বার্সেলোনা। তাদের সমান ৩ পয়েন্ট মোট ১৩টি দলের।
ম্যাচের দ্বাদশ মিনিটে প্রথম সুযোগ পায় পিএসজি। কর্নার থেকে হেড লক্ষ্যে রাখতে পারেননি ইলিয়া জাবারনি। দুই মিনিট পর এই সেন্টার ব্যাকই দলকে বাঁচান। লামিনে ইয়ামালের দুর্দান্ত পাসে প্রথম ছোঁয়ায় গোলরক্ষককে কাটান তরেস। কিন্তু নিয়ন্ত্রণ হারিয়ে ফেলায় জোরে শট নিতে পারেননি এই স্প্যানিশ ফরোয়ার্ড। গোললাইন থেকে ফেরান জাবারনি।
১৯তম মিনিটে আর ব্যর্থ হননি তরেস। ইয়ামালের বাড়ানো বল নিয়ন্ত্রণে নিয়ে ডি বক্সে ক্রস করেন মার্কাস রাশফোর্ড। চমৎকার প্লেসিংয়ে জাল খুঁজে নেন তরেস। ৩০তম মিনিটে আশরাফ হাকিমির চমৎকার ফ্লিক কিক কাঁপিয়ে কর্নারের বিনিময়ে রক্ষা করেন ভয়চেখ শেজনি। আট মিনিট পর বাঁ পায়ের শটে তাকে পরাস্ত করেন মায়ুলু।
বিরতির পর আক্রমণের ধার বাড়ায় পিএসজি। ৫৩তম মিনিটে মেন্দেসের শট ফেরান শেজনি। পরের মিনিটে ব্রাডলি বারকোলার ফেরান তিনি। ৬৫তম মিনিটে কয়েক সেকেন্ডের ব্যবধানে বার্সেলোনার দুটি শট গোলমুখ থেকে ফিরিয়ে দেন পিএসজির দুই ডিফেন্ডার। ৮৩তম মিনিটে একটুর জন্য জালের দেখা পাননি পিএসজির লি কাং-ইন।
একের পর এক আক্রমণে বার্সেলোনাকে চেপে ধরা পিএসজি এগিয়ে যায় ৯০তম মিনিটে। হাকিমির ক্রস ঠান্ডা মাথার শটে জাল খুঁজে নেন রামোস। বাকি সময়ে বার্সা আর সেই গোল শোধ করতে পারেনি। দিনের অন্য ম্যাচে অলিম্পিয়াকোসকে ২-০ গোলে হারিয়েছে আর্সেনাল। গ্যাব্রিয়েল মার্তিনেল্লি দলকে প্রথমার্ধে এগিয়ে নেওয়ার পর ম্যাচের যোগ করা সময়ে ব্যবধান দ্বিগুণ করেন বুকায়ো সাকা।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




## বিশ্বকাপে দারুণ সূচনা বাংলাদেশের

৫২ পৃষ্ঠার পর

সাজঘরের পথ ধরেন রামিন। সেট হয়ে আউট হয়েছেন সিদরা নওয়াজও (২৩ বলে ১৫)। এরপর ফাতিমা খাতুনের লেগস্পিনে রিভিউ নিয়ে বাঁচলেও পরে আরেক লেগি রাবেয়া খানের এলবিডব্লিউয়ের ফাঁদে পড়েন তিনি।
৬৭ রানে ৫ উইকেট হারানোর পর ধরে খেলায় মনোযোগ দেন আলিয়া রিয়াজ আর ফাতিমা সানা। ৫৪ বলে তাদের ২৪ রানের জুটিটি অবশেষে ভাঙেন নিশিতা আক্তার নিশি। তাকিন দ্য উইকেটে বড় শট হাঁকাতে গিয়ে শর্ট থার্ডম্যানে ধরা পড়েন আলিয়া (৪৩ বলে ১৩)। একশর আগে (৯১ রানে) ৬ উইকেট খুইয়ে ফের চাপে পড়ে পাকিস্তান। এক ওভার পরেই ৩৩ বলে ২২ রান করা ফাতিমা সানাকে এলবিডব্লিউ করেন ফাহিমা খাতুন।
এরপর আর বেশিদূর এগোতে পারেনি পাকিস্তান। ৩৮.৩ ওভারে তাদের ১২৯ রানেই গুটিয়ে দেয় বাংলাদেশের মেয়েরা। বাংলাদেশের স্বর্ণা আক্তার মাত্র ৫ রানে ৩টি, মারুফা ও নাহিদা আক্তার নেন ২টি করে উইকেট।

## এমসিসির নতুন সভাপতি স্মিথ

৫২ পৃষ্ঠার পর

দেন এ ক্রিকেটার। এরপর পাঁচটি বই প্রকাশ করার পাশাপাশি নানা সময়ে দ্য টাইমস ও সানডে টেলিগ্রাফ-এ কলাম লিখেছেন তিনি।
রেডিও ও টেলিভিশনে উপস্থাপক হিসেবেও কাজ করেছেন স্মিথ। যার মধ্যে উল্লেখযোগ্য বিবিসি টেস্ট ম্যাচ স্পেশাল। ২০১৮ সালে তিনি ইংল্যান্ড পুরুষ দলের প্রধান নির্বাচকের দায়িত্ব পান। তার তিন বছরের মেয়াদেই প্রথমবারের মতো ওয়ানডে বিশ্বকাপ জয়ের স্বাদ পায় ইংল্যান্ড। এমসিসি-কে ক্রিকেটের আইনপ্রণয়নকারী সংস্থা বলা হয়ে থাকে। ফলে এই সংস্থার সভাপতির দায়িত্ব অনেক সম্মানের বলে বিবেচনা করা হয়।
নতুন দায়িত্ব পেয়ে স্মিথ বলেছেন,এমসিসির প্রেসিডেন্ট হিসেবে লর্ড ক্লিফের উত্তরসূরি হওয়া খুবই সম্মানের বিষয়। আমার জীবনের বিশেষ একটি অংশ লর্ডস। ক্রিকেটের ভক্ত ও খেলোয়াড় হিসেবেই নয়, পরে নির্বাচক হিসেবেও। আমি আমার সামর্থ্যের সর্বোচ্চটুকু দিয়ে ক্লাব ও এই খেলায় অবদান রাখতে উন্মুখ হয়ে আছি।
অন্যদিকে ক্লেয়ার টেলরের স্থলাভিষিক্ত হয়েছেন মরগান। গত মে মাসে এজিএমে তিন বছরের জন্য তাকে দায়িত্ব দেওয়ার বিষয়টি চূড়ান্ত হয়েছিল। মরগান ইংল্যান্ডের হয়ে ওয়ানডেতে প্রায় ৭ হাজার রান করেছেন। ইংল্যান্ডের বিশ্বকাপ জয়ী অধিনায়কও তিনি। ইংল্যান্ডের সর্বকালের অন্যতম সফল অধিনায়কও বলা হয় তাকে। এমসিসির সম্মানসূচক আজীবন সদস্য তিনি।

## লিওনেল মেসিই জানালেন ভারতে যাচ্ছেন

৫২ পৃষ্ঠার পর

কোহলি, মহেন্দ্র সিং ধোনি, শচীন টেন্ডুলকার ও রোহিত শর্মার মতো ভারতীয় ক্রিকেট মহারথীরা।
ফুটবল মাঠের জাদুকরকে এবার দেখা যাবে ক্রিকেট ব্যাট হাতে, যা ভারতীয় ভক্তদের জন্য নিঃসন্দেহে এক অবিস্মরণীয় মুহূর্ত হয়ে উঠবে। ম্যাচটি হতে পারে একটি ৭-এ সাইড ফরম্যাটে, যেখানে দেশটির নামী ক্রিকেটারদের সঙ্গে মাঠ ভাগ করে নিতে দেখা যাবে ফুটবলের 'গোট' মেসিকে।
মেসির সফরের আরেক গুরুত্বপূর্ণ গন্তব্য হবে কলকাতা, যেখানে তিনি ইডেন গার্ডেন্সে অংশ নেবেন এক বিশেষ সংবর্ধনা অনুষ্ঠানে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে তাঁকে সংবর্ধিত করবেন। একইসঙ্গে কলকাতায় শিশুদের জন্য একটি ফুটবল কর্মশালা পরিচালনা করবেন মেসি এবং উদ্বোধন করবেন একটি ফুটবল ক্লিনিক। তার সম্মানে আয়োজিত হবে একটি ৭-এ সাইড ফুটবল টুর্নামেন্ট, যার নাম রাখা হয়েছে "গোট কাপ"।
এটি হবে মেসির ভারতে দ্বিতীয় সফর। এর আগে ২০১১ সালে তিনি ভেনেজুয়েলার বিপক্ষে একটি প্রীতি ম্যাচ খেলতে কলকাতার সল্টলেক স্টেডিয়ামে এসেছিলেন। দীর্ঘ ১৪ বছর পর ফের মেসির পদার্পণ ভারতের মাটিতে।
বর্তমানে ৩৮ বছর বয়সী লিওনেল মেসি যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকার ক্লাব ইন্টার মায়ামিতে খেলছেন। তিনি ইতোমধ্যে জানিয়ে দিয়েছেন, ২০২৬ সালের ফিফা বিশ্বকাপ হতে পারে তার শেষ বিশ্ব আসর, যা অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রে।

## নেইমার-অ্যালিসনদের ছাড়াই ব্রাজিলের স্কোয়াড ঘোষণা

৫২ পৃষ্ঠার পর

গিয়া রদ্রিগোকে ডেকেছেন আনচেলত্তি। এ ছাড়া সেপ্টেম্বরে হওয়া প্রথম ম্যাচে কার্ডজনিত সমস্যায় এক ম্যাচ নিষিদ্ধ থাকা ভিনিসিয়ুসকেও বাইরে রেখেছিলেন।
এদিকে, ইতালিয়ান এই কিংবদন্তি কোচের স্কোয়াডে নেইমার ছাড়াও জায়গা হয়নি অভিজ্ঞ গোলরক্ষক অ্যালিসন বেকার, রাফায়েল রাফিনিয়া ও মার্কিনিয়োসের। সম্প্রতি লিভারপুলের ইংলিশ প্রিমিয়ার লিগের ম্যাচে তিনি চোট নিয়ে মাঠ ছেড়েছিলেন।
এ ছাড়া হ্যামস্ট্রিংয়ের চোটে প্রায় তিন সপ্তাহ রাফিনিয়াকে বাইরে থাকতে হতে পারে বলে গত শুক্রবার জানিয়েছে তার ক্লাব বার্সেলোনা।
পিএসজির হয়ে খেলা ডিফেন্ডার মার্কিনিয়োসও চোটের কারণে খেলার বাইরে আছেন। এ ছাড়া আনচেলত্তির প্রথম দুবার ঘোষিত স্কোয়াড থেকে আন্দ্রে সান্তোস এবং আলেসান্দ্রো রিবেইরো বাদ পড়েছেন।
আসন্ন দুটি প্রীতি ম্যাচ নিয়ে গত আগস্টে ব্রাজিল ফুটবল ফেডারেশন (সিবিএফ) জানিয়েছিল, ১০ অক্টোবর সিউলে দক্ষিণ কোরিয়া এবং ১৪ অক্টোবর টোকিও ন্যাশনাল স্টেডিয়ামে জাপানের বিপক্ষে লড়বে ব্রাজিল। গত মে মাসে আনচেলত্তি সেলেসাওদের দায়িত্ব নেওয়ার পর ৪ ম্যাচে তারা ২ জয় এবং একটি করে ড্র ও হার দেখেছে। ২০২৬ বিশ্বকাপে যাওয়ার আগে বাছাইয়ের টেবিলে ব্রাজিলের অবস্থান পঞ্চম।
প্রীতি ম্যাচের জন্য ব্রাজিলের স্কোয়াড-
গোলরক্ষক : বেন্তো, এডারসন, হুগো সোজা।
ডিফেন্ডার : কাইয়ো হেনরিক, কার্লোস আগুস্তো, ফ্যাব্রিসিও ব্রুনো, গ্যাব্রিয়েল মাগালায়েস, লুকাস বেরালদো, ভান্দারসন, পাউলো হেনরিক, ওয়েসলি।
মিডফিল্ডার : আন্দ্রে, ব্রুনো গুইমারেস, ক্যাসেমিরো, জোয়েলিন্টন, জোয়াও গোমেস, লুকাস পাকেতা।
ফরোয়ার্ড : এস্তেভাও উইলিয়ান, গ্যাব্রিয়েল মার্তিনেল্লি, ইগোর জেসুস, লুইস হেনরিক, মাথেউস কুনহা, রিশার্লিসন, রদ্রিগো, ভিনিসিয়ুস জুনিয়র।

## আবু তাহের খোকন-এর 'মনের কথা' এখন নিউইয়র্কে

৩ পৃষ্ঠার পর

ভাবাবেগে ভালোলাগা, ভালোবাসা, রাগ-ক্ষোভ-দুঃখ-অভিমান, প্রতিরোধ-প্রতিবাদের প্রকাশ। এর কোনো একটা লেখার একটা লাইনও যদি কারও ভালো লাগে, একজন পাঠকেরও মনের কথার সঙ্গে মিলে যায়- সেটুকুই আমার পাওয়া।পাঠকের প্রতি কবির এই পরিপূর্ণ সমর্পণ প্রশংসনীয়।
বইটির উৎসর্গপত্রও ব্যতিক্রমী। সেখানে লেখা হয়েছে- 'সেই মানুষগুলোকে, যারা সব সময় পেছন থেকে টেনে ধরে আমার সামনে চলার পথ বাধাগ্রস্ত করতে চেয়েছেন'। কী কঠিন অভিমান! কবিতায় লিখেছেন, 'এমন একটা দেশের কথা ভাবি। আগামী প্রজন্মের মাথা তুলে, বুক ফুলিয়ে চলার বাংলাদেশ।' লিখেছেন, 'ভালো থেকো তুমিও, একান্তেই। জীবনের সব প্রতিকূলতাকে বুড়ো আঙুল দেখিয়ে' কিংবা 'কবরে প্রাসাদ গড়ে, পালঙ্কে ঘুমাবে- তেমন কিছু ভুমি করে যাচ্ছ কি?'এমন অনেক মনোহর, বুকের ভেতর প্রত্যাশা, প্রেম ও প্রতিবাদের অনুভূতি জাগানো পঙক্তি জড়িয়ে আছে বইটির বিভিন্ন কবিতায়।
আগস্ট ২০২৫-এ, বইটি প্রকাশ করেছে টাঙ্গন প্রকাশন। প্রচ্ছদ করেছেন কবির মেয়ে তাসনীম তাহের মীম। মনের কথা কাব্যগ্রন্থের ভূমিকায় কবি হাসান হাফিজ বলেছেন, 'সুকুমার শিল্পের অন্যতম আদি একটি মাধ্যম হলো কবিতা। বড়ই সূক্ষ্ম, বড়ই রহস্যময়ী। কবিতার টানে, মায়ায় সম্মোহিত হয়েছেন আবু তাহের খোকন। কবিতার ভুবনে তাঁকে স্বাগত, অবশ্যই অভিনন্দন। নিরাভরণ সারল্যে আপন অনুভূতি, আবেগ, দুঃখ, কষ্ট-বঞ্চনা তিনি তুলে ধরার প্রয়াস পেয়েছেন। সমাজ ভাবনা ও দেশচিন্তাও পরিস্ফুটিত, মনের কথা কাব্যগ্রন্থে প্রতিফলিত হয়েছে তাঁর কবিতা সম্ভারে। কোনোকিছুই জটিল নয় সেইসব উপলব্ধি ও বোধের চিত্রায়ণ। ফলে এই গ্রন্থের কবিতাবলি বৈচিত্র্যের স্বাদে হয়ে উঠেছে অনুপম ও অনন্য। আশা করি 'মনের কথা' কাব্যগ্রন্থটি পাঠকের ভালো লাগবে।
আবু তাহের খোকন পেশায় ফটোসাংবাদিক। দেশ, মাটি, মানুষ, প্রকৃতির নান্দনিক ছবি তুলেছেন অগুনতি দেশের গণ্ডি ছাপিয়ে তাঁর কৃতি ও কীর্তি ছড়িয়ে পড়েছে বর্হিবিশ্বে। স্বীকৃতি হিসেবে পেয়েছেন দেশ-বিদেশের অনেক সম্মাননা, পদক-পুরস্কার। আবু তাহের খোকন বাংলাদেশ প্রতিদিন এর শুরু থেকেই প্রধান ফটোসাংবাদিক পদে কর্মরত। এর আগে তিনি দ্য নিউ নেশন, দ্য মর্নিং সান, দ্য ফিন্যান্সিয়াল এক্সপ্রেস, দ্য নিউজ টুডে ও দ্য নিউ এজ পত্রিকায় কাজ করেছেন।দেশ-বিদেশের প্রাপ্ত স্বীকৃতির মধ্যে রয়েছে -এশিয়া প্যাসিফিক কালচারাল সেন্টার ফর ইউনেস্কো জাপান অ্যাওয়ার্ড ১৯৯৪,১৯৯৫ ও ১৯৯৬, ইউনাইটেড ন্যাশন অ্যাওয়ার্ড ক্লাব ইন বাংলাদেশ ১৯৯৮, মোবেস্টন ইন্টিমেসি লাফটার ফিনশিপ অ্যাওয়ার্ড সিঙ্গাপুর ২০০০, চায়না প্রেস ফটো কনটেস্ট অ্যাওয়ার্ড ইন চায়না ২০০৪, ইংল্যান্ড-এমসিসি ক্রিকেট ফটোগ্রাফ অব দ্য ইয়ার ২০১৫-২০১৬ লন্ডন, "জুম-ইন পোর্ট্রেট গ্লোবাল ফটো কনটেস্ট অর্গানাইজড বাই দ্য জিনহুয়া নিউজ এজেন্সি অ্যান্ড দ্য ইউএনডিপি চায়না ২০১১ এবং প্রেস ফাউন্ডেশন অব এশিয়া অ্যাওয়ার্ড বাংলাদেশ অ্যান্ড মালয়েশিয়া চাপ্টার ২০০২। ২০১৬ সালে আবু তাহের খোকনের "সাদাকালো সংবাদচিত্র সংগ্রহ প্রকাশিত হয়েছিল নিউইয়র্কের জ্যাকসন হাইটসে।




MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

## কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

### এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

**নিউইয়র্ক অফিস**
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com



## ওম শক্তি মন্দিরে ভক্তদের উপচেপড়া ভিড়

৬৪ পৃষ্ঠার পর

দুর্গোৎসব -২০২৫। এবারের পূজা ঘিরে ছিল বিশাল আয়োজন, এর মধ্যে ছিল ধামাইল এর সাথে ঢাক বাজিয়ে অংশ নেন সকলের প্রিয় মতিতোষ তালুকদার। সুস্মিতা চৌধুরীর উপস্থাপনায় প্রতিদিন রাত ৮ টা থেকে ১১.৩০ পর্যন্ত চলে সংস্কৃতিক






অনুষ্ঠান। এতে সংগীত পরিবেশন করেন রথীন্দ্র নাথ রায়, বিপ্লব চক্রবর্তী, জয় শংকর চৌধুরী, শিল্পী কুন্ড, রপ্তি দাস, ঋত্বিকা বেনার্জি, দীপন মিত্র, কৃষ্ণা তিথি, চন্দ্রা রায়, রুনা রায়, ঋতুজা বেনার্জি, শাহ মাহবুব, মেহেজাবিন মেহা, কিশান, বাপ্পি সৌম, দিলাত জাহান ঝুম্পি, মাধব ও মিঠুন দেব। প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত পুষ্পাঞ্জলি এবং রাত ১১ টা পর্যন্ত চলে মহা প্রসাদ বিতরণ। পৌরোহিত্যে ছিলেন শ্রী প্রভাস চক্রবর্তী, শ্রী রণজিৎ অধুড়ী ও শ্রী শিবতোষ চক্রবর্তী। ২৭ সেপ্টেম্বর মহা ষষ্ঠী থেকে শুরু হয়ে ১লা অক্টোবর বুধবার দশমী বিহিতে পূজা সমাপনান্তে বিসর্জন, প্রশস্তি বন্দনা, সিঁদুর দান উৎসব, ধামাইল নৃত্য ও আরতি ঢাকের তালে তালে অনুষ্ঠান মালা সম্পন্নের মধ্যে দিয়ে মহা দশমী অর্থাৎ প্রতিমা বিসর্জন করা হয়।

ওম শক্তি মন্দিরের সভাপতি শ্রী গৌরাঙ্গ রায়, সাধারণ সম্পাদক শ্রী স্বরূপ সাহা এবং উপদেষ্টা মণ্ডলীর সদস্য গৌরাঙ্গ কুন্ডু, জয় অশোক সাহা, মৃণাল ভট্টাচার্য, জীবন চৌধুরী সহ অন্যান্যরা পূজায় আগত ভক্ত ও অতিথিদের পরিচর্যা এবং সার্বিক পরিস্থিতি পরিচালনা করেন।

## নোয়াখালী সোসাইটির সভাপতি মিন্টু ও সম্পাদক পিন্টু

৬৪ পৃষ্ঠার পর

প্রার্থিতা ঘোষণা। যার নেতৃত্বে নোয়াখালী সোসাইটি প্রবাসে অনুকরণীয় এবং অনুসরণীয় সংগঠনে পরিণত হয়েছে, তিনি যদি নির্বাচন করতে যান, তাহলে অন্যপ্রার্থী বা অন্য প্যানেল থাকে কী করে। তারপর সভাপতি পদে জাহিদ মিন্টুর বিপরীতে আওলাদ হোসেন নামে একজন নির্বাচনের ঘোষণা দেন। জাহিদ মিন্টুর বিপরীতে মনোনয়নপত্র জমা দিয়ে আওলাদ হোসেন মনোনয়নপত্র প্রত্যাহারের দিন এসে মনোনয়নপত্র প্রত্যাহার করেন এবং বলেন, তিনি চান না তার কারণে সংগঠনের ক্ষতি হোক। সভাপতি প্রার্থী জাহিদ মিন্টু ও আওলাদ হোসেনকে ধন্যবাদ জানান তার সুচিন্তিত সিদ্ধান্তের জন্য। তিনি সবার সহযোগিতা কামনা করেন।

প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ সোহেল হেলালও বলেন, একটি সুন্দর পরিবেশে আমরা নির্বাচনী কার্যক্রম সমাপ্ত করতে পেরেছি। এর আগের নির্বাচনেও আমরা কয়েকটি পদে নির্বাচিত করেছি। তারও সেই আশঙ্কা করেছিলাম কিন্তু সভাপতি প্রার্থী আওলাদ হোসেনের মনোনয়নপত্র প্রত্যাহার আমাদের সুন্দর সমাপ্তির দিকে নিয়ে গেল। তিনি আরো বলেন, আমরা নির্বাচনে তফসিল অনুযায়ী ফলাফল ঘোষণা করলো।

আওলাদ হোসেন মনোনয়নপত্র প্রত্যাহার করায় মিন্টু- পিন্টু প্যানেলের সমর্থকরা মিষ্টি বিতরণ করেন এবং বিশেষ মোনাজাত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের সদস্য মোহাম্মদ আব্দুল মান্নান, ফারুক আহমেদ, একেএম ইব্রাহিম চৌধুরী, মোস্তাক হোসেন, বৃহত্তর নোয়াখালী সোসাইটির সভাপতি নাজমুল হাসান মানিক, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হাজী মফিজুর রহমান, উপদেষ্টা পরিষদের সদস্য খোকন মোশাররফ, শাহ আলম, মহিবুল উদ্দীন মাহবুব, স্বপন, সহসভাপতি তাজু মিয়া প্রমুখ। 'দি গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ ইনক'-এর নির্বাচন ২০২৫ এ বিনা প্রতিদ্বন্দ্বিতায় জাহিদ মিন্টু-মাইনউদ্দিন পিন্টুর নেতৃত্বাধীন পূর্ণাঙ্গ প্যানেলে বিজয়ী হয়েছেন।

গত ২৬ সেপ্টেম্বর সন্ধ্যায় নির্বাচনের কোনো প্রতিদ্বন্দ্বী না থাকায় প্রধান নির্বাচন কমিশনার সোহেল হেলাল মিন্টু-পিন্টু পরিষদকে বিজয়ী ঘোষণা করেন। এ সময় নির্বাচন কমিশনের সদস্যরা, প্রার্থী, সোসাইটির সদস্যরা উপস্থিত ছিলেন।

আগামী চার বছরের জন্য (২০২৬-২০৩০) নির্বাচিত কমিটির কর্মকর্তারা হলেন-সভাপতি পদে জাহিদ মিন্টু, সহ-সভাপতি পদে তাজু মিয়া ও এনামুল হক রুমি, সাধারণ সম্পাদক পদে এসএম মাইনউদ্দিন পিন্টু, সহ-সাধারণ সম্পাদক পদে হাসেম আহমেদ চৌধুরী রুবেল, কোষাধ্যক্ষ পদে নজরুল ইসলাম, সহ-কোষাধ্যক্ষ পদে জামাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক পদে নুরুল ইসলাম বাবু, প্রচার সম্পাদক পদে মাহমুদুল হাসান (রুদ্র মাসুদ), ধর্ম ও সমাজকল্যাণ সম্পাদক পদে মুহাম্মদ মনজুরুল করিম, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক পদে মোহাম্মদ আব্দুর রহিম, দফতর সম্পাদক পদে মোহাম্মদ রেজাউল হক, কার্যনির্বাহী সদস্য পদে আনোয়ারুল আজিম, হাসানুজ্জামান, এসএম মাইনউদ্দিন, মাহমুদুল হক ও ইকবাল হোসেন নির্বাচিত হয়েছেন।

ফলাফল ঘোষণার সময় বক্তব্য রাখেন সোসাইটির বর্তমান সভাপতি নাজমুল হাসান মানিক, সহ-সভাপতি তাজু মিয়া, নির্বাচন কমিশনার ফারুক আহমেদ, অধ্যাপক একেএম ইব্রাহিম চৌধুরী রতন, আব্দুল মান্নান, মোস্তাক মোশারফ প্রমুখ।



## জাতিসংঘের সামনে যুক্তরাষ্ট্র বিএনপি'র সমাবেশ

৬৪ পৃষ্ঠার পর

পরিষদ এবং নিউইয়র্ক, নিউজার্সী, ফ্লোরিডা, কানেকটিকাট, পেনসেলভেনিয়া প্রভৃতি স্টেট বিএনপি'র নেতা-কর্মীরা বিচ্ছিন্নভাবে সমাবেশে অংশ নেন। তবে যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক নেতাদের ঐক্যবদ্ধ থেকে সমাবেশ করতে দেখা যায়। উল্লেখ্য, দীর্ঘ প্রায় এক যুগের বেশি সময় ধরে যুক্তরাষ্ট্র বিএনপির কেন্দ্রীয় কমিটি না থাকায় দলের কার্যক্রম স্থবিরতা দেখা দিয়েছে এবং সাংগঠনিক কার্যক্রম অনেকটা নিষ্ক্রিয় হয়ে পড়েছে এবং দলীয় নেতা-কর্মীদের মাঝে বিভক্তিও পরিলক্ষিত হয়। যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সহ সভাপতি আলহাজ্ব সোলায়মান ভূঁইয়া, সামসুল ইসলাম মজনু, নিয়াজ আহমেদ জুয়েল, এমদাদুল হক কামাল, আনোয়ার হোসেন, বাবর উদ্দিন, সাবেক যুগ্ম সম্পাদক হেলাল উদ্দিন, আখতার হোসেন বাদল, কাজী আজম, ফিরোজ আহমেদ ও গিয়াস উদ্দিন, জাতীয়তাবাদী মহিলাদল নেত্রী মাহমুদা শিরিন প্রমুখের নেতৃত্বে সাবেক নেতাদের ব্যানারে দলীয় নেতা কর্মীরা জাতীয় পতাকা হাতে নানা শ্লোগান তুলে সমাবেশ স্থল প্রকম্পিত করে তুলেন।

এছাড়াও সমাবেশে যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সিনিয়র সহ সভাপতি শরাফত হোসেন বাবু, সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল, ফ্লোরিডা বিএনপির সাবেক সভাপতি দিলাজ খান, বিএনপি নেতা আব্দুস সবুর, পারভেজ সাজ্জাদ, নীরা রব্বানী, কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবু সাঈদ আহমেদ, সাবেক সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক এম এ বাতেন, যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সাধারণ সম্পাদক জাকির চৌধুরী, সাবেক যুগ্ম সম্পাদক গোলাম ফারুক শাহীন, যুক্তরাষ্ট্র জাসাস-এর সদস্য সচিব জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় নেতা সাইফুর খান হারুন, নিউইয়র্ক স্টেট বিএনপি'র সভাপতি মওলানা ওয়ালিউল্লাহ, সিটি বিএনপি (উত্তর)-এর আহ্বায়ক আহসান চৌধুরী খোকন প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পাশাপাশি কেন্দ্রীয় জিয়া পরিষদের আইন চেয়ারম্যান ও যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের আহ্বায়ক শামসুল ইসলাম মজনু ও সদস্য সচিব জাকির হাওলাদারের নেতৃত্বে সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে ফজলুর রহমান, এডভোকেট বদরুল হায়দার তোতা, এডভোকেট খন্দকার জাকির, মাহফুজুর রহমান, মিজানুর রহমান, গোলাম মোস্তফা প্রমুখ সমাবেশে অংশ নেন।

সমাবেশে বক্তারা বলেন, জেএফকে বিমানবন্দরে দলীয় মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অসম্মানিত করার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো এবং ঘটনার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির পাশাপাশি যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি গঠনের জন্য তারেক রহমানের দৃষ্টি আকর্ষণ এবং ফেব্রুয়ারীতেই জাতীয় নির্বাচন অনুষ্ঠানের দাবী জানান।

এদিকে কেন্দ্রীয় বিএনপি'র আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আনোয়ার হোসেন খোকন বেলা ২টার দিকে উপস্থিত দলীয় নেতা-কর্মীদের ধন্যবাদ জানিয়ে সমাবেশ শেষ করার ঘোষণা দিয়ে চলে যাওয়ার সময় কয়েকজন বিক্ষুব্ধ কর্মী তাকে উদ্দেশ্য করে গালাগাল করেন এবং নাজেহাল করার চেষ্টা করেন। এসময় দলের অন্যান্য নেতারা তাকে রক্ষা করে নিরাপদে নিয়ে যান। উল্লেখ্য, বিএনপি'র সমাবেশের মাঝে দুপুরে জুমার নামাজ আদায় করা হয়।

## জাতিসংঘের সামনে আ.লীগ-বিএনপির মারামারি

৬৪ পৃষ্ঠার পর

মারধরের শিকার হয়েছেন। খসরু মিয়া ঘুষিতে আহত হবার পর পুলিশ বিএনপির কর্মীকে গ্রেপ্তার করে। একদিন পর তিনি জামিনে মুক্তি পান। এসময় কান্নাজড়িত কণ্ঠে জি আই রাসেল বলেন, আমি ভুল করে বিএনপি'র সমাবেশের দিকে গেলে বিএনপি-জামায়াতের কর্মীরা আমাকে মেরেছে। পরবর্তীতে তিনি হাসপাতালে চিকিৎসা নেন বলে জানা যায়।

ম্যানহাটানের ফার্স্ট এভিনিউ ও সেকেন্ড এভিনিউর মাঝে ৪৭ স্ট্রীট সংলগ্ন পার্কে আয়োজিত সমাবেশে সর্বস্তরের বিপুল সংখ্যক দলীয় নেতা-কর্মী অংশ নেন। ড. সিদ্দিকুর রহমান ও সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদের নেতৃত্বে দলীয় নেতাকর্মীরা ঢাক-ঢোল পিটিয়ে জাতীয় সঙ্গীত পরিবেশনের পাশাপাশি 'জয়বাংলা, জয়বাংলা' সহ নানা শ্লোগানে এলাকা প্রকম্পিত করে তোলেন। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ছাড়াও যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও মহিলা লীগ সহ বিভিন্ন স্টেট থেকে আগত দলীয় নেতা-কর্মীরা সমাবেশ থেকে ড. ইউনূস সরকারের বিরুদ্ধে নানা শ্লোগান তুলেন। তারা শেখ হাসিনাকে 'প্রধানমন্ত্রী' উল্লেখ করে তার পক্ষেও নানা শ্লোগান তুলেন।

## প্রবাসীদের ভোটার বানাতে তারেকের নির্দেশ

৬৪ পৃষ্ঠার পর

কাজ করতে হবে। বিশ্বের বিভিন্ন দেশে প্রবাসী বাংলাদেশীদের ভোটার বানাতে নির্বাচন কমিশন ও বিদেশি দূতাবাস ও কনস্যুলেট অফিসে যোগাযোগ করতে হবে। শুধু নির্দেশ দিলাম তা নয়, সবাইকে কাজ করতে হবে। যাতে প্রবাসীরা বিএনপিকে ধানের শীষে ভোট দিতে পারে। যাকে যে দায়িত্ব দেওয়া হয়েছে সেভাবে কাজ করতে হবে।' তিনি বলেন, 'বাংলাদেশে নির্বাচনের সময় প্রার্থী বা তার পক্ষের লোকেরা যেভাবে যোগাযোগ করে ঘরে ঘরে গিয়ে ভোট চায় বা ভোটার স্লিপের নামগুলো দিয়ে আসে সেভাবে আপনাদের কাজ করতে হবে। অনেকের এনআইডি করতে হবে। যার যতটুকু সামর্থ্য আছে নিশ্চয়ই সে বসে থাকবে না।' তারেক রহমান আরও বলেন, 'প্রবাসে ৫০ লাখ ভোটার আছেন। বাংলাদেশে আছে সাড়ে ১২ কোটি। প্রবাসীদের ভোটার করলে হবে ১৩ কোটি ভোটার। এটা বিরাট একটা ব্যাপার। এজন্য আপনাদের সবাইকে কাজ করতে হবে। নির্বাচন কমিশন কী নিয়ম করেছে সেগুলো ভালোভাবে বসে সিদ্ধান্ত নিয়ে কাজ করতে হবে।'




# TAX FILE

**Preparation Training Course.**
**No Book, No Hassle**
**Only Computer software.**



Start Nov 6, 2025 & Nov 07, 2025
A group—Every Saturday (10am –12pm)— (Nov 06/25—Dec/25) ---only 10 Students.
B group---Every Sunday (12pm---2pm) -----(Nov 07/25—Dec/25) ---only 10 Students.

**Hon'ble Teacher:**
**Abdul Khalek (M. Com)**
40 years Tax preparation and Tax Audits Exp.
IRS Enrolled Agent
IRS E-File Provider
Chartered Accountant (FCA)
SME CFO Service

**Management:**
**JOB HELP & APPLI PROC SVCS**
148-45, Hillside Ave, Suite 204, Hillside Ave,
Jamaica, NY 11435
Cell: **917-500-3937**
Email: jobhelpbd786@gmail.com
By F train to Sutphin Blvd. Bus-Q43, Q44, Q40, Q1

**(TEACHER CONTACT : 929-318-1327)**

# TUITION FREE TAX SCHOOL*

## লিবার্টি ট্যাক্স স্কুল

## BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course
and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.
* Tuition is Free but there is little fee for books

• Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500
**147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435**

Email: libertytaxschool101@gmail.com (আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## জিতের 'সতর্কবার্তা' নিয়ে টলিপাড়ায় নতুন বিতর্ক

৪৬ পৃষ্ঠার পর

জিতের এই পোস্টের কমেন্ট বক্সে সমালোচকদের ভিড় জমেছে। একজন সরাসরি মন্তব্য করেছেন, 'এতদিন কোথায় ছিল আপনার এই পোস্ট? এখন যখন দেখছেন বন্ধু একেবারে কোণঠাসা, কেউ পাত্তা দিচ্ছে না, তখন এই পোস্ট করলেন।' আরেকজন অভিনেতার দিকে প্রশ্ন ছুঁড়ে দিয়েছেন, 'বন্ধু ডাকাত নিয়ে পোস্ট কোথায়? কেন দেবের পাশে দাঁড়ালেন না? উনি তো সবসময় আপনাকে সাপোর্ট করেন।'

তবে বরাবরের মতোই এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে জিৎ এখনো নিশ্চুপ। তিনি কেন এই পোস্ট করলেন বা নির্দিষ্ট করে কার পক্ষে-বিপক্ষে কথা বলছেন, সে বিষয়ে একটি বাক্যও খরচ করেননি। ফলে টেলিপাড়ায় কেউ ভাবছেন তিনি প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের পাশে দাঁড়াচ্ছেন, আবার কারও ধারণা দেবের সমর্থনে মুখ খুলেছেন তিনি।

## সিটি অফিসিয়ালদের সাথে ফ্রেন্ডস সোসাইটির মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

এভিনিউর ব্যস্ত এলাকাগুলো ঘুরে ঘুরে দেখেন। পরে সভায় মিলিত হয়ে হিলসাইড এলাকার সমস্যা নিয়ে আলোচনা করেন। এ সময় তারা এলাকার সমস্যাগুলো চিহ্নিত করেন, পরবর্তীতে সমাধানের উদ্যোগ নেয়ার আহ্বান দেন।

কমিউনিটি অ্যাক্টিভিস্ট, স্থানীয় বোর্ড মেম্বার ও জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কুইন্স বরো প্রেসিডেন্ট অফিসের প্রতিনিধি ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাদেক, কুইন্স ইস্ট বরোর ডেপুটি চিফ জেমন জেক্সি, ডিএসএনওয়াইর পাবলিক অ্যাফেয়ার্স-এর প্রতিনিধি আয়লিও রোমাইটার, কমিউনিটি বোর্ড-৮ এর ডিস্ট্রিক্ট ম্যানেজার ম্যারি আডাম-ওফিল প্রমুখ কর্মকর্তা সভায় অংশ নেন।

সভায় ফখরুল ইসলাম দেলোয়ার বলেন, হিলসাইড এভিনিউ বিশেষ করে সাটফিন বুলেভার্ড থেকে শুরু করে ১৭৯ হিলসাইড এভিনিউতে লোক সমাগম ও ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি পেয়েছে। ফলে এলাকাটি অপরিচ্ছন্ন, যানজট প্রভৃতি সমস্যা দিন দিন বাড়ছে। সমস্যাগুলোর সমাধানে প্রশাসনের আরো সুযোগ-সুবিধা বৃদ্ধি প্রয়োজন। পাশাপাশি তিনি জননিরাপত্তার উপরও গুরুত্বারোপ করেন।

জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর সেক্রেটারি আফতাব মান্নান ও বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী ছাড়াও ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি, উপদেষ্টা সালেহ আহমেদ, আমিনুল ইসলাম চুন্নু ও এবিএম সালাহউদ্দিন আহমেদ, সহ সভাপতি মুহাম্মদ ফারুক ইসলাম সনি, সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী, সাবেক সাধারণ সম্পাদক জে মোল্লা সানি, কার্যকরী সদস্য ইফতাত ইয়াসমীন রিমা সাবেক কর্মকর্তা শহীদুল ইসলাম, এএসএম সোলায়মান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট বেলাল আহমেদ, রাজু লর্ড ফিরোজ কবীর এবং সিটির আগামী নির্বাচনে অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৭৫ থেকে অ্যাসেম্বলী সদস্য পদপ্রার্থী মাহতাব খান সহ এলাকাবাসীদের মধ্যে মোহাম্মদ ইসলাম, এম ডি এম বেগ, এ মান্নান প্রমুখ উপস্থিত ছিলেন।

## নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচন সরে দাঁড়ালেন এরিক অ্যাডামস

৩ পৃষ্ঠার পর

এরিক। তবে তার বিরুদ্ধে ঘুষ গ্রহণ ও প্রতারণা সহ নানা অভিযোগ রয়েছে। যদিও ট্রাম্প প্রশাসনের নির্দেশে সেই অভিযোগ বাতিল করা হয়। তবে অভিযোগের কারণে মেয়র নির্বাচনী প্রাইমারীতে তিনি দলের মনোনয়ন পাননি। তাই তিনি স্বতন্ত্র মেয়র প্রার্থী হিসেবে লড়াইয়ে নেমেছিলেন। ডেমোক্রাটদের সেই প্রাইমারীতে সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমোকে পরাজিত করে জয়ী হন রাজনীতিতে তরুণ জোহরান মামদানি। এরিকের পাশাপাশি অ্যান্ড্রু কুমো মেয়র পদে স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়ছেন।

এরিক সরে দাঁড়ানোয় নির্বাচনে মূল প্রতিদ্বন্দ্বীতা হতে পারে মামদানি ও কুমোর মধ্যে। কুমো নিজেকে একমাত্র কেন্দ্রীয় প্রার্থী হিসেবে তুলে ধরছেন যিনি মামদানিকে হারাতে পারেন। আর ৩৩ বছর বয়সী মামদানি নির্বাচিত হলে তিনি শহরের ইতিহাসে সবচেয়ে কনিষ্ঠ এবং প্রগতিশীল মেয়র হবেন।

যদিও রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়াও নির্বাচনে রয়েছেন, তবে তার প্রার্থিতা তেমন শক্ত নয় বলে মনে করেন খোদ রিপাবলিকান শিবির। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি তাকে 'প্রাইম টাইম প্রার্থী নয়' বলেও মন্তব্য করেছিলেন

এদিকে নির্বাচনের প্রার্থী তালিকা সংশোধনের সময় শেষ হয়ে যাওয়ায় এরিকের নাম নাম ব্যালট পেপারে রয়ে যাবে। এরিক আগামী ১ জানুয়ারি পর্যন্ত নিউইয়র্কের বর্তমান মেয়র হিসেবে দায়িত্ব পালন করবেন।

এরিক সরাসরি কোন প্রার্থীর পক্ষ বা বিপক্ষ না নিলেও সরে যাওয়ার ভিডিও বার্তায় তিনি যেসব কথা বলেছেন তা মেয়র প্রার্থী মামদানির বিপরীত দিকেই ইঙ্গিত করে। মামদানির নাম না নিয়ে এরিক বলেন, পরিবর্তনকে স্বাগত জানাই। এটা দরকার। তবে এ জন্য প্রজন্মের পর প্রজন্ম ধরে গড়ে তোলা পুরো ব্যবস্থাকে ধ্বংস করার কথা বলছেন- এমন ব্যক্তিদের ব্যাপারে সাবধান থাকতে হবে। এটা কোনো পরিবর্তন নয়, বিশৃঙ্খলা। অপশক্তিগুলো নিউইয়র্ক নগরের রাজনীতিতে বিভেদের নীতি বাস্তবায়নের চেষ্টা করছে।

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry

Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600

Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine
Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC
Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

24 Hours Open



TOYOTA LEXUS Mercedes-Benz Ford BMW LAND ROVER MITSUBISHI HYUNDAI SUZUKI

১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

Our Services
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM

Tel: 718-786-6677 / 718-361-6432

Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.

## মিথিলার পাসপোর্টে এখনও সৃজিত!

৪৬ পৃষ্ঠার পর

সম্প্রতি একটি পডকাস্টে এসে নিজের ব্যক্তিগত জীবন নিয়ে একই প্রশ্নের মুখোমুখি হলেন অভিনেত্রী। বলেন, '২৪-এর জুলাইয়ের পর থেকে এখন পর্যন্ত আমি কলকাতা যাইনি। কারণ আমার ভিসা নেই।'
সঞ্চালকের পাল্টা প্রশ্ন, অনেকেই বলছেন সৃজিত মুখার্জি এখন আর আপনার হাজব্যান্ড নেই! জবাবে বুদ্ধিমতী মিথিলা, 'এটা তো যারা বলছে, তারা বলছে। আমি কিছুই বলবো না।'
তার মানে সৃজিত কি এখনও আপনার স্বামী? এমন প্রশ্নের জবাবে খানিক থমকে ছিলেন। জবাবে ডিপ্লোম্যাটিক মিথিলা বলেন, 'হ্যাঁ, পাসপোর্টে তার নামটি আছে।'
বলা দরকার, ২০১৯ সালের ডিসেম্বরে সৃজিতকে বিয়ে করেছেন মিথিলা। বিয়ের পর মেয়ে আইরাকে নিয়ে কলকাতায় থিতু হয়েছিলেন। কন্যাকে সেখানকার স্কুলেও ভর্তি করিয়েছিলেন। তবে এক বছর ধরে মেয়েকে নিয়ে ঢাকায় নিজেদের বাসায় রয়েছেন মিথিলা।

## ওজন পার্কে বর্ণাঢ্য পথমেলা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

প্রধান অতিথি ছিলেন অ্যাটর্নি মঈন চৌধুরী। ওয়ার্ল্ড বাংলা মিডিয়ার প্রেসিডেন্ট বাংলাদেশি কমিউনিটির প্রিয় ব্যক্তিত্ব আয়োজক এম এন জামান লাল্টু উপস্থিতিতে মেলা উদ্বোধন করেন শাহাবুদ্দিন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে ছিলেন জাকির এইচ চৌধুরী, মহিনুদ্দিন ও মাজেদা উদ্দিন। এছাড়া নিউ ইয়র্কে বসবাসকারী বাংলাদেশি কমিউনিটির সুপরিচিত সব শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। মেলার প্রোগ্রাম কমিটিতে ছিলেন- প্রেসিডেন্ট খাইরুল ইসলাম খোকন, সেক্রেটারি লিটন চৌধুরী, ভাইস প্রেসিডেন্ট গোলাম মোস্তফা, চিফ কোঅর্ডিনেটর মাহফুজুর রহমান, জয়েন্ট কনভেনর কবির উদ্দিন, কনভেনর হেলালুর রহমান, কোঅর্ডিনেটর এমডি তুহিন। উপস্থিত ছিলেন আরো ওয়ার্ল্ড বাংলা মিডিয়ার চেয়ারম্যান সায়েদ আজাদ। মিডিয়া পার্টনার হিসেবে ছিল ঠিকানা। মেলায় স্পন্সর করেছে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান।
অ্যাটর্নি মঈন চৌধুরী বলেন, বাংলাদেশিরা আমেরিকার মাটিতে নিজস্ব সংস্কৃতিকে ছড়িয়ে দিচ্ছেন। এই মেলার মাধ্যমে নতুন প্রজন্মের কাছে বাংলাদেশের সংস্কৃতিকে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। কমিউনিটির সবাই ঐক্যবদ্ধ থেকে সুখে দুঃখে একে অপরের পরের পাশে দাঁড়াতে হবে বলেও মনে করেন তিনি।

## ব্রেন টিউমারে আক্রান্ত ইলিয়াস কাঞ্চন

৪৬ পৃষ্ঠার পর

টিউমারটি ব্রেনের গভীরে হওয়ায় পুরোপুরি অপসারণ করা সম্ভব হয়নি। আংশিক অপারেশনের পর অবশিষ্ট অংশ রেডিয়েশন ও কেমোথেরাপির মাধ্যমে নিষ্ক্রিয় করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
আগামী দিনগুলোতে পর পর ৩০টি সেশনক্রমান্বয়ে পাঁচ দিন করে ৬ সপ্তাহব্যাপী রেডিয়েশন ও কেমোথেরাপি চলবে। এরপর চার সপ্তাহ তাকে চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে থাকতে হবে। চিকিৎসকরা অনুমতি দিলে তখন তিনি দেশে ফিরতে পারবেন বলে আশা প্রকাশ করেন জয়।
তিনি আরও বলেন, আমার বাবা দীর্ঘদিন ধরে অসুস্থ। চিকিৎসা কঠিন ও ব্যয়বহুল হলেও আমরা তার দ্রুত আরোগ্যের আশায় আছি। দেশবাসীর কাছে তার সুস্থতার জন্য দোয়া কামনা করছি।

## সিনেটের বিতর্কে অবশেষে সরকার শাটডাউনে

৩ পৃষ্ঠার পর

চলছে। রিপাবলিকানদের প্রস্তাবিত একটি অস্থায়ী বিল ডেমোক্র্যাটরা নাকচ করে দেয়, কারণ তাতে স্বাস্থ্যসেবা সম্প্রসারণের শর্ত ছিল না। অন্যদিকে ডেমোক্র্যাটদের প্রস্তাবিত বিল রিপাবলিকানরা আটকে দেয়, যেখানে অক্টোবর পর্যন্ত অর্থায়ন বৃদ্ধির পাশাপাশি স্বাস্থ্য খাতে ১ ট্রিলিয়ন ডলারের বেশি ব্যয় বাড়ানোর কথা বলা হয়েছিল। মঙ্গলবার রাতে রিপাবলিকানদের প্রস্তাবিত বিল ৫৫-৪৫ ভোটে ব্যর্থ হয়। ডেমোক্র্যাটদের প্রস্তাবও ৪৭-৫৩ ভোটে টিকতে পারেনি।
বিবিসি বলছে, ওয়াশিংটন ডিসির স্থানীয় সময় মধ্যরাত থেকে যুক্তরাষ্ট্রে শুরু হয়েছে সরকার শাটডাউন। সিনেটে শেষ মুহূর্তের অর্থায়ন বিল পাস না হওয়ায় এ সিদ্ধান্ত কার্যকর হলো। এতে বহু সরকারি কর্মচারীকে বেতন ছাড়া ছুটিতে পাঠানো হতে পারে এবং বহু সরকারি কর্মসূচি ও সেবা কার্যক্রম সাময়িকভাবে স্থগিত থাকবে।
এছাড়া ২০১৮-১৯ সালের পর যুক্তরাষ্ট্রে এটিই প্রথম সরকার শাটডাউন। তবে জরুরি পরিষেবা চালু থাকলেও জরুরি নয় এমন বিভাগ ও কর্মীরা এর বাইরে থাকবে। শনিবার রিপাবলিকান নিয়ন্ত্রিত সিনেটে ব্যয়বাজেট প্রস্তাব গৃহীত না হওয়ায় দেশজুড়ে এই অচলাবস্থা তৈরি হয়েছে।
প্রসঙ্গত, কোনও কারণে কংগ্রেস যদি ব্যয় বিল পাস করতে ব্যর্থ হয় বা প্রেসিডেন্ট সেই বিলে স্বাক্ষর করতে অস্বীকার করেন, তখনই ঘটে 'শাটডাউন'। এ অবস্থায় বেশিরভাগ ফেডারেল সংস্থা খরচ চালাতে পারে না এবং অপ্রয়োজনীয় কার্যক্রম থেমে যায়।
তবে জাতীয় নিরাপত্তা, সীমান্ত সুরক্ষা কিংবা আকাশপথ নিয়ন্ত্রণের মতো জরুরি কার্যক্রম চালু থাকে। এমন অচলাবস্থার পেছনের মূল কারণ সাধারণত দলীয় দ্বন্দ্বই। ২০১৮-১৯ সালে যুক্তরাষ্ট্র ইতিহাসের দীর্ঘতম ৩৫ দিনের শাটডাউনের মুখে পড়েছিল।

## হঠাৎ মুখ বেঁকে যাওয়ার কারণ ও প্রতিকারের উপায়

২২ পৃষ্ঠার পর

মুখের ভেতরের আক্রান্ত অংশে জমা হয়ে থাকে।
** খাবারের স্বাদ কমে যায় বা অনুভব হয় না।
** কপাল ভাঁজ করতে পারে না।
** হঠাৎ উচ্চমাত্রায় আওয়াজ শুনতে পাওয়া।
* চিকিৎসা
লক্ষণ দেখা দিলে যত দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হবেন, ততই ভালো। কেননা, স্টেরয়েড বা অ্যান্টিভাইরাল চিকিৎসা ৭২ ঘণ্টার মধ্যে শুরু করলেই সবচেয়ে বেশি উপকার পাওয়া যায়। এ ছাড়া চিকিৎসক বিশেষ ধরনের ব্যায়াম শিখিয়ে দেবেন, যা দিনে কয়েকবার করতে হবে। এ সময় চোখের বিশেষ যত্ন নিতে হবে। যেহেতু চোখ সহজে বন্ধ হয় না, তাই তা শুষ্ক হয়ে যায়। চোখের ড্রপ ব্যবহার ছাড়াও রাতে ঘুমানোর সময় বিশেষ প্যাচ ব্যবহার করে চোখ বন্ধ রাখা হয়। খাবার খেতে সমস্যা হলে ধীরে ধীরে তরল বা আধা তরল খাবার খেতে হবে। বেশিরভাগ ক্ষেত্রে বেলস পালসি কয়েকদিন বা কয়েক মাসের মধ্যেই সেরে যায়। কিছু ক্ষেত্রে সমস্যা দীর্ঘমেয়াদিও হতে পারে। বেলস পালসি গুরুতর ছোঁয়াচে কোনো রোগ নয়, তবে এ ধরনের উপসর্গ দেখা দিলে দ্রুত নিকটস্থ নাক-কান-গলা বিশেষজ্ঞ অথবা নিউরোমেডিসিন বিশেষজ্ঞের শরণাপন্ন হবেন। প্রয়োজন হলে পাশাপাশি ফিজিওথেরাপিও নেওয়া লাগতে পারে। সেক্ষেত্রে একজন বিশেষজ্ঞ ফিজিওথেরাপি চিকিৎসক রোগীর অবস্থা বুঝে প্রয়োজনীয় ফিজিওথেরাপি দিয়ে থাকেন।
* শীতে চাই বিশেষ সতর্কতা
শীতের আমেজ উপভোগ করুন। তার সঙ্গে সঙ্গে সতর্ক থাকুন যেন এ রোগে আক্রান্ত না হয়ে পড়েন। মাথা ঢাকার ক্ষেত্রে আমরা কিছুটা উদাসীন থাকি। মাথা, নাক, মুখ, কান উপযুক্ত শীতের কাপড় দিয়ে ঢেকে চলুন। যতই বিদঘুটে লাগুক না কেন শীতে টুপি, মাফলার, মাস্ক পরা ছাড়বেন না। বাইরে গেলে খেয়াল রাখতে হবে কান দিয়ে যাতে বাতাস যেন না ঢুকে। রাতের শেষদিকে ঠান্ডা লাগার আশঙ্কা আছে তাই ঘুমানোর সময় এ ব্যাপারেও সতর্কতা অবলম্বন করা উচিত।

লেখক: নাক-কান-গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন, রেজিস্ট্রার, নাক-কান-গলা বিভাগ; সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল।

## শীতে হৃদরোগীদের করণীয়

২২ পৃষ্ঠার পর

লক্ষণগুলো জেনে নিন।
* মানসিক চাপ এবং উদ্বেগ এড়িয়ে চলুন। প্রয়োজনে চিকিৎসকের সহায়তা নিন। রাতে ভালো ঘুম নিশ্চিত করুন।
* অতিরিক্ত গরম পোশাক পরা থেকে বিরত থাকুন এবং স্তরে স্তরে গরম কাপড় ব্যবহার করুন, যাতে গরম লাগলে আপনি একটি একটি করে পোশাক খুলে রাখতে পারেন। বেশি গরম হৃদরোগের ঝুঁকি বাড়ায়।
* ওষুধ গ্রহণে গাফিলতি করবেন না। নিয়মমতো চিকিৎসকের ব্যবস্থাপত্র মোতাবেক সব ওষুধ খাবেন।
* আপনার যদি হৃদরোগ না থাকে, কিন্তু আপনার রক্ত সম্পর্কের আত্মীয়দের কারো যদি হৃদরোগ থাকে, আপনার যদি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ থাকে, রক্তে কোলেস্টেরলের মাত্রা বেশি থাকে, ওজনাধিক্য থাকে, মানসিক চাপ থাকে, বয়স ৪৫-এর বেশি হয় অথবা ৩৫ বছরের অধিক বয়সী মহিলারা যদি জন্ম নিয়ন্ত্রণ বড়ি খান, তবে আপনার হৃদরোগের ঝুঁকি বেশি। তাই শীতে আপনাদেরও বাড়তি সতর্কতা অবলম্বন করতে হবে।

লেখক : অধ্যাপক, কার্ডিওলজি বিভাগ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল ঢাকা।

## স্ট্রোক কি হার্ট নাকি ব্রেনের রোগ?

২২ পৃষ্ঠার পর

স্ট্রোকের এ সমন্বিত চিকিৎসা চালু আছে। স্ট্রোকের ক্ষেত্রে প্রতিটি মুহূর্ত মূল্যবান। তবে সবার আগে মনে রাখতে হবে Prevention is better than cure. অর্থাৎ আমাদের চেষ্টা থাকবে স্ট্রোক যাতে না হয়।
* প্রতিরোধ : যাদের ডায়াবেটিস, হাই ব্লাড প্রেসার, হার্টের অসুখ ও রক্তে চর্বি বেশি, তাদের স্ট্রোকে আক্রান্ত হওয়ার আশঙ্কা বেশি। সুতরাং যাদের এসব রোগ রয়েছে, স্ট্রোকের হাত থেকে বাঁচতে তাদের উচিত হবে এসব রোগ কঠোরভাবে কন্ট্রোল করা। স্ট্রোকের সঙ্গে সংশ্লিষ্ট এসব রোগের উপযুক্ত কন্ট্রোল ছাড়াও কিছু সচেতনতা এবং সতর্কতাও স্ট্রোকের হাত থেকে আমাদের বাঁচাতে পারে। ধূমপান, শারীরিক নিষ্ক্রিয়তা অর্থাৎ কম কায়িক পরিশ্রম করা, অস্বাস্থ্যকর খাবার অর্থাৎ সুষম খাবার না খাওয়া, অতিরিক্ত ওজন বৃদ্ধি ইত্যাদিও স্ট্রোকের ঝুঁকি বাড়িয়ে দেয়। স্ট্রোক প্রতিরোধে এসব ব্যাপারেও আমাদের সতর্ক থাকতে হবে।
* শীতে কি স্ট্রোক বাড়ে : শীতের সঙ্গে স্ট্রোকের সম্পর্ক আছে। অন্যান্য ডাক্তারি কারণ ছাড়াও এর সাধারণ ব্যাখ্যা হলো-শীতে শরীরের তাপমাত্রা কমে আমাদের রক্তনালি সংকুচিত হয়ে প্রেশার বেড়ে যায়। আর প্রেশার বেড়ে যাওয়ার ফলে শীতকালে ব্রেনের রক্তনালি ছিঁড়ে হেমোরেজিক স্ট্রোকের হার বেশি হয়। সেজন্য শীতকালে স্ট্রোকের হাত থেকে বাঁচতে অন্যান্য সতর্কতার সঙ্গে নিয়মিত প্রেশার চেক করাও অত্যাবশ্যক। তাৎক্ষণিক রেজাল্টের ভিত্তিতে হাই প্রেশারের রোগীদের ওষুধও সময়ে সময়ে এডজাস্ট করতে হয়।
লেখক: কনসালটেন্ট, নিউরোমেডিসিন, আজগর আলী হাসপাতাল, ঢাকা।

Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

## ইউনূসের খোয়াব ও ফখরুলের আয়না দর্শন

১ পৃষ্ঠার পর

নায়কেরা বিপ্রাত্তের গলিতে আটকে গেলেন। যাদের থাকার কথা ছিল জাতির সর্বশ্রেষ্ঠ সন্তান হয়ে। তারা হয়ে গেলেন নিস্নস পথহারা যাযাবর। 'মেটিকুলাস ডিজাইন' স্যানিযুদের পতনে দাওয়াই হলেও ক্ষমতার বলয়ে ছাত্রদের স্বপ্নবিলাসে তা কাজ করছে না। যার কারনে তারা ভোটবিহীন অনির্বাচিত সরকারের ষড়যন্ত্রে পা তালাচ্ছেন। কিন্তু রিয়ালিটি বড়ই নির্মম।

ড. মুহাম্মদ ইউনুস জাতিসংঘের সাধারন অধিবেশনে যোগ দিবেন তা ৩ মাস আগেই নিশ্চিত। ডেলিগেটস তালিকাও চূড়ান্ত। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও পতিত সরকারের সহযোগিরা ঘোষণা করলেন অহংকেররূপে ইউনূস ও তার সঙ্গীদের রুখে দেয়ার। পাচারকৃত মিলিয়ন ডলার এলো তাদের হাতে। সবখানে ইউনূসদের ঘেরাও করা হবে। আঘাত হানা হবে। প্রধান রাজনৈতিক দল বিএনপি ও জামায়াত সমর্থকরা ইউনূসের এই সফর নিয়ে ছিলেন রিলাক্টেন্ট। তাদের একাধিক নেতা প্রতিবেদকের সাথে আলাপে বলেছিলেন, ইউনূসের সফরের সাথে তাদের কোন সম্পর্ক নেই। গায়ে পড়ে আওয়ামী লীগের সাথে আমরা ঝগড়ায় জড়াবো না। কেন্দ্র থেকেও ইউনূসকে স্বাগত জানানোর কোন নির্দেশনাও নেই। সরকার ও স্থায়ী মিশনে কর্মরতরা সম্ভাব্য শংকার বিষয়টি আঁচ করতে পারেন। আওয়ামী লীগের অহংকর পরিকল্পনার কথা জানানো হয় ঢাকায়। যেন সেফিংসে মরিয়া ইউনূসের পারিশনর্ষ। আবারও মিটিকুলাস ডিজাইন। বিএনপি ও জামায়াতকে নিউইয়র্কে জড়িত করা ফাঁদ। তাদের দিয়েই আওয়ামী লীগকে ঠেকাতে হবে। নইলে ইউনূসের সম্মান রক্ষা হবে না। বিএনপি, জামায়াত ও এনসিপি নেতাদের ড, ইউনূসের সফরসঙ্গী করতে হবে। তা হলেই তারা মাঠে নামবে। অনুরোধ গেল লন্ডনে তারেক রহমানের কাছে। সাড়াও মিললো। ইউনূস ট্র্যাপে পা দিলো ফখরুলরা। যা হবার তা ঘটেছে। এনসিপির আখতার ডিম থেরাপী খেলেন, ফখরুলকে অপমান করা হলো। ডা. তাহের হলেন লাঞ্ছিত। জাতিসংঘে অধিবেশনে এসে ড. ইউনূসের অর্জন কি? ক্ষুদ্র আলীর কাণ্ডেল, অশ্ব ডিম নয়। অর্জন ডিম থেরাপী। আওয়ামী লীগ ও বিএনপির মারামারি। প্রবাসে বাংলাদেশের কথিত নোংরা রাজনীতির উলঙ্গ নৃত্য। কমিউনিটির মাথা হেট হওয়ার মতো নানা অবাঞ্ছিত ঘটনা। কমিউনিটির নতির্থদের একে অপরের বিরুদ্ধে মামলা। নেতারা আবার তাইরান। ইত্যাদি। ২৭ নভেম্বর ম্যারিয়ট মারকুইস হোটেলে ড. ইউনূস স্বপ্নে গল্প শোনালেন। জানালেন, কেউ কেউ তাকে ৫,১০,৫০ বছর ক্ষমতায় রাখতে চান। সেটা কি যুক্তরাষ্ট্র নাকি বাংলার জনগন? তা পরিষ্কার অবশ্য করেন নি। আর বিএনপির মহাসচিব ফখরুল আলম প্রধান উপদেষ্টাকে সামনে রেখে বলেন, আমি ড. ইউনূসের মধ্যে জিয়াউর রহমানকে খুঁজে পাই। কি সেন্টিমেন্টাপনা আর কি। যদি তাই হয়, তবেতো নির্বাচন নয়। আসুন ৫৪+৫+১০+৫০=১৪৮ বছর ক্ষমতায় রাখি।

## দুর্নীতির কারণে জিডিপি ২-৩ শতাংশ হ্রাস পাবে

১ পৃষ্ঠার পর

স্টেট ডিপার্টমেন্ট থেকে বাংলাদেশে দুর্নীতি নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। ৯ দিনের এই সরকারী সফরে ৬ জন উপদেষ্টাসহ ড. ইউনূসের দুই মেয়েও ছিলেন। প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে ঘটমান দুর্নীতির কারণে আগামী অর্থ বছরে দেশের জিডিপি ২ থেকে ৩ শতাংশ কমে যেতে পারে। এতে নানা ধরনের সমস্যা অপেক্ষা করছে। যুক্তরাষ্ট্র সরকারের পররাষ্ট্র দফতরের এই প্রতিবেদনে বাংলাদেশে বিনিয়োগ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে দুর্নীতিকে একটি স্থায়ী ও গুরুতর বাধা হিসেবে চিহ্নিত করা হয়েছে। গত শুক্রবার (২৬ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্র সরকারের এই প্রতিবেদনে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট স্টেটমেন্ট' বলা হয়েছে, অন্তর্বর্তীকালীন সরকারের দুর্নীতি মোকাবিলার মাঝে সরকারি ক্রয়, কর ও শুল্ক সংগ্রহের ক্ষেত্রে এবং নিয়ন্ত্রক কর্তৃপক্ষের মধ্যে এটি একটি বিষয়। অনুমান অনুযায়ী, সংস্থাগুলোর অফ-দ্য-রেকর্ড পেমেন্ট বাংলাদেশের জিডিপি দুই থেকে তিন শতাংশ কমিয়ে দিতে পারে। অন্তর্বর্তীকালিন সরকারের বিনিয়োগ জলবায়ু সংস্কারের প্রচেষ্টা এখনও বাস্তবায়নের প্রাথমিক পর্যায়ে রয়েছে। ড. মোহাম্মদ ইউনূস ২২ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত জাতিসংঘের ৮০তম অধিবেশনে যোগদিতে নিউইয়র্কে ছিলেন। ড. মোহাম্মদ ইউনূস যখন জাতিসংঘে ভাষণ দিচ্ছিলেন তার ঘন্টাখানেক আগেই স্টেট ডিপার্টমেন্ট এই প্রতিবেদনটি প্রকাশ করে। বাংলাদেশ অংশে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, বাংলাদেশ দুর্নীতির বিরুদ্ধে জাতিসংঘের কনভেনশনের (ইউএনসিএসি) একটি পক্ষ ঘুষ, আত্মসাৎ এবং অন্যান্য ধরনের দুর্নীতি মোকাবেলার জন্য আইন রয়েছে। কিন্তু বাংলাদেশে প্রয়োগ 'অসঙ্গতিপূর্ণ' বলে মন্তব্য করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে যে, পূর্ববর্তী আওয়ামী লীগ সরকার প্রকাশ্যে দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ের প্রতিশ্রুতি দিয়েছিল। তবে বিরোধী দলগুলি দাবি করেছে যে দুর্নীতি দমন কমিশনকে (এসিসি) পরিবর্তে রাজনৈতিক বিরোধীদের হয়রানি করার জন্য ব্যবহার করা হয়েছিল। প্রতিবেদনে বলা হয়েছে, একটি ধীর এবং কথিত দুর্নীতিগ্রস্ত বিচার ব্যবস্থা এবং বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থার সীমাবদ্ধতা চুক্তির সময়োপযোগী প্রয়োগ এবং ব্যবসায়িক বিরোধের ন্যায্য সমাধানে বাধা সৃষ্টি করে চলেছে।

নির্ভরযোগ্য বিদ্যুৎ পরিষেবা আরও ভালোভাবে নিশ্চিত করার মতো বিনিয়োগের সীমাবদ্ধতা কমাতে বাংলাদেশ গত এক দশকে ধীরে ধীরে অগ্রগতি অর্জন করেছে। তবে অপর্যাপ্ত পরিকাঠামো, সীমিত অর্থায়ন উপকরণ, আমলাতান্ত্রিক বিলম্ব, বিদেশী সংস্থাগুলির জন্য অন্যায্য করের বোঝা এবং দুর্নীতির মতো বিষয়গুলির কারণে বিদেশী বিনিয়োগ বাধাগ্রস্ত হচ্ছে। মার্কিন সংস্থাগুলি পোশাক, ভোগ্যপণ্য, চলচ্চিত্র, ফার্মাসিউটিক্যালস এবং সফটওয়্যারে আইপিআর লঙ্ঘনের কথা জানিয়েছে। যদিও বাংলাদেশ ২০২৫ সালের মার্কিন বাণিজ্য প্রতিনিধির বিশেষ প্রতিবেদনের তালিকায় নেই। তবে এটি নকল পোশাকের শীর্ষ পাঁচটি উৎস'র মধ্যে একটি হিসাবে তুলে ধরা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, 'রপ্তানি-কেন্দ্রিক তৈরি পোশাক (আরএমজি) শিল্পে আগুন ও নিরাপত্তা মান উন্নয়নের জন্য বাংলাদেশ গত এক দশকে অগ্রগতি অর্জন করলেও শ্রমিকরা সংগঠিত ও সম্মিলিতভাবে দর কষাকষির অধিকার প্রয়োগের ক্ষেত্রে উল্লেখযোগ্য আইনি বাধার সম্মুখীন হয়েছেন'। প্রতিবেদনে বলা হয়েছে, অন্তর্বর্তীকালীন সরকার হাসিনা যুগের দুটি প্রথা অপসারণের জন্য কাজ করছে যা বিদেশী বিনিয়োগকে বাধা দেয়। রাষ্ট্রীয় মালিকানাধীন উদ্যোগের (এসওই) বকেয়া বৈদেশিক মুদ্রা পরিশোধে বিলম্ব এবং দেশ থেকে বৈদেশিক মুদ্রা স্থানান্তরের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদনের প্রয়োজনীয়তা। ব্যাংকিং কেলেঙ্কারির সাথে বাংলাদেশ ব্যাংক ক্ষমতাসীন আ. লীগ পার্টির সদস্যদের সাথে মিলে প্রশ্নবিদ্ধ ঋণ দিয়েছিল যা পরও তারা ঋণ খেলাপি হয়েছিল।

## যুক্তরাষ্ট্রে ভোটার আইডি আবেদন গ্রহণ শুরু সোমবার

১ পৃষ্ঠার পর

কার্যক্রম শুরু হবে। প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করতে আমরা কাজ করছি। ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে কর্মরত প্রেস মিনিস্টার গোলাম মর্তুজার দৃষ্টি আকর্ষন করলে তিনি আজকাল প্রতিনিধিকে বলেন, ভোটার আইডি/ন্যাশনাল আইডি প্রভৃতির কাজ শুরু করার জন্য ঢাকা থেকে এক্সপার্ট টিম এসেছেন। কার্যক্রম সহসাই শুরু হবে।

প্রবাসীর যারা ন্যাশনাল আইডি করতে চান আবেদন পত্রের সাথে পাসপোর্ট/বার্থ সার্টিফিকেট কিংবা ২ জন ন্যাশনাল আইডিধারীর প্রত্যায়ন পত্র জমা দিতে হবে। এক্সপায়ার্ড পাসপোর্ট থাকলেও আবেদন করতে পারবেন। সাথে লাগবে পাসপোর্ট সাইজের ছবি।

## কোন দল জিতবে সংসদ নির্বাচনে

১ পৃষ্ঠার পর

ওরা একটা বৈষম্যহীন বাংলাদেশ গড়ে তুলবে, এটি ছিল প্রত্যাশা, স্বপ্নটা প্রায় ছুঁয়েই ফেলেছিলাম আমরা। কিন্তু ৮ আগস্টের সরকার যখন ১০৬ ধারার ফাঁক দিয়ে একটি আইনী ব্যাখ্যার বৈধতা নিয়ে গঠিত হল তখনই সব হিসেব পাল্টে গেল।

এরপর সবাই নিশ্চিত হয়ে গেল ফাঁকা মাঠে এখন গোল দেবে বিএনপি। দেখতে না দেখতে পুরো দেশটাই হয়ে উঠলো বিএনপির ফুটবল মাঠ। তারা টেম্পু স্ট্যান্ড, বাস স্ট্যান্ড, হাট, ঘাট, মাঠ, বাজার, চরের বালু, নদীর পানি, পাহাড়ের পাথর সর্বত্রই গোল দিতে লাগলো। এই গোল দেওয়া নিরঙ্কুশ করার জন্য সরকারকে উপর্যুপরি চাপ দিতে লাগলো দ্রুত নির্বাচন দেবার জন্য। নির্বাচনের সময়কালও ঠিক হলো। ২০২৬ সালের ফেব্রুয়ারিতে নির্বাচন। বিএনপি কি এই নির্বাচনে জয়লাভ করে ক্ষমতার মসনদে বসবে? এই প্রশ্নের উত্তর জানার জন্য বাংলাদেশের রাজনীতির আইনমিস্ত্রী আমাদের অংশ করে বুঝতে হবে। একটি বৃত্ত এঁকে যদি মাঝ বরাবর খাড়া দাগ দিই এবং তারপর রাজনৈতিক দলগুলোকে এই বৃত্তের ভেতরে বসাই তাহলে দাগের বাঁয়ে দাগ ঘেঁষে বসবে আওয়ামী লীগ, অর্থাৎ আওয়ামী লীগ একটি মধ্য বাম মানসিকতার রাজনৈতিক দল। বিএনপি বসবে দাগ ঘেঁষে দাগের ডানদিকে। অর্থাৎ বিএনপি হচ্ছে মধ্য ডান মানসিকতার রাজনৈতিক দল। সর্বডানে বসবে জামায়াতে ইসলামী এবং একই মানসিকতার ইসলামী দল, সংঘ ও গোষ্ঠীগুলি। সর্ববামে বসবে সিপিবি এবং কম্যুনিস্ট ঘরানার রাজনৈতিক দলগুলো। বাংলাদেশের মানুষ চিরকাল মধ্য ডান পন্থার পক্ষে থাকে। সেই দিক থেকে প্রতিষ্ঠার পর থেকেই বিএনপি জনপ্রিয় দল। আওয়ামী লীগ মুক্তিযুদ্ধের দল হয়েও ভোটে জয়লাভ করে সরকার গঠন করতে হিমশিম খেতে হয়। এবং সব সময়ই মধ্য বাম থেকে অনেকটা ডানে কাত হয়ে থাকতে হয়। হাদ খোলা গাড়িতে দাঁড়িয়ে হিজাবে মাথা ঢেকে তসবিহ হাতে নিয়ে শেখ হাসিনার ধর্ম প্রদর্শন, কিংবা কথায় কথায় তাহাজ্জুদের নামাজ পড়া, হজ্জে যাওয়া, ওমরাহ করা, ফজরের পর কোরআন পাঠ করার কথা ফলাও করে মিডিয়াতে প্রচার করতে হয় অনেকখানে কাজ নিশ্চিত করার জন্য। এ-কারণেই আসাদুজ্জামান নূরের মতো মানুষকে নির্বাচনী প্রচারণায় টুপি মাথায় দিয়ে এলাকায় ঘোরাঘুরি করতে হয়, শামীম ওসমানকে বলতে হয় তিনি কত রাকাত তাহাজ্জুদের নামাজ পড়েন, আওয়ামী লীগকে গঠন করতে হয় জাতীয় ওলামা লীগ। ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে যখন হাসিনা ও তার দলবল দেশ ছেড়ে পালিয়ে গেল তখন বাংলাদেশের রাজনীতি-বৃত্তের ভেতরে একটি বড়ো ধরনের শূন্যতা তৈরি হল। আমরা সবাই জানি প্রকৃতি শূন্যতা পছন্দ করে না। কোনো এক স্থানের বাতাস যদি উষ্ণ হয় তখন অন্য জায়গা থেকে ঠান্ডা বাতাস দ্রুত গতিতে ছুটে এসে সেই স্থান পূরণ করে। এর ফলেই তৈরি হয় ঝড়, ঘূর্ণিঝড়, বাত্যিচূড়ানি। আওয়ামী লীগ যখন গণদুনিয়াতে উড়ে গেল, বৃত্তের ফাঁকা জায়গা পূরণ করার জন্য ভেতরের অন্য দলগুলোর মধ্যে ঝড় (বা হুড়োহুড়ি) শুরু হয়ে গেল। এটি খুবই স্বাভাবিক।

বিএনপি প্রকৃতির টানেই বাঁয়ে সরতে শুরু করলো। যেসব বয়ান আওয়ামী লীগ প্রতিষ্ঠা করেছিল, বিএনপি এখন সেইসব বয়ানের ওপর রাজনীতি করছে। অর্থাৎ বিএনপি তার অবস্থান থেকে সরে এসে এখন প্রায় স্থির হয়েছে মধ্যবামে। পুরোপুরি দাগের বামে চলে না গেলেও আমার বিবেচনায় এক-তৃতীয়াংশ দাগের বাঁয়ে চলে গেছে এবং দুই-তৃতীয়াংশ দাগের ডানে আছে কিন্তু তাদের ঝোঁক এখনো বামে, হয়ত আরো খানিকটা বামে সরে যাবে বিএনপি। এবং খুব স্বাভাবিক কারণেই জামায়াতে ইসলামীও প্রকৃতির নিয়ম অনুসরণ করে সর্বডান থেকে সরে এসে মধ্য ডানের দিকে ধাবিত হচ্ছে। জামায়াত এখন আর তাদের কট্টর অবস্থানে নেই। তারা হিন্দুদের মন্দির পাহারা দিচ্ছে, ছাত্রশিবির তাদের বিশ্ববিদ্যালয়ের প্যানেলে ভিন্ন ধর্মের, ভিন্ন মতের মানুষদের অন্তর্ভুক্ত করছে। জামায়াতের নেতা বিশিষ্ট আইনজীবী শিশির মনির সেদিন জানালেন, আগামী নির্বাচনে তারা আরো চমক দেখাবেন, হিন্দু প্রার্থীও দিতে পারেন। অনেক অমুসলিম এখন জামায়াতে ইসলামীর প্রশংসা করছে। এইসবই প্রমাণ করে জামায়াত এখন আর কট্টর স্থানে নেই, তারা ক্রমশ উদার ডানপন্থী, যেটা বিএনপি ছিল, সেই জায়গায় প্রায় পৌঁছে গেছে।

বাংলাদেশের মানুষ চিরকালই উদার ডানপন্থার সমর্থক। আওয়ামী লীগের ডানে কাত হয়ে থাকা যে প্রতারণা ছিল এটি তারা বুঝতে পেরে হতাশ হয়েছে, বিএনপিকেই প্রকৃত উদার ডানপন্থী হিসেবে গ্রহণ করেছিল। এই দুটি দলকে বাংলাদেশের মানুষ বারবার ক্ষমতায় এনেছে উদার ডানপন্থার কারণেই। কিন্তু এই দুটি দলের মধ্যে মানুষ যা পায়নি তা হচ্ছে সততা এবং দেশপ্রেম। একবার বিএনপির জোট সরকারে জামায়াতে ইসলামীকে পেয়েছিল তখন তাদের সততার প্রমাণ পেয়েছে দেশবাসী। যারা বিএনপি করে, যারা আওয়ামী লীগ করে, যারা কম্যুনিস্ট পার্টি করে তারাও জামায়াতের সততার প্রশংসা করে। এখন সেই সৎ রাজনৈতিক দলটি যদি উদার ডানপন্থী হয়ে ওঠে তাহলে এদেশের মানুষ ভোটের রাজনীতিতে তাদের দিকেই যে ধাবিত হবে এটি দিনের আলোর মত পরিষ্কার। বাংলাদেশের মানুষ ভোট দিয়ে বারবার হয় আওয়ামী লীগকে না হয় বিএনপিকে ক্ষমতায় এনেছে। তাই এর বাইরে অন্য কিছু ঘটতে পারে তা আমাদের চিন্তায় সহজেই ধরা দেয় না। হয়ত যা আমাদের চিন্তায় ধরা দেয় না তাই ঘটতে যাচ্ছে আগামী নির্বাচনে। মনে রাখতে হবে উদার ডানপন্থা এবং সততা এই দুইয়ের কম্বিনেশনটা কিন্তু খুব শক্তিশালী।

লেখক : কলামিস্ট, নিউইয়র্ক।







# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**



# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?
## আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহঃ**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগঃ**

## WOVENA CONSTRUCTION INC
172-11, 93 Ave, Jamaica, NY 114333
**Phone: 347-822-9052, 716-828-6677**
wovenatexusa@gmail.com

# বিশ্ব মাত করছে কোরিয়ান সিনেমা

আজকাল বিনোদন




একটা সময় এশিয়ার ফিল্ম ইন্ডাস্ট্রির মধ্যে এগিয়ে ছিল চীন ও হংকংনির্ভর সিনেমাগুলো। মান, বাজেট, টেকনিক্যাল-সবদিক থেকেই এসব সিনেমা রুচিসম্মত। কিন্তু এখন! অস্কারজয়ী সিনেমা 'প্যারাসাইট', নেটফ্লিক্সের সব রেকর্ড তছনছ করে দাপিয়ে বেড়ানো 'স্কুইড গেম', 'ক্রাই ক্যাসেল', 'ক্রাশ ল্যান্ডিং অন ইউ', 'হসপিটাল প্লেলিস্ট' নামগুলোর সঙ্গে পরিচিত আছেন নিশ্চয়ই। এ নামগুলোই বলে দেয় ফিল্মি দুনিয়ায় কোরিয়ান সিনেমা, ওয়েব সিরিজ নামের নতুন এক পরাশক্তি। অ্যাকশন, থ্রিলার, রোমান্টিক-তিন বিভাগেই বিশ্ব মাত করছে কোরিয়ান এসব কনটেন্ট। স্থানীয় ও আন্তর্জাতিক বাজারেও এসব সিনেমার সাম্প্রতিক সাফল্য ঈর্ষণীয়। এমনকি কোরিয়ান সিনেমা এখন বলিউডেও নিয়মিত রিমেক হচ্ছে। সমালোচকদের মতে, কোরিয়ান সিরিজ বা সিনেমার জনপ্রিয়তার কেন্দ্রে রয়েছেন অভিনেত্রীরা। যাদের 'কোরীয়ান কুইন' বলেও আখ্যায়িত করা হয়। তাদের মধ্যে উল্লেখযোগ্য কিম গো-ইউন, বে সুজি, হান হিও-জু, আইইউ ও পার্ক বো-ইয়ং। এ অভিনেত্রীরা শুধু জনপ্রিয়ই নন বরং সমসাময়িক কোরিয়ান নাটক ও সিনেমায় নতুন জগৎ তৈরি করতেও অবদান রেখেছেন। প্রতিনিয়ত নিত্য নতুন কনটেন্ট নিয়ে হাজির হচ্ছেন পর্দায়, যা নিয়ে নেটিজেনদের মধ্যে চর্চা চলে হামেশাই। বাংলাদেশেও আলোচনার কেন্দ্রে রয়েছেন এ অভিনেত্রীরা।

**হকিম গো-ইউন**

সাহসী চরিত্রে অভিনয়ের জন্য কোরিয়ায় কিম গো-ইউন'র জুড়ি মেলা ভার। বাস্তবসম্মত ও আবেগপূর্ণ অভিনয়ের কারণে তাকে প্রজন্মের সেরা অভিনেত্রীদের একজনও বলা হয়ে থাকে। 'গবলিন' দিয়ে আন্তর্জাতিক স্বীকৃতিপ্রাপ্ত এ অভিনেত্রী এবার আলোচনায় আসছেন নতুন আরও একটি কনটেন্ট দিয়ে। সম্প্রতি মুক্তি পেয়েছে তার অভিনীত সিরিজ 'ইউ অ্যান্ড এভরিথিং এলস'। ১২ সেপ্টেম্বর থেকে এটি নেটফ্লিক্সে স্ট্রিমিং হচ্ছে। সিরিজটি এরইমধ্যে কোরিয়াসহ ১৪টি দেশে এরপর ৫৩ পৃষ্ঠায়



## মিথিলার পাসপোর্টে এখনও সৃজিত!

আজকাল বিনোদন

গুঞ্জন মিথিলার পিছুই ছাড়ছে না। বিশেষ করে সংসার ইস্যুতে রক্ষা নেই তার। যেখানেই যান, একই প্রশ্ন। সৃজিতের সঙ্গে আছেন তো? এমন প্রশ্ন আরও প্রাসঙ্গিক হয়ে ওঠে যখন দুর্গাপূজার আনন্দের মাঝে ক্যামেরায় ধরা পড়েন বান্ধবী সুস্মিতার সঙ্গে সৃজিতের একাধিক ছবি! বিপরীতে কলকাতার ক্যানভাসে অনেক দিন ধরেই অনুপস্থিত মিথিলা। এরপর ৪২ পৃষ্ঠায়



## ব্রেন টিউমারে আক্রান্ত ইলিয়াস কাঞ্চন

আজকাল বিনোদন

বাংলাদেশের রুপালি পর্দার খ্যাতিমান চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চন ব্রেন টিউমারে আক্রান্ত হয়ে সাত মাস ধরে অসুস্থ। বর্তমানে তিনি লন্ডনে চিকিৎসাধীন আছেন।

বুধবার জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০২৫ উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ইলিয়াস কাঞ্চনের ছেলে ও নিসচার ভারপ্রাপ্ত চেয়ারম্যান মিরাজুল মইন জয়। কানাডা থেকে ভার্চুয়ালি বক্তব্যে তিনি বাবার অসুস্থতার বিষয়টি তুলে ধরেন এবং দেশবাসীর কাছে দোয়া চান।

মিরাজুল মইন জয় বলেন, চলতি বছরের শুরু থেকেই ইলিয়াস কাঞ্চনের শারীরিক নানা সমস্যা দেখা দেয়। কথা বলতে অসুবিধা হতো, স্মৃতিশক্তি দুর্বল হয়ে পড়ছিল। গত ৯ এপ্রিল তাকে ঢাকার আনোয়ার খান মডার্ন হাসপাতালে নিয়ে যাওয়া হলে দীর্ঘ পরীক্ষার পর মাথায় টিউমার ধরা পড়ে। পরে ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সের মেডিক্যাল বোর্ড অপারেশন ঝুঁকিপূর্ণ বলে মত দেয়। এ কারণে পরিবারের সিদ্ধান্তে ২৬ এপ্রিল তাকে লন্ডনে নেওয়া হয়।

তিনি বলেন, লন্ডনের হারলি স্ট্রিট ক্লিনিকে প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষার পর গত ৫ আগস্ট উইলিংটন হাসপাতালে প্রফেসর ডিমিট্রিয়াসের নেতৃত্বে তার মাথায় অস্ত্রোপচার করা হয়। চিকিৎসকরা জানান, এরপর ৪২ পৃষ্ঠায়



## জিতের 'সতর্কবার্তা' নিয়ে টলিপাড়ায় নতুন বিতর্ক

আজকাল বিনোদন

কলকাতা চলচ্চিত্র জগতে দুর্গাপূজা মানেই বরাবরই এক উৎসবের আমেজ, যেখানে মুক্তি পায় একাধিক নতুন সিনেমা। কিন্তু এই বছর পূজায় বিগ বাজেটের চারটি ছবি নিয়ে যে তুমুল রেষারেষি এবং বিতর্ক শুরু হয়েছে, তা অতীতের সব রেকর্ডকে ছাপিয়ে গেছে।

হল পাওয়া থেকে শুরু করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছবির সাফল্য-ব্যর্থতা নিয়ে জোর তর্ক-বিতর্কের মধ্যেই এবার অভিনেতা জিৎ-এর একটি পোস্ট নতুন করে আলোচনার জন্ম দিয়েছে। বরাবরই বিতর্ক থেকে শত হাত দূরে থাকা এই সুপারস্টারের নীরব বার্তাটি এখন ইন্ডাস্ট্রির অন্দরে ও বাইরে সমালোচনার কেন্দ্রে।

যখন টলিপাড়ায় ছবি মুক্তির ডামাডোল চলছে, ঠিক তখনই অভিনেতা জিৎ নিজের 'এক্স' (সাবেক টুইটার) হ্যান্ডেলে একটি সংক্ষিপ্ত বার্তা দেন। তিনি লেখেন, 'আমাদের উচিত আমাদের পেশার সম্মান এবং চলচ্চিত্র শিল্পের মর্যাদার প্রতি সচেতন এবং সতর্ক থাকা।' মাত্র দুটি লাইনের এই বার্তা মুহূর্তেই ভাইরাল হয়ে যায় এবং শুরু হয় তীব্র জল্পনা।

অনেকের মতে, বাংলা ছবির এই লাগামহীন রেষারেষি থামাতে জিৎ ইন্ডাস্ট্রির প্রতি এক প্রকার 'সতর্কবার্তা' দিয়েছেন। তবে এর উল্টো চিত্রও দেখা গেছে মন্তব্য বাক্সে। নেটিজেনদের একাংশ প্রশ্ন তুলেছে, যে অভিনেতা সচরাচর কোনো বিতর্কে জড়ান না, তিনি হঠাৎ কেন এমন পোস্ট করলেন? এরপর ৪০ পৃষ্ঠায়

## সাবেক স্ত্রীকে আইনি নোটিশ পাঠালেন কুমার শানু

আজকাল বিনোদন



বলিউডের জনপ্রিয় সংগীতশিল্পী কুমার শানু তার সাবেক স্ত্রী রীতা ভট্টাচার্যর বিরুদ্ধে আইনি পদক্ষেপ নিয়েছেন। সম্প্রতি রীতা প্রকাশ্যে অভিযোগ করেন, তৃতীয়বার গর্ভাবস্থার সময় শানু ও তার পরিবার তাকে খাবার ও ওষুধ দেননি। এ অভিযোগ ঘিরে ব্যাপক আলোচনার পর শানু তার আইনজীবী সানা রইস খানের মাধ্যমে রীতাকে আইনি নোটিশ পাঠান।

আইনজীবী সানা এক বিবৃতিতে বলেন, 'কুমার শানু চার দশকেরও বেশি সময় ধরে সংগীতজগতে সক্রিয়। সারা পৃথিবীতে তার অসংখ্য ভক্ত রয়েছে। কিন্তু মিথ্যা অভিযোগ সাময়িকভাবে বিতর্ক সৃষ্টি করতে পারে, তবে তা একজন শিল্পীর সারাজীবনের সৃষ্টিকে কলঙ্কিত করতে পারে না। শিল্পীর মর্যাদা, উত্তরাধিকার ও পরিবারের সম্মান রক্ষায় আইনের সর্বোচ্চ পদক্ষেপ নেওয়া হবে।'

অন্যদিকে, ফিল্মি উইন্ডোকে দেওয়া সাক্ষাৎকারে রীতা অভিযোগ করেন, শানু ছিলেন সন্দেহপ্রবণ এবং তাকে বাইরে বের হতে দিতেন না। তার দাবি, 'তিনি হঠাৎ পালিয়ে যান। এমনকি মাইক্রোওয়েভ ও ফ্যানও নিয়ে যান। এরপর দুধ ও ওষুধ সরবরাহ বন্ধ করে দেন। ভাগ্যক্রমে দুধওয়ালা ও ডাক্তার আসতেন। আপনি কল্পনাও করতে পারবেন না, এই মানুষটি আমাকে আর আমার তিন সন্তানকে কতটা কষ্ট দিয়েছেন।' কুমার শানুর আইনি টিম বলছে, রীতার এসব অভিযোগ ভিত্তিহীন ও মানহানিকর। তাই নোটিশের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে অভিযোগগুলোর জবাব দেওয়া হয়েছে, যাতে মিথ্যা প্রচার বন্ধ হয় এবং তার সুনাম অক্ষুণ্ণ থাকে।




## শুরু হচ্ছে 'নতুন কুঁড়ি'র বিভাগীয় অডিশন

আজকাল বিনোদন

বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) শিশু-কিশোর প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা 'নতুন কুঁড়ি'র ১৯টি অঞ্চলের আঞ্চলিক পর্যায়ের অডিশন শেষে ৮টি বিভাগের বিভাগীয় পর্যায়ের অডিশন শুরু হতে যাচ্ছে। আঞ্চলিক পর্যায়ে 'ইয়েস কার্ড' প্রাপ্ত প্রতিযোগিরাই বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য নির্বাচিত হয়েছে। বিভাগীয় পর্যায়ের অডিশন ৪ অক্টোবর থেকে ১১ অক্টোবর।

বিভাগীয় পর্যায়ের সকল অডিশন সকাল ৯টা থেকে শুরু হয়ে নির্ধারিত সংখ্যক অংশগ্রহণকারীর অডিশন এরপর ৫৩ পৃষ্ঠায়

# Congratulations to

## Newly Elected President

### Bhola District Association of USA INC



# LN. JFM RASEL

**Entrepreneur | Real Estate Investor | Financial Services Professional | Community Leader**

President, New York Bangladeshi American Lions Club | Immediate Past Cabinet Secretary, Lions District 20-R2 | Financial Services Professional, New York Life Insurance Company | President & CEO, JFMRASEL Properties Inc. | President & CEO, JRT Sweet Homes Inc. | Founder & CEO, JFM Prime Care Health Insurance Agency Inc. | President, JFM Professional Services Inc. | Founder & President, Four Rising Star Assets Limited | Vice President, Friends Investors Corporation | Secretary, HN Assets Limited | President, Bhola District Association of USA

সৌজন্যে : নিউইয়র্ক আমেরিকান বাংলাদেশীই লায়ন্স ক্লাব


First Time in NY
COMMUNITY CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


UB Group
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized IRS e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Video & Photo
PRODUCTION SERVICES

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও —সবকিছু এক ছাতার নিচে!

Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



# Hasna Travel
# হাসনা ট্রাভেল

All International & Domestic
Fly Any Airlines, Anywhere, Anytime

- গত দীর্ঘ ২৭ বছরের অভিজ্ঞতায় বিশ্বস্ততা ও স্বচ্ছতার সাথে আমরা ভ্রমণের শুরু থেকে শেষ পর্যন্ত।
- ভ্রমনকারীদের সাথে প্রতিটি পদক্ষেপে সুপরামর্শ দান করে যথাসাধ্য সুলভ মূল্যে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক প্লেনের টিকেটের ব্যবস্থা করে থাকি।
- আমরা অপেক্ষাকৃত কমমূল্যে উমরাহ ভিসাও করে থাকি।

Turkish Airlines | QATAR AIRWAYS | Saudia

যোগাযোগ :
(646) 496-6879
(10 am to 11pm / 7days a week)
Email address is : hena3212@gmail.com



WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য



- ব্যক্তিগত পরামর্শ
- ফ্রি এপ্রোভাল
- ইন্টারেষ্ট রেট কম
- ফাষ্ট ক্লোজিং
- ইনভেষ্টমেন্ট
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain



## সাউথ জ্যামাইকায় জমজমাট পথমেলা অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

পাশাপাশি চলে বিশিষ্টজনদের শুভেচ্ছা বক্তব্য। আর এর মধ্যদিয়ে নয়া বনভিলেজটি ভিন্ন এক আবহে উদ্বেলিত হয়। মেলায় অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ সোসাইটির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান ও গোল্ডেন এজ হোমকেয়ারের প্রেসিডেন্ট











শাহনেওয়াজ এবং রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম, কমিউনিটি লিডার মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, আহসান হাবিব প্রমুখ।
গানে গানে উপস্থিত সকলকে মাতিয়ে রাখেন কিংবদন্তি মরমী শিল্পী আবদুল আলীমের মেয়ে জোহরা আলীম, প্রবাসের জনপ্রিয় শিল্পী শিমুল খান, শাহ মাহবুব, রোকসানা মির্জা প্রমুখ।
মেলার আকর্ষণীয় পর্ব ছিল র‍্যাফেল ড্র। সকলে হুমড়ি খেয়ে টিকিট কিনেছিলেন। বিজয়ীরা তৃপ্তির হাসি হাসতে হাসতে আবারো সকলের সমারোহে পরিপূর্ণ এই পার্কে নতুন কোন কর্মসূচির প্রত্যাশা নিয়ে সকলে ঘরে ফিরেছেন।মেলার সদস্য সচিব ছিলেন জাকিরুল আমিন তপাদার। মেলায় ডায়মন্ড স্পন্সর ছিল নিউইয়র্ক সিনিয়র অ্যাডাল্ট ডে কেয়ার এবং গোল্ড স্পন্সর ছিল এম্পায়ার কেয়ার এজেন্সি।

## ভাষা সৈনিক আহমদ রফিক আর নেই

৬৪ পৃষ্ঠার পর

হাসপাতালে তিনি মারা যান। সেখানে তিনি লাইফ সাপোর্টে ছিলেন। তাঁর বয়স হয়েছিল ৯৬ বছর।
আহমদ রফিকের স্বাস্থ্যের নিয়মিত খোঁজখবর রাখছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ইসমাইল সাদী। তিনি চিকিৎসকের বরাত দিয়ে আহমদ রফিকের মৃত্যুর খবর জানিয়েছেন। ইসমাইল সাদী বলেন, 'আহমদ রফিক রাত ১০টা ১২ মিনিটে আমাদের ছেড়ে চলে গেছেন।'
ভাষা আন্দোলন ও রবীন্দ্রনাথ ঠাকুর বিষয়ে গবেষণা করেছেন আহমদ রফিক। তাঁর কবিতা, প্রবন্ধ, ভাষা আন্দোলনের ইতিহাস, গবেষণা মিলিয়ে লিখিত ও সম্পাদিত গ্রন্থের সংখ্যা শতাধিক। রবীন্দ্রবিশেষজ্ঞ হিসেবে তিনি দুই বাংলায় অগ্রগণ্য। একুশে পদক, বাংলা একাডেমি পুরস্কারসহ বহু পুরস্কার ও পদক পেয়েছেন আহমদ রফিক।
আহমদ রফিকের জন্ম ১৯২৯ সালের ১২ সেপ্টেম্বর ব্রাহ্মণবাড়িয়ায়। তিনি রাজধানীর নিউ ইস্কাটনে একটি ভাড়া বাসায় থাকতেন। আহমদ রফিকের স্ত্রী মারা গেছেন ২০০৬ সালে। তিনি নিঃসন্তান।



## সার্বজনীন পূজা পরিষদ'র দূর্গা পূজা সম্পন্ন

৬৪ পৃষ্ঠার পর

অর্চনা ছিল চোখে পড়ার মতো। ৫ দিন ব্যাপী পূজা উপলক্ষে ছিল মহা আয়োজন। উৎপল চৌধুরী ও তপু মন্ডল এর সঞ্চালনায় দূর্গা মায়ের বন্দনা সহ চলে লাইভ মিউজিক ভিন্ন শিল্পীদের পরিবেশনায় নৃত্যানুষ্ঠান। বিশেষ আকর্ষণ ছিল




কলকাতা থেকে আগত সারেগামাপার শিল্পী শ্রেয়সী ভট্টাচার্য ও বিপ্লব চক্রবর্তীর গান। এছাড়াও স্থানীয় শিল্পীদের মধ্যে সংগীত পরিবেশন করেন শাহ মাহবুব, কৃষ্ণা তিথি, প্রণব কর্মকার, তন্ময় চক্রবর্তী, দেবাশীষ কর্মকার, মিতা কর্মকার, উদীপ্ত চৌধুরী, বিনা সরকার নির্জন, ঝুলি খাস্তগীর প্রমুখ। বিশেষ আকর্ষণের মধ্যে ছিল ধামাইল নৃত্য ও ভাতিয়া।
১লা অক্টোবর বুধবার প্রতিমা বিসর্জন এর মধ্য দিয়ে এবারের শারদীয় দূর্গা পূজার পরিসমাপ্তি ঘটে। এ দিন অসংখ্য ভক্ত অনুরাগী অশ্রু সিক্ত নয়নে মা দূর্গাকে বিদায় জানান।



## নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের নির্বাচন ৮ নভেম্বর

৬৪ পৃষ্ঠার পর

সম্পাদক আলমগীর হোসেন সরকার, কোষাধ্যক্ষ রশীদ আহমেদ, সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু, দপ্তর সম্পাদক মাহাথির ফারুকী, কার্যকরী সদস্য রওশন হক, আবিদুর রহিম, মোস্তাফিজুর রহমান। অনলাইনে অংশগ্রহণ করেন এনএম জাহিদুর রহমান।
কার্যকরী কমিটির সভায় বার্ষিক সাধারণ সভার সময় নির্ধারণ ছাড়াও নির্বাচন কমিশন গঠন, আজীবন ও সাধারণ সদস্য বৃদ্ধি, সদস্যদের মৃত্যু অনুদান, কার্যকরী কমিটির কর্মকর্তা সংখ্যা বৃদ্ধি ও ক্লাবের আগের গঠনতন্ত্রে ফিরে যাওয়া নিয়ে ব্যাপক আলোচনা হয়।
উপস্থিত সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। ক্লাবের অন্যতম উপদেষ্টা মঈনুদ্দীন নাসেরকে প্রধান করে এবং উপদেষ্টা এবিএম সালেহ উদ্দীন ও সদস্য চৌধুরী এম আলী কাজলকে সদস্য করে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। এছাড়াও ১০জন সদস্য এবং ২জন সহযোগী সদস্য হিসেবে অনুমোদন প্রদান করে কার্যকরী কমিটি।
যে সকল সদস্য আগামী ৩০ অক্টোবরের মধ্যে বকেয়া চাঁদা পরিশোধ করবেন তারাই সাধারণ সভা ও নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন বলে সিদ্ধান্ত গ্রহণ করে কার্যকরী কমিটি। সবশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## নিউইয়র্কে ঢাকার সাংবাদিকদের সাথে 'আজকাল'র আড্ডা

৬৪ পৃষ্ঠার পর

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নিউইয়র্ক অবস্থানকালীন সময় সফররত ঢাকা'র সাংবাদিকদের সম্মানে আয়োজিত এক নৈশভোজের আগে প্রবাসের সবচেয়ে বড় ব্যবসায়ী গ্রুপ শাহ নেওয়াজ গ্রুপের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ এসব কথা বলেন।
নিউইয়র্ক থেকে প্রকাশিত "আজকাল" পত্রিকার উদ্যোগে গত মঙ্গলবার রাতে জ্যাকসন হাইটস'র একটি রেস্টুরেন্টে এই নৈশভোজের আয়োজন করা হয়। অনুষ্ঠানে শাহ নেওয়াজ গ্রুপের প্রেসিডেন্ট এ আজকাল সম্পাদক বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ ছাড়াও আরও উপস্থিত ছিলেন আজকাল'র ব্যবস্থাপনা সম্পাদক রানো নেওয়াজ, শাহ গ্রুপের মিডিয়া ডিরেক্টর ফরিদ আলম, জিএম আবু বকর সিদ্দিক, সিটি এডিটর অনিকরাজ, শাহ নেওয়াজ গ্রুপের ফটো সাংবাদিক নিহার সিদ্দিক প্রমুখ।
নৈশভোজ ও আড্ডায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক ড. কনক সরওয়ার ও ইলিয়াস হোসাইন। ঢাকা থেকে আগত সাংবাদিকদের মধ্যে ইংরেজি দৈনিক ডেইলি টাইমসের সম্পাদক ইলিয়াস খান, ডিপ্লোমেটিক করেসপনডেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশের জেনারেল সেক্রেটারি ও আমাদের সময়ের বিশেষ প্রতিনিধি আরিফুজ্জামান মামুন, যমুনা টেলিভিশনের বিশেষ প্রতিনিধি মাহফুজ মিশু, দৈনিক ইনকিলাবের প্রধান প্রতিবেদক ফারুক হোসেন, জনকন্ঠের বিশেষ প্রতিনিধি এম এম জলিল, নিউজ টুয়েন্টিফোর টেলিভিশনের বিশেষ প্রতিনিধি মারুফা, মাই টিভি'র নিউইয়র্ক প্রতিনিধি মল্লিকা খান মুনা, টিবিএন টুয়েন্টিফোর'র আপেল
সাংবাদিক ইলিয়াস খান ও অন্যান্য সাংবাদিকরা আড্ডা ও আলোচনায় দেশ-বিদেশের সাংবাদিকতার নানাদিক নিয়ে কথা বলেন। তারা শাহ নেওয়াজ এবং তার প্রতিষ্ঠানগুলোর আরও সফলতা কামনা করেন। আগামীতে নিউইয়র্ক ভ্রমনকালে তারা আবারও এ ধরনের আড্ডা আয়োজনের প্রত্যাশা করেন।
নৈশভোজ ও আড্ডা শেষে শুভেচ্ছার নিদর্শন স্বরূপ অতিথি সাংবাদিকদের হাতে উপহার তুলে দেন।

# Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

## PCA / HHA SERVICE



WHY CHOOSE US?

We Pay The Highest Rate

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

OUR SERVICES

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping

$23 Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH



NURUL AZIM
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com






# DUO NEST

REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন

কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# বিশ্বকাপে দারুণ সূচনা বাংলাদেশের

## পাকিস্তানকে বড় ব্যবধানে হারালো নারী দল

আজকাল স্পোর্টস

নারী ওয়ানডে বিশ্বকাপে দারুণ সূচনা হলো বাংলাদেশের। কলম্বোতে নিজেদের প্রথম ম্যাচে পাকিস্তানকে বিশাল ব্যবধানে হারিয়েছে নিগার সুলতানা জ্যোতির দল। ম্যাচটি তারা জিতেছে ৭ উইকেট আর ১১৩ বল হাতে রেখে।

বোলাররাই জয়ের ভিত গড়ে দিয়েছিলেন। স্বর্ণা-মারুফাদের তোপে মাত্র ১২৯ রানে অলআউট হয় পাকিস্তান। ফলে বাংলাদেশের সামনে জয়ের লক্ষ্য দাঁড়ায় ১৩০ রানের।



রান তাড়ায় দলীয় ৭ রানের মাথায় ফারজানা হককে (২) হারিয়ে বসে বাংলাদেশ। শারমিন আক্তার ফেরেন ৩০ বলে ১০ রানের ধীর ইনিংস খেলে। এরপর দায়িত্ব কাঁধে তুলে নেন রুবাইয়া হায়দার। নিগার সুলতানাকে নিয়ে ৬২ আর সোবহানা মোস্তারির সঙ্গে ৩৪ রানের অবিচ্ছিন্ন জুটিতে ম্যাচ বের করেই মাঠ ছাড়েন তিনি। নিগার করেন ২৩ রান। ১৯ বলে ২৪ রানে অপরাজিত থাকেন সোবহানা। হাফসেঞ্চুরিয়ান রুবাইয়া ৭৭ বলে ৮ বাউন্ডারিতে ৫৪ রানে অপরাজিত থাকেন।

এর আগে টস জিতে প্রথমে ব্যাটিং বেছে নিয়েছিল পাকিস্তান। প্রথম ওভারেই জোড়া ধাক্কা দেন বাংলাদেশি পেসার মারুফা আক্তার। ওভারের পঞ্চম আর ষষ্ঠ বলে উমাইমা সোহেল ও সিদরা আমিনকে গোল্ডেন ডাকে (১ বলে ০) সাজঘরে ফেরান তিনি। দুজনই হয়েছেন বোল্ড।

২ রানে ২ উইকেট হারিয়ে শুরুতেই চাপে পড়ে পাকিস্তান। এরপর রামিনা শামিম ও মুনিবা আলি প্রাথমিক বিপর্যয় কাটিয়ে ওঠেন। অবশেষে ১২তম ওভারে এসে মুনিবাকে পয়েন্টে ক্যাচ বানিয়ে জুটি ভাঙেন নাহিদা আক্তার। ৩৫ বলে ১৭ করেন মুনিবা।

নিজের পরের ওভারে নিজেই ক্যাচ নিয়ে রামিন শামিমকে ফেরান বাঁহাতি স্পিনার নাহিদা। ৩৯ বলে ২৩ রান নিয়ে এরপর ৩৬ পৃষ্ঠায়



## এমসিসির নতুন সভাপতি স্মিথ

আজকাল স্পোর্টস

আগামী এক বছরের জন্য মেরিলিবোন ক্রিকেট ক্লাবের (এমসিসি) সভাপতি নির্বাচিত হয়েছেন এড স্মিথ। গত মে মাসে এমসিসির বার্ষিক সাধারণ সভায় লর্ড কিং অফ লথ বারির উত্তরসূরি হিসেবে তার নাম ঘোষণা করা হয়েছিল। এদিকে চেয়ার অব ক্রিকেট পদে নিয়োগ পেয়েছেন ইংল্যান্ডের সাবেক অধিনায়ক ইয়ন মরগান।

কেন্ট, মিডলসেক্স এবং ইংল্যান্ডের হয়ে ১৩ মৌসুম ক্রিকেট খেলেছেন স্মিথ। এই সময় প্রায় ১৩ হাজার রান করেছেন তিনি, যার মধ্যে রয়েছে ৩৪টি সেঞ্চুরি। এছাড়া স্মিথ কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের হয়েও খেলেছেন। ২০০৮ সালে অবসর এরপর ৩৬ পৃষ্ঠায়



## লিওনেল মেসিই জানালেন ভারতে যাচ্ছেন

আজকাল স্পোর্টস

আর্জেন্টাইন মহাতারকা লিওনেল মেসি চলতি বছরের ডিসেম্বরে ভারতে আসছেন-কদিন আগেই এমন আভাস দিয়েছিল দেশটির গণমাধ্যম। এবার খোদ মেসি এমন গুঞ্জনে সিলমোহর দিলেন। নিজেই জানালেন দীর্ঘ ১৪ পর আবারও ভারত সফরে আসছেন।

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে মেসি লিখেছেন, আমি সত্যিই আনন্দিত যে আগামী ডিসেম্বরে ভারতের মতো সুন্দর একটি দেশে যেতে পারব।

কনসার্ট, যুব ফুটবল ক্লিনিক, একটি প্যাডেল কাপ এবং দাতব্য উদ্যোগের উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নিতে পারা আমার জন্য আনন্দের হবে। এসব আয়োজন অনুষ্ঠিত হবে কলকাতা, মুম্বাই, দিল্লি এবং সম্ভবত আরও একটি শহরের ঐতিহাসিক স্টেডিয়ামে। এসব ইভেন্টের টিকিট শুধুমাত্র ডিস্ট্রিক্ট বাই জোমাটো অ্যাপে পাওয়া যাবে। ভারতের বড় তারকা ও শীর্ষ ব্যক্তিত্বদের সঙ্গেও দেখা হবে।

এর আগে গত পহেলা আগস্টে ভারতীয় সংবাদমাধ্যমের খবরে বলা হয়, তিন দিনের সফরে ভারতে আসছেন আর্জেন্টাইন ফুটবল মহাতারকা লিওনেল মেসি। আগামী ১৩ থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত তিনটি শহরে সফর করবেন তিনি। এই সফরেরই অংশ হিসেবে ১৪ ডিসেম্বর মুম্বাইয়ের ঐতিহাসিক ওয়াংখেড়ে স্টেডিয়ামে অংশ নিতে পারেন এক বিশেষ ক্রিকেট ম্যাচে, যেখানে তার প্রতিপক্ষ হতে পারেন বিরাট এরপর ৩৬ পৃষ্ঠায়



## নেইমার-অ্যালিসনদের ছাড়াই ব্রাজিলের স্কোয়াড ঘোষণা

আজকাল স্পোর্টস

দক্ষিণ আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইপর্ব শেষ। ফলে দেশগুলো এখন ২০২৬ বিশ্বকাপের প্রস্তুতি হিসেবে প্রীতি ম্যাচ খেলার পরিকল্পনা করছে। আগস্টের শেষদিকেই অক্টোবর উইন্ডোতে দুটি প্রীতি ম্যাচের প্রতিপক্ষ (দক্ষিণ কোরিয়া ও জাপান) ও সময় ঘোষণা করেছিল ব্রাজিল। সে উপলক্ষ্যে এবার পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা স্কোয়াড ঘোষণা করেছে। যেখানে ভিনিসিয়ুস-রদ্রিগোরা ফিরলেও এবারও জায়গা পাননি নেইমার জুনিয়র।

ব্রাজিলের পরবর্তী বিশ্বকাপে নেইমারের উপস্থিতিতে ভালো পারফরম্যান্স করা নিয়ে সাবেক ফুটবলাররা এখনও আশার বীজ বুনছেন। তবে বাস্তবতা তার ঠিক বিপরীত। ২০২৩ সালের অক্টোবরে জাতীয় দল থেকে ইনজুরির কারণে ছিটকে পড়ার পর তিনি আর ফিরতে পারেননি। মাঝে ক্লাব বদল করে মাঠে নামা হলেও, জাতীয় দলের স্কোয়াড ঘোষণার সময়ই তাকে আটকে ধরে চোট। এবারও বাঁ পায়ের ঊরুতে ইনজুরি থাকায় তাকে দলে রাখেননি সেলেসাও কোচ কার্লো আনচেলত্তি।

গত বুধবার রিও ডি জেনেইরোতে আনচেলত্তি ব্রাজিলের ২৬ সদস্যের স্কোয়াড ঘোষণা করেছেন। যেখানে সর্বশেষ বিশ্বকাপ বাছাইয়ের দুটি ম্যাচের দলে না থাকা ভিনিসিয়ুস জুনিয়র এবং রদ্রিগো গোয়েসকে ডেকেছেন রিয়াল মাদ্রিদের সাবেক কোচ। এখন পর্যন্ত তিনি তিনবার ব্রাজিলের স্কোয়াড ঘোষণা করলেন। এবারই প্রথম নিজের সাবেক ক্লাব এরপর ৩৬ পৃষ্ঠায়

## বিশ্বকাপ ভেন্যু বদলের হুমকি ট্রাম্পের, কঠোর জবাব দিলো ফিফা

আজকাল স্পোর্টস



২০২৬ ফুটবল বিশ্বকাপ শুরু হতে আর এক বছরেরও কম সময় বাকি। এর মধ্যে নতুন বিতর্কে জড়ালেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কোনো ভেন্যু নিরাপদ মনে না হলে সেখান থেকে বিশ্বকাপের ম্যাচ সরিয়ে দেওয়ার হুমকি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট। তবে এ নিয়ে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা কড়া প্রতিক্রিয়া জানিয়েছে। গত শুক্রবার হোয়াইট হাউসের ওভাল অফিস থেকে ট্রাম্প বলছিলেন, "আমরা যদি মনে করি কোনো শহর সামান্যতমও ঝুঁকিপূর্ণ, তাহলে সেখানে খেলা হতে দেব না। এতগুলো ভেন্যু আছে, প্রয়োজনে আমরা ম্যাচ সরিয়ে দেব। তবে আশা করি, সেটা করতে হবে না।" ট্রাম্পের বক্তব্যে চটেছেন ফিফার সহ-সভাপতি ভিক্টর মন্টাগিয়ানি। তার সোজাসাপ্টা জবাব, "প্রতিবার যদি কোনো রাজনীতিক সেটা প্রেসিডেন্ট হোক, সিনেটর হোক কিংবা কংগ্রেসম্যানকিছু বলার পর আমাকে ব্যবস্থা নিতে হতো, তাহলে আমি নিজের কাজই করতে পারতাম না। বাস্তবতা হলো, আমরা ১৬টি ভেন্যুতেই মনোযোগী। এটা ফিফার টুর্নামেন্ট, সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ারও ফিফার। বিশ্বনেতাদের প্রতি যথাযথ সম্মান রেখেই বলছি, ফুটবল তাদের ঊর্ধ্বে।"

শুধু প্রেসিডেন্ট নন, যুক্তরাষ্ট্রে রিপাবলিকান পার্টির প্রধান মুখও ট্রাম্প। ডেমোক্র্যাটদের সঙ্গে তার বৈরিতা কারও অজানা নয়। সে কারণেই বিরোধীদের ঘাঁটি হিসেবে পরিচিত সিয়াটল ও সান ফ্রান্সিসকোর মতো শহরগুলোকে টার্গেট করেছেন। ট্রাম্পের ভাষায়, "এসব শহর চালাচ্ছে উগ্র বামপন্থীরা, যারা জানেই না তারা কী করছে।" এমনকি ২০২৮ লস অ্যাঞ্জেলেস অলিম্পিক নিয়েও একই পদক্ষেপ নেওয়ার ইঙ্গিত দিয়েছেন তিনি। আগামী ৫ ডিসেম্বর বিশ্বকাপের গ্রুপ পর্বের ড্র অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসির জন এফ. কেনেডি সেন্টার ফর দ্য পারফর্মিং আর্টসে। স্থানীয় সময় দুপুর ২টায় শুরু হবে এ অনুষ্ঠান। এর মধ্য দিয়ে বিশ্বকাপের আনুষ্ঠানিকতাও একপ্রকার শুরু হয়ে যাবে।



## ঘরের মাঠে এগিয়ে গিয়েও হারল বার্সা

আজকাল স্পোর্টস

জয় দিয়েই চ্যাম্পিয়নস লিগ যাত্রা শুরু করেছিল বার্সেলোনা। তবে ঘরের মাঠে ফিরে ধাক্কা খেল দলটি। এগিয়ে গিয়েও জিততে পারেনি হান্সি ফ্লিকের দল। প্রথমার্ধেই সমতা ফেরানোর পর শেষ সময়ের গোলে বার্সাকে তাদেরই মাঠে হারিয়েছে প্যারিস সেইন্ট জার্মেইন (পিএসজি)। চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে বুধবার (১ অক্টোবর) রাতে ২-১ ব্যবধানে হেরেছে বার্সেলোনা।

চোটের জন্য দুই দলই এই ম্যাচে গুরুত্বপূর্ণ কয়েকজন খেলোয়াড়কে পায়নি। এরপর ৩৬ পৃষ্ঠায়

## Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rottoserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:
CELL: +1 (347) 294-9697



## রুম ভাড়া

জ্যাকসন হাইটস এ প্রাণ কেন্দ্রে বড় একটি রুম দুইটি মহিলার কাছে ভাড়া হবে, বড় ড্রইং, ডাইনিং সহ, কিচেন শেয়ার

যোগাযোগ:+1 (347) 832-6930



## BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

**Pass Real Estate Exam**
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

**Real Estate Productivity Coaching**



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com



kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




- Residential
- Foreclosures
- Short Sale
- Bank Owned/ REO Properties
- Commercial
- Auctions
- Hud
- Investment
- Co-Op & Condo
- Rentals

- List Your Property Faster with TOP $$$
- Free Market Analysis
- Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370

realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245



## ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।



যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১


